সেরা অ্যালবাম : হোয়েন উই অল ফল অ্যান্ড্রিপ, হোয়ার ডু উই গো?। সেরা রেকর্ড ও সেরা গান : বিলি আইলিস ও ব্যাড গাই। সেরা নবাগত শিল্পী : বিলি আইলিস (যুক্তরাষ্ট্র)। সেরা পপ (একক) গান : লিজো: ট্রুথ হার্টস। সেরা পপ (দ্বৈত/দলীয়) গান : লিল নাস এক্স ও বিলি রে সাইরাস; ওন্ড টাউন রোড। সেরা পপ অ্যালবাম : হোয়েন উই অল ফল অ্যান্ড্রিপ, হোয়ার ডু উই গো?; বিলি আইলিস। সেরা রক অ্যালবাম : সোশ্যাল কিউজ; কেজ দ্য এলিফ্যান্ট। সেরা র‍্যাপ সং : এ লট; ২১ স্যাভেজ। সেরা র‍্যাপ অ্যালবাম : ইগোর; টাইলার, দ্য ক্রিয়েটর। সেরা কান্ট্রি অ্যালবাম : হোয়াইল আই এম লিভ ইন; তানিয়া টাকের। প্রডিউসার অব দ্য ইয়ার : র‍্যান্টন আলসুপ। সেরা মিউজিক ভিডিও : লিল নাস এক্স ও বিলি রে সাইরাস; ওন্ড টাউন রোড।

৬৫তম ফিল্মফেয়ার অ্যাওয়ার্ডস

ভারতের চলচ্চিত্র দুনিয়ায় সবচেয়ে বিখ্যাত এবং জনপ্রিয় অ্যাওয়ার্ডস অনুষ্ঠানের নাম 'ফিল্মফেয়ার'। সিনেমায় শুধু অভিনয়ের জন্যই নয়, এখানে সম্মাননা জানানো হয় সেসকল মেধাবী শিল্পীদের, যারা সিনেমার প্রতিটি ক্ষেত্রে অবদান রেখেছেন। সেই ১৯৫৪ সাল থেকে যাত্রা শুরু করেছে ফিল্মফেয়ার। ১৫ ফেব্রুয়ারি ২০২০ আসামের গোহাটিতে অনুষ্ঠিত হয় ফিল্মফেয়ার অ্যাওয়ার্ডসের ৬৫তম আসর।

বিজয়ীদের তালিকা

সেরা চলচ্চিত্র : গালি বয়। সেরা পরিচালক : জোয়া আখতার। সেরা অভিনেতা : রণবীর সিং (গালি বয়)। সেরা অভিনেত্রী : আলিয়া ভাট (গালি বয়)। সেরা স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র : দেশি। সেরা চলচ্চিত্র (সমালোচক) আর্টিক্যাল ১৫ এবং সোনচিড়িয়া। সেরা অভিনেতা (সমালোচক) : আব্দুখান খুরানা (আর্টিক্যাল ১৫)। সেরা অভিনেত্রী (সমালোচক) : ভূমি পেডুনেকর এবং তাপসী পানু (সাত কি আঁখ)। সেরা পার্শ্বঅভিনেতা : সিদ্ধান্ত চতুর্বেদী (গালি বয়)। সেরা পার্শ্বঅভিনেত্রী : অমৃতা সুভাষ (গালি বয়)। সেরা নবাগত অভিনেতা : অতিমন্না দসনী (মর্দ কো দার্দ নাহি হোতা)। সেরা নবাগত অভিনেত্রী : অনন্যা পাণ্ডে (স্টুডেন্ট অব দ্য ইয়ার ২)। সেরা নবাগত পরিচালক : আদিত্য ধর (উরি : দ্য সার্জিক্যাল স্ট্রাইক)। সেরা প্রযোজক : অরুজিং সিং (কলঙ্ক)। সেরা প্রযোজক গায়িকা : শিল্পা রায় (ওয়ার)। সেরা লিরিক্স : ডিভাইন ও অঙ্কুর তিওয়ারি; আপনা টাইম আ গায়া; (গালি বয়)। সেরা মৌলিক গল্প : অনুভব সিনহা ও গৌরব সোলাঙ্কি (আর্টিক্যাল ১৫)। সেরা সংলাপ : বিজয় মৌর্য (গালি বয়)। সেরা মিউজিক অ্যালবাম : গালি বয় এবং কবীর সিং। সেরা ব্যাকগ্রাউন্ড স্কোর : কার্শ কালে এবং স্যালভেজ অডিও কালেক্টিভ (গালি বয়)। সেরা অ্যাকশন গল্প জেনিৎস, ওহ-সি ইয়ং, পারভেজ শেখ ও ফ্রাঙ্ক ব্রিনহস (ওয়ার)। সেরা কোরিওগ্রাফার : রেমো ডি সুজা (কলঙ্ক)। সেরা সিনেমাটোগ্রাফি : জয় ওজা (গালি বয়)। সেরা এডিটিং : শিবকুমার উরি : দ্য সার্জিক্যাল স্ট্রাইক)।

ইন্ডিয়ান আইডল ১১

২৩ ফেব্রুয়ারি ২০২০ জনপ্রিয় রিয়েলিটি শো ইন্ডিয়ান আইডলের ১১তম আসরের গ্র্যান্ড ফিনালে অনুষ্ঠিত হয়। এতে বিজয়ী হন পাঞ্জাবের প্রতিযোগী সানি হিন্দুস্তানি। পুরস্কার হিসেবে ট্রফির পাশাপাশি তিনি ২৫ লাখ রুপি প্রাইজমনি লাভ করেন। এছাড়া একটি গাড়ি ও টি সিরিজের ব্যানারে প্রে ব্যাক করারও সুযোগ পান।



পাঞ্জাবের হৃদয়প্রিয় পরিবার থেকে উঠে আসা সানির জীবনযাত্রা সহজ ছিল না। ছোট বয়সেই বাবােকে হারান তিনি। সংসার চালাতে মা নামেন রাতায়। বেশন বিক্রি করতেন তিনি। বেশ অল্প বয়সেই সংসারের দায়িত্ব নেন সানি। জুতা পলিশ করে মাকে সমর্থন দিতে থাকেন। তার এ কাজে সঙ্গী হয়ে থাকত গান।

বাফটা ফিল্ম অ্যাওয়ার্ড ২০২০



২ ফেব্রুয়ারি ২০২০ অনুষ্ঠিত হয় ৭৩তম

British Academy of Film and Television Award (BAFTA)। এবারের আয়োজনে সবচেয়ে বেশি বাফটা ডিএও নিল স্যাম ম্যাডেন্স পরিচালিত *৬৮১* ১৯১৭। এ একই ছবি সাড়া ফেলেছিল 'গোস্তেন গ্রোব' আসরেও।

একনজরে সেরা বিজয়ীরা

- ব্রিটিশ চলচ্চিত্র : ১৯১৭
- অভিনেতা : জোয়াকিন ফিনিব্র; চলচ্চিত্র- জোকার
- অভিনেত্রী : রেনে জেলওয়েগার; চলচ্চিত্র- জুডি
- পাশ্চাত্যের অভিনেতা : ব্র্যাড পিট; চলচ্চিত্র- ওয়াশ আপন অ্যা টাইম ইন হলিউড
- পাশ্চাত্যের অভিনেত্রী : লরা ডার্ন; চলচ্চিত্র- ম্যারিজ স্টোরি
- পরিচালক : স্যাম ম্যাডেন্স; চলচ্চিত্র- ১৯১৭
- রাইজিং স্টার অ্যাওয়ার্ড : মাইকেল ওয়ার্ড
- ভিনদেশি চলচ্চিত্র : প্যারাসাইট; চলচ্চিত্র- দক্ষিণ কোরিয়া
- অ্যানিমেটেড চলচ্চিত্র : ক্লাউড সার্জিও পাবলো
- ব্রিটিশ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র : লানিং টু স্কেট বোর্ড ইন অ্যা ওয়ারজোন
- ব্রিটিশ স্বল্পদৈর্ঘ্য অ্যানিমেশন : গ্রান্ডেড ওয়াজ অ্যা রোমান্টিক



১০ ফেব্রুয়ারি ২০২০ যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে ডলবি থিয়েটারে চলচ্চিত্রের সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার অ্যাকাডেমি অ্যাওয়ার্ডস তথা অস্কারের ৯২তম আসর অনুষ্ঠিত হয়। মার্কিন চলচ্চিত্র দুনিয়ার সবচেয়ে সম্মানজনক এ পুরস্কারের আয়োজন করে একাডেমি অব মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেস। জাঁকজমকপূর্ণ এ আসরে প্রতিবারের মতো ২৪টি বিভাগে পুরস্কার দেয়া হয়।

বিজয়ী তালিকা

চলচ্চিত্র : প্যারাসাইট। **পরিচালক** : বং জুন হো; **চলচ্চিত্র-প্যারাসাইট**। **অভিনেতা** : জোয়াকিন ফিনিব্র; **চলচ্চিত্র-জোকার**। **অভিনেত্রী** : রেনে জেলওয়েগার; **চলচ্চিত্র-জুডি**। **সহ-অভিনেতা** : ব্র্যাড পিট; **চলচ্চিত্র-ওয়াশ আপন অ্যা টাইম ইন হলিউড**। **সহ-অভিনেত্রী** : লরা ডার্ন; **চলচ্চিত্র- ম্যারিজ স্টোরি**। **চিত্রনাট্য (মৌলিক)** : বং জুন-হো; **চলচ্চিত্র- প্যারাসাইট**। **চিত্রনাট্য (অ্যাডাপ্টেড)** : টাইকা ওয়াইটিটি; **চলচ্চিত্র- জোজো র‍্যাবিট**। **আন্তর্জাতিক চলচ্চিত্র*** : প্যারাসাইট; **দক্ষিণ কোরিয়া**। **অ্যানিমেটেড চলচ্চিত্র** : টয় স্টোরি ফোর। **প্রামাণ্যচিত্র** : আমেরিকান ফ্যাক্টরি। **স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র** : দ্য নেইবারস উইডো*। **স্বল্পদৈর্ঘ্য প্রামাণ্যচিত্র** : ক্যারল ডিসিঙ্গার, এলেনা আড্রেইশেতা; **চলচ্চিত্র- লানিং টু স্কেটবোর্ড ইন অ্যা ওয়ারজোন-ইফ ইউ আর অ্যা গার্ল**। **স্বল্পদৈর্ঘ্য অ্যানিমেটেড ছবি** : ম্যাথু অ্যা চেরি ও কারেন রুপার্ট টলিভার; **চলচ্চিত্র- হেয়ার লাভ**। **মৌলিক গান** : লাভ মি অ্যাগেইন; **গায়ক** : স্যার এলটন জন; **চলচ্চিত্র- রকেটম্যান**। **সম্পাদনা** : ডোনাল্ড সিলভেস্টার; **চলচ্চিত্র- ফোর্ড ভার্সেস ফেরারি**। **শিল্প নির্দেশনা** : বারবার লিং, ন্যালি হেইফ; **চলচ্চিত্র- ওয়াশ আপন অ্যা টাইম ইন হলিউড**। **শব্দমিশ্রণ** : মার্ক টেলর ও স্টুয়ার্ট উইলসন; **চলচ্চিত্র- ১৯১৭**। **পোশাক নকশা** : জ্যাকলিন ডুরান; **চলচ্চিত্র- লিটল উইমেন**। **শব্দ সম্পাদনা** : মাইকেল ম্যাককাসকার ও আড্রি বাকল্যান্ড; **চলচ্চিত্র- ফোর্ড ভার্সেস ফেরারি**। **রূপ ও কেশসজ্জা** : কাজু হিরো, অ্যান মর্গান, ভিভিয়ান বেকার; **চলচ্চিত্র- বয়শেল**। **ভিজুয়াল ইফেক্ট** : থ্রেগ বাটলার, গিওল রোশো ও ডমিনিক টুয়ি; **চলচ্চিত্র- ১৯১৭**। **চিত্রগ্রহণ** : রজার ডিকিন্স; **চলচ্চিত্র- ১৯১৭**। **আবহসংগীত** : হিলদুর গুন্দনাদতিব; **চলচ্চিত্র- জোকার**।
- রেনে জেলওয়েগার ইতিহাসের ত্রয়োদশতম অভিনেত্রী হিসেবে জয়লাভ করেন অস্কার, গোল্ডেন গ্লোব, বাফটা ও সেরা পুরস্কার।
- সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা ও তার স্ত্রী মিশেল ওবামার প্রোডাকশন হাউস 'হায়ার গ্রাউন্ড প্রডাকশন' প্রযোজিত প্রথম চলচ্চিত্র 'আমেরিকান ফ্যাক্টরি' সেরা প্রামাণ্যচিত্রের জন্য জিতে নেয় অস্কার। মূলত একমুগু আগে মন্দার সময় ওহাইও'র গাড়ি নির্মাণশ্রমিকদের জীবনের গল্প থেকেই বানানো হয় এ তথ্যচিত্রটি। পরিচালনা করেন জুলিয়া রিকহাট ও স্টিভেন বগনার।

*পূর্ব নাম ছিল সেরা ভিনদেশি ভাষায় নির্মিত চলচ্চিত্র।



অস্কারের ৯২ বছরের ইতিহাসে প্রথমবারের মতো কোনো ভিনদেশি ভাষায় নির্মিত চলচ্চিত্র সেরা চলচ্চিত্রের পুরস্কার লাভ করেন।


পদক পুরস্কার

www.boighar.com

স্বাধীনতা পুরস্কার ২০২০

দেশের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা স্বাধীনতা পুরস্কার। জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের জন্য সরকার ২০ ফেব্রুয়ারি ২০২০ 'স্বাধীনতা পুরস্কার ২০২০' প্রদানের জন্য ৯ জন ব্যক্তি এবং ১টি প্রতিষ্ঠানের নাম ঘোষণা করে। ক্ষেত্র অনুযায়ী পুরস্কারপ্রাপ্তরা— স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ: গোলাম দস্তগীর গাজী (বীরশ্রুতীক), কমান্ডার (অব.) আবদুর রউফ (মরণোত্তর), মুহাম্মদ আনোয়ার পাশা (মরণোত্তর) ও আজিজুর রহমান। চিকিৎসাবিদ্যা: অধ্যাপক ডা. মো. উবায়দুল কবীর চৌধুরী ও অধ্যাপক ডা. একেএমএ মুকতারি। সাহিত্য: মুক্তিযোদ্ধা এসএম রইজ উদ্দিন আহমদ। সংস্কৃতি: কালীপদ দাস ও ফেরদৌসী মজুমদার। শিক্ষা: ভারতেশ্বরী হোমস্ (প্রতিষ্ঠান)।

একুশে পদক ২০২০



১৩টি ক্ষেত্রে গৌরবোজ্জ্বল ও প্রশংসনীয় অবদানের স্বীকৃতিস্বরূপ দেশের ২০ জন বিশিষ্ট নাগরিক ও একটি প্রতিষ্ঠানের প্রদান করা হয় ২০২০ সালের একুশে পদক। ক্ষেত্র অনুযায়ী পদকপ্রাপ্তরা— ভাষা আন্দোলন: আমিনুল ইসলাম বাদশা (মরণোত্তর)। শিল্পকলা (সংগীত): ডালিয়া নওশিন, শঙ্কর রায় ও মিটা হক। শিল্পকলা (নৃত্য): মো. গোলাম মোস্তফা খান। শিল্পকলা (অভিনয়): এস এম মহসীন। শিল্পকলা (চারুকলা): অধ্যাপক শিল্পী ড. ফরিদা জামান। মুক্তিযুদ্ধ: হাজী আক্তার সরদার (মরণোত্তর), আব্দুল জব্বার (মরণোত্তর) ও ডা. আ.আ.ম. মেসবাহুল হক (বাস্কু ডাক্তার) (মরণোত্তর)। সাংবাদিকতা: জাফর ওয়াজেদ (আলী ওয়াজেদ জাফর)। গবেষণা: ড. জাহাঙ্গীর আলম, হাফেজ-কুরী আল্লামা সৈয়দ মোহাম্মদ ছাইফুর রহমান নিজামী শাহ এবং বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (প্রতিষ্ঠান)। শিক্ষা: অধ্যাপক ড. বিকিরণ প্রসাদ বড়ুয়া। অর্থনীতি: অধ্যাপক ড. শামসুল আলম। সমাজসেবা: সুফি মোহাম্মদ মিজানুর রহমান। ভাষা ও সাহিত্য: ড. নুরুন নবী, সিকদার আমিনুল হক (মরণোত্তর) ও নাজমুন নেসা পিয়ারি। চিকিৎসা: অধ্যাপক ডা. সায়েবা আখতার।

ল'রিয়েল-ইউনেস্কো পুরস্কার

১১ ফেব্রুয়ারি ২০২০ জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা (UNESCO) ঘোষণা করে মর্যাদাপূর্ণ 'ল'রিয়েল-ইউনেস্কো উইমেন ইন সায়েন্স অ্যাওয়ার্ড' জয়ীদের নাম। বিজ্ঞান গবেষণায় ব্যতিক্রমী অবদান রাখায় বিশ্বের পাঁচটি অঞ্চলের পাঁচজন নারী বিজ্ঞানীকে এ পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়। ১২ মার্চ ২০২০ পারিসে UNESCO'র সদর দপ্তরে আনুষ্ঠানিকভাবে তাদের হাতে এ পুরস্কার তুলে দেয়া হবে। অঞ্চলভিত্তিক পুরস্কারজয়ী বিজ্ঞানীরা হলেন—

- । এশীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল: ড. ফেরদৌসী কাদরী; গবেষক, icddr,b (বাংলাদেশ)।
- উন্নয়নশীল দেশে শিশুদের সংক্রামক রোগ প্রতিরোধে অবদান রাখায়।
- । আফ্রিকা ও আরব অঞ্চল: আবলা মেহিও সিবাই; অধ্যাপক, আমেরিকান ইউনিভার্সিটি (লেবানন)।
- । ইউরোপ: অ্যাডিথ হার্ড; মহাপরিচালক, ইউরোপীয়ান মডিকেলিয়ার বায়োলজি ল্যাবরেটরি (ফ্রান্স)।
- । ল্যাটিন আমেরিকা: এসপারেনজা মার্তিনেজ-রোমেরো; অধ্যাপক, ন্যাশনাল অটোনোমাস ইউনিভার্সিটির জেনোমিক সায়েন্স সেন্টার, (মেক্সিকো)।
- । উত্তর আমেরিকা: ক্রিস্টা আনসেথ; অধ্যাপক, ইউনিভার্সিটি অব কলোরাডো (যুক্তরাষ্ট্র)।

ভারতের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা

৭১তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে ২৫ জানুয়ারি ২০২০ ভারতের বেসামরিক সম্মাননা 'পদ্মবিভূষণ', 'পদ্মভূষণ' ও 'পদ্মশ্রী' জয়ী ১৪১ জনের নাম ঘোষণা করা হয়। এর মধ্যে ৭ জন পদ্মবিভূষণ, ১৬ জন পদ্মভূষণ ও ১১৮ জন পদ্মশ্রী পদক লাভ করেন। সম্মাননাপ্রাপ্তদের মধ্যে ৩৩ জন নারী। ১২ জনকে দেয়া হয় মরণোত্তর পুরস্কার।

দুই বাংলাদেশির সম্মাননা লাভ
২০২০ সালের পদ্ম সম্মাননাপ্রাপ্তদের মধ্যে বাংলাদেশ থেকে সম্মাননা লাভ করেন দুইজন। তাদের মধ্যে সাবেক পররাষ্ট্র সচিব ও ভারতে বাংলাদেশের সাবেক হাইকমিশনার প্রয়াত কূটনীতিক সৈয়দ মোয়াজ্জেম আলী পান ভারতের দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক সম্মাননা 'পদ্মভূষণ' এবং বাংলাদেশে জাদুঘর আন্দোলনের পথিকৃৎ প্রত্নতত্ত্ববিদ ড. এনামুল হক পান ভারতের তৃতীয় সর্বোচ্চ বেসামরিক সম্মাননা 'পদ্মশ্রী'।




সারা দেশে জুয়া নিষিদ্ধ

দেশের ১৩টি অভিজাত ক্লাবে টাকার বিনিময়ে জুয়া খেলা বন্ধের নির্দেশনা চেয়ে সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার সামিউল হক ও অ্যাডভোকেট রোকনউদ্দিন মো. ফারুক ২০১৬ সালে জনস্বার্থে হাইকোর্টে একটি রিট দায়ের করেন। সেই রিটের শুনানি শেষে ৪ ডিসেম্বর ২০১৬ দেশের ১৩টি ক্লাবে টাকার বিনিময়ে জুয়া খেলা কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেন হাইকোর্ট। রুলের চূড়ান্ত শুনানি শেষে ১০ ফেব্রুয়ারি ২০২০ দেশের অভিজাত ১৩টি ক্লাবসহ সারাদেশে টাকার বিনিময়ে জুয়া খেলা বন্ধের নির্দেশ দিয়ে রায় প্রদান করেন হাইকোর্ট। রায়ে বলা হয়, যেসব খেলার ফল দক্ষতার বদলে 'চান্স' বা 'ভাগ্য' দিয়ে নির্ধারিত হয় সেগুলোই জুয়া খেলা। ২০ ফেব্রুয়ারি ২০২০ সারা দেশে জুয়া খেলা নিষিদ্ধ সংক্রান্ত হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশিত হয়।

প্রথম বেসরকারি বিটুমিন কারখানা

২২ ফেব্রুয়ারি ২০২০ উদ্বোধন করা হয় বেসরকারি খাতে দেশের প্রথম বিটুমিন কারখানা 'বসুন্ধরা বিটুমিন গ্র্যান্ট'। ২০২১ সালের মধ্যে এ কারখানার বার্ষিক উৎপাদন ক্ষমতা দাঁড়াবে ৯ লাখ মেট্রিক টনে। টাকার কেরানীগঞ্জের পানগাওয়ে গড়ে ওঠা এ কারখানায় ৬০-৭০ এবং ৮০-১০০ ফ্রেডের বিটুমিন ছাড়াও উন্নতমানের ক্যাটব্যাক, ইমালসিফাইড, অক্সিডাইজড ও পলিমার (এসবিএস, রাবার পাউডার) বিটুমিন উৎপাদনের সক্ষমতা আছে। কারখানা চত্বরে বিটুমিন সংরক্ষণের জন্য ৩৭,০০০ মেট্রিক টন ধারণক্ষমতার স্টোরেজ ট্যাংক স্থাপন করেছে প্রতিষ্ঠানটি।

বিটুমিন জ্বালানি তেলের একটি উপজাত পণ্য। এটি মূলত রাস্তাঘাট নির্মাণে ব্যবহৃত হয়। দেশে সড়ক-মহাসড়ক



নির্মাণ ও সংস্কারে বছরে প্রায় ৫ লাখ টন বিটুমিনের প্রয়োজন। সরকারের উন্নয়ন কর্মকাণ্ড সম্প্রসারিত হওয়ায় প্রতিবছর সেই চাহিদা ১০-১৫% হারে বৃদ্ধি পাচ্ছে। আশির দশক থেকে একমাত্র রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ইস্টার্ন রিফাইনারি লিমিটেড বিটুমিন উৎপাদন করছে। তারপরও বিটুমিনের বার্ষিক চাহিদার ৯০ শতাংশই বিদেশ থেকে আমদানি করতে হয়।

নতুন তফসিলি ব্যাংকের অনুমোদন

৯ ফেব্রুয়ারি ২০২০ তফসিলি ব্যাংক হিসেবে বাংলাদেশ ব্যাংকের ৪০তম পরিচালনা পর্ষদ সভায় চূড়ান্ত অনুমোদন লাভ করে বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক লিমিটেড। এর প্রধান উদ্যোক্তা হলেন বেঙ্গল গ্রুপের ভাইস চেয়ারম্যান মো. জসিম উদ্দিন। লাইসেন্স পাওয়া বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক লিমিটেডসহ বর্তমানে দেশের তফসিলি ব্যাংকের সংখ্যা দাঁড়ালো ৬০টি। এর মধ্যে রাষ্ট্রায়ত্ত্বাধীন বাণিজ্যিক ব্যাংক ৬টি এবং সরকারি বিশেষায়িত ব্যাংকের সংখ্যা ৩টি। আর বাকি ৫১টি বেসরকারি ব্যাংক, যার মধ্যে ৯টি বিদেশি মালিকানাধীন।

ইসলামী ধারায় আরো দুই ব্যাংক

৯ ফেব্রুয়ারি ২০২০ বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদ সভায় দেশের দুটি সাধারণ ধারার ব্যাংককে পূর্ণাঙ্গ ইসলামী ধারায় রূপান্তরের অনুমোদন দেয়া হয়। অনুমোদন পাওয়া ব্যাংক দুটি— স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড এবং এনআরবি গ্লোবাল ব্যাংক লিমিটেড। এর মধ্যে এনআরবি গ্লোবাল ব্যাংকের নামও পরিবর্তন করা হয়। ২০১২ সালে অনুমোদন পাওয়া এ ব্যাংকটির নতুন নাম গ্লোবাল ইসলামী ব্যাংক লিমিটেড। নতুন দুটিসহ বর্তমানে দেশে ইসলামী ধারার ব্যাংকের সংখ্যা ১০টি। অন্য ৮টি পূর্ণাঙ্গ ইসলামী ধারার ব্যাংক— ইসলামী ব্যাংক লিমিটেড (IBBL), আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড (AIBL), শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড (SIBL), এক্সপোর্ট ইম্পোর্ট ব্যাংক অব বাংলাদেশ লিমিটেড (EXIM Bank), সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড (SIBL), ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড (FSIBL), আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড ও ইউনিয়ন ব্যাংক লিমিটেড।

আসছে ২০০ টাকার নোট

বাজারে ২০০ টাকা মূল্যমানের নতুন নোট ছাড়ছে বাংলাদেশ ব্যাংক। বাজারে প্রচলিত ১০, ২০, ৫০, ১০০, ৫০০ ও ১০০০ টাকার মতোই ২০০ টাকার নোট ছাড়া হবে। মার্চ ২০২০ স্মারক ও প্রচলিত— দুই ধরনের ২০০ টাকার নোট ছাড়া হবে। তবে ২০২১ সাল থেকে কেবল নিয়মিত নোট থাকবে। জাতির পিতার জন্মশতবার্ষিকী বা মুজিববর্ষকে স্মরণীয় করে রাখতে এ উদ্যোগ নেয়া হয়। ২০০ টাকার নোটের ওপর 'মুজিববর্ষ উপলক্ষে বিশেষ নোট' কথাটি লেখা থাকবে। তবে ২০২১ সাল থেকে যে নোটগুলো ছাড়া হবে, তাতে আর এ লেখা থাকবে না।

বর্তমানে দেশে ১, ২, ৫, ১০, ২০, ৫০, ১০০, ৫০০, ১০০০ টাকা মূল্যমানের ৯টি নিয়মিত নোট চালু রয়েছে।

দেশের তৃতীয় ফরেনসিক ল্যাব উদ্বোধন

৩ ফেব্রুয়ারি ২০২০ বিভাগীয় শহর রাজশাহীতে উদ্বোধন করা হয় পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (CID) তৃতীয় ফরেনসিক ল্যাবরেটরি। রাজশাহী পুলিশ লাইনের ভেতরে একটি ভবনে এ ল্যাব স্থাপন করা হয়। এখন থেকে CID এ ল্যাবেই রাজশাহী ও রংপুর বিভাগের মামলার আলামত তদন্ত করবে। উত্তরাঞ্চলে এতদিন CID'র কোনো ফরেনসিক ল্যাব ছিল না, তাই আলামত পাঠানো হতো ঢাকায়। এখন থেকে নয় ধরনের পরীক্ষার জন্য আর ঢাকায় যেতে হবে না।



ব্রিটিশ আমলে ঢাকার মহাখালীতে স্বাস্থ্য বিভাগের অধীনে দেশের প্রথম ফরেনসিক ল্যাবরেটরির যাত্রা শুরু হয়। ১৯৬৩ সালে ফরেনসিক ল্যাবরেটরিকে পুলিশের CID'র অধীনে নিয়ে আসা হয়। এরপর ১৬ জুলাই ২০১১ দেশের দ্বিতীয় ফরেনসিক ল্যাবরেটরি হিসেবে কার্যক্রম শুরু করে চট্টগ্রামের দামপাড়া পুলিশ লাইনের পাশের CID ভবনে। চট্টগ্রাম ও সিলেট বিভাগের ১৫টি জেলার থানা, গোয়েন্দা পুলিশ এমনকি CID'র হাতে তদন্তাধীন থাকা মামলার আলামত এ ল্যাবেই পরীক্ষা-নিরীক্ষা করা হয়।

অনলাইনে ভ্রমণ কর

২৫ জানুয়ারি ২০২০ উদ্বোধন করা হয় অনলাইনে ভ্রমণ কর পরিশোধ পদ্ধতি। প্রাথমিকভাবে যশোরের বেনাপোল, চুয়াডাঙ্গার দর্শনা এবং সাতক্ষীরার ভোমরা স্থলবন্দর দিয়ে ভ্রমণকারীরা এ সুবিধা ভোগ করতে পারবেন। পর্যায়ক্রমে এ সুবিধা সকল বন্দরে চালু করা হবে। ভ্রমণকারীরা চাইলে আগাম কর পরিশোধ করে রাখতে পারবেন।

বিদেশে ভ্রমণকারীদের অনলাইনে সেবা পেতে হলে প্রথমে NBR'র ওয়েবসাইটে নির্ধারিত ফরম পূরণ করতে হবে। ফরমে ভ্রমণকারীর নাম (পাসপোর্ট অনুসারে), পাসপোর্ট নম্বর, যে বন্দর দিয়ে ভ্রমণ করতে চান তার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে। এরপর নির্দেশনা অনুসরণ করে ভ্রমণকারীর ভিসা কার্ড, মাষ্টার কার্ড, আমেরিকান এক্সপ্রেস এবং নেল্লস কার্ড ব্যবহার করে কর পরিশোধ করতে পারবেন। এছাড়া মোবাইল ব্যাংকিংয়ের মধ্যে প্রাথমিকভাবে বিকাশ, রকেট ও ইউকাশের মাধ্যমে ভ্রমণ কর পরিশোধ করা যাবে। শিওরক্যাশ ও নগদ ব্যবহারও প্রক্রিয়াধীন রয়েছে।

বর্তমানে আকাশ পথে উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ইউরোপ, আফ্রিকা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ডসহ দূরপ্রাচ্যের কোনো দেশে গমনের ক্ষেত্রে যাত্রীপ্রতি ২,৫০০ টাকা এবং সার্কভুক্ত দেশে ৮০০ টাকা ভ্রমণ কর পরিশোধ করতে হয়। এছাড়া অন্যান্য দেশে ১,৮০০ টাকা ভ্রমণ কর দিতে হয়।

সুন্দরবনে মাছের নতুন প্রজাতির সন্ধান

সুন্দরবনে মাছের তালিকায় যুক্ত হলো আরও পাঁচটি নতুন প্রজাতি। এসব মাছ সচরাচর দেখা যায় না। এর মধ্যে একটি প্রজাতি আগে বিশ্বের অন্য কোথাও দেখা যায়নি। সব মিলিয়ে গবেষকেরা বিশ্বের সবচেয়ে বড় এ ম্যানগ্রোভ বনে ৩২টি প্রজাতির মাছের সন্ধান পান। সুন্দরবনের বাংলাদেশ জলসীমায় মাছের প্রজাতি ও সংরক্ষণ পরিস্থিতি নিয়ে করা দুই বছর ধরে চলা এক গবেষণায় এ তথ্য উঠে এসেছে। বাংলাদেশ বন বিভাগের সহায়তায় এ গবেষণা পরিচালনা করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ বায়োলজি অ্যান্ড জেনেটিকস বিভাগ। ডিএনএ বারকোডিংয়ের মাধ্যমে মাছের প্রজাতি শনাক্তকরণের এ কাজে গবেষণা সহযোগী হিসেবে ছিল কোরিয়ার সমুদ্রবিজ্ঞান ও প্রযুক্তি ইনস্টিটিউট। তাদের গবেষণা প্রতিবেদনটি ২৬ জানুয়ারি ২০২০ আন্তর্জাতিক বিজ্ঞান সাময়িকী *জার্নাল অব থ্রেটেড ট্যাক্সা*-এ ছাপা হয়।

জুন ২০১৫-জুলাই ২০১৭ পর্যন্ত সুন্দরবনের প্রধান নদ-নদী বলেশ্বর, শিবসা, পশুর, শেলা, কালিন্দী, খোলপেটুয়া থেকে গবেষকেরা মাছের নমুনা সংগ্রহ করেন। এছাড়া জোয়ারে প্রাণিত হয় এমন কিছু এলাকা, সুন্দরবন-সংলগ্ন সামুদ্রিক আবাস, খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলার সুন্দরবনের ভেতর বা তার কাছাকাছি বাজার থেকেও মাছের নমুনা সংগ্রহ করা হয়। প্রথমবারের মতো সুন্দরবনে মাছের প্রজাতি শনাক্তকরণে ডিএনএ বারকোডিং পদ্ধতি ব্যবহৃত হয়।

গবেষণা প্রতিবেদনে বলা হয়, এর আগে ১৯৯৪ সালে IUCN'র অধীনে সুন্দরবনের একটি অংশে পরিচালিত জরিপে মাছের ১৭৭টি প্রজাতি পাওয়া গিয়েছিল। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) একটি প্রকল্পের জরিপের পর ২০০১ সালে সুন্দরবনে মাছের প্রজাতির একটি তালিকা হালনাগাদ করা হয়। সেখানে সুন্দরবনে মাছের ১৯৬টি প্রজাতির উল্লেখ রয়েছে। এরপর সুন্দরবনের মাছের জীববৈচিত্র্য নিয়ে বড় ধরনের আর কোনো গবেষণা হয়নি।

নতুন ৫ প্রজাতি



শক্তভুতি হাঙর

বৈজ্ঞানিক নাম : *Mustelus mosis*



রাজা মুরি

বৈজ্ঞানিক নাম

Carangoides hedlandensis



বড় জালি পটকা*

বৈজ্ঞানিক নাম

Chelonodon bengalensis



হীরকপৃষ্ঠ পটকা

বৈজ্ঞানিক নাম

Lagocephalus guentheri



হলুদ তেজি তারা গজার

বৈজ্ঞানিক নাম

Uranoscopus cognatus

* বঙ্গোপসাগরের নামানুসারে মাছটির নাম রাখা হয়। এ প্রজাতি বিশ্বের অন্য কোথাও নেই।



দেবতা গুহা খাগড়াছড়ির নতুন পর্যটন কেন্দ্র

খাগড়াছড়ির দীঘিনালায় বুনো প্রকৃতির মাঝে সন্ধান মিলেছে নতুন আরও একটি গুহার। স্থানীয়দের ভাষায় এটি 'দেবতা গুহা'। অনেকে আবার 'ভুতাছড়া' গুহা বলে থাকে। এ গুহাটি দেখতে গেলো বাড়তি পাওনা হবে নতুন দুটি ঝরনা। এতদিন খাগড়াছড়িতে একমাত্র গুহা ছিল 'আলুটিলা'। কয়েকদিন আগে দীঘিনালায় একই ইউনিয়নে সন্ধান পাওয়া গেছে 'তাবাক খ' গুহার। আর সর্বশেষ সন্ধান মিললো দেবতা গুহার। তবে এ গুহার সৌন্দর্য ও দৈর্ঘ্য অপর দুটি গুহার চেয়ে বেশি। প্রায় ২৫০ ফুট দৈর্ঘ্যের দেবতা গুহার প্রথম ৬০ ফুট ওপরে পাথুরে ছাদ রয়েছে। ছাদের শেষ প্রান্ত থেকে গুহার বাকি ১৬০ ফুট শুধু দুদিকে রয়েছে প্রায় ২৫ ফুট উচ্চতার লম্বা দেওয়াল। অনেকটা পাহাড়ের খাদে এ গুহার অবস্থান হওয়ার কারণে বর্ষায় গুহার ভেতরে পানি প্রবাহমান থাকে। স্থানীয়দের মতে, পাহাড়ি ঢলে গুহাটি তৈরি হয়েছে। খাগড়াছড়ির অন্যতম আলুটিলা গুহার মশাল নিয়ে যেতে হলেও 'দেবতা গুহা' মোবাইল ফোনের আলোই যথেষ্ট। গুহাটি সরু হওয়ায় মুন্সের দিকের আলো গুহার শেষ প্রান্ত থেকে দেখা যায়। ছাদ ও দেওয়াল আঁকড়ে বেয়ে গেছে বুনো লতা। পাহাড়ি ঘেমে গুহার ভেতরের দেওয়ালজুড়ে পানির আবছা আস্তরণ তৈরি হয়েছে। গুহা থেকে বের হওয়ার পর দূর থেকে বাকি অংশ দেখতে অনেকটা বাংকারের মত, যা সত্যিই আপনাকে মুগ্ধ করবে।

যেভাবে যাবেন

খাগড়াছড়ি থেকে দীঘিনালায় এক নম্বর মেরুং ইউনিয়নের চোংড়াছড়ি ১৬ নম্বর সড়কের পশ্চিম দিক থেকে নোয়ারাম কার্বারী পাড়া পর্যন্ত প্রথম তিন কিলোমিটার কিছুটা ইট বিছানো পথ হলেও বাকিটা পথ মাটির রাস্তার। শুষ্ক মৌসুমে কোনোভাবে মোটরসাইকেল নিয়ে যেতে পারলেও বর্ষায় এ পথে যান চলাচল কঠিন। এ তিন কিলোমিটার পথ শেষ করলে পৌঁছে যাবেন নোয়ারাম কার্বারী পাড়ায়। সেখানে 'ভুতাছড়া' নোয়ারাম কার্বারী পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের সোজা রাস্তা দিয়ে গুরু হবে হাঁটা। প্রায় তিন কিলোমিটার, অর্থাৎ দেড় ঘণ্টারও বেশি সময় পাহাড়ি পথ ধরে আপনাকে হাঁটতে হবে। আঁকা-বাঁকা পাহাড়িপথ, স্থানীয়দের সহজ-সরল জীবনযাপন, প্রকৃতির সৌন্দর্য দেখতে দেখতে পৌঁছে যাবেন দেবতা গুহায়। তবে নোয়ারাম কার্বারী পাড়া থেকে একজন অভিজ্ঞ গাইড নিলে সবচেয়ে উত্তম। না হয় বুনো প্রকৃতির ভেতর পথ ভুল করতে পারেন।

প্রাথমিক সহকারী শিক্ষকদের বেতন গ্রেড উন্নীত

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বেতন ১৩তম গ্রেডে উন্নীত করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। বেতন বৈষম্য দূর করতে এসব শিক্ষকদের বেতন গ্রেড উন্নীত করে ৯ ফেব্রুয়ারি ২০২০ একটি আদেশ জারি করা হয়। সহকারী শিক্ষকদের বেতন গ্রেড উন্নীত করা হলেও প্রধান শিক্ষকদের বেতন গ্রেড আগের মতোই রাখা হয়। প্রশিক্ষণপ্রাপ্ত প্রধান শিক্ষকরা ১১তম এবং প্রশিক্ষণবিহীনরা ১২তম গ্রেডে বেতন পাবেন। প্রাথমিকের প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষকরা এতদিন ১৪তম এবং প্রশিক্ষণবিহীনরা ১৫তম গ্রেডে বেতন পেয়ে আসছিলেন। আর এখন থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রশিক্ষণবিহীন উভয় শিক্ষকদের বেতন ১৩তম গ্রেডে হবে। আদেশে বলা হয়, সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা ২০১৯-এর তফসিলি বিধি (২) গা অনুযায়ী, এদের বেতন গ্রেড উন্নীত করা হয়।

এর আগে ৯ মার্চ ২০১৪ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের পদমর্যাদা তৃতীয় থেকে দ্বিতীয় শ্রেণিতে উন্নীত করে সরকার। একই সাথে সহকারী শিক্ষকদের বেতন স্কেল এক ধাপ উন্নীত করা হয়।

মন্ত্রিসভায় দপ্তর পুনর্বিন্যাস

১৩ ফেব্রুয়ারি ২০২০ একজন মন্ত্রী ও দুইজন প্রতিমন্ত্রীর দপ্তর রদবদল করে প্রজ্ঞাপন জারি করে মন্ত্রিপরিষদ বিভাগ। এতে বলা হয়, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্রলস অব বিজনেস অনুযায়ী, মন্ত্রী ও প্রতিমন্ত্রীদের এ দায়িত্ব পুনর্বিন্যাস করেন। দপ্তর বদল হওয়া মন্ত্রী-প্রতিমন্ত্রী হলেন—

নাম	পদবি	পূর্বের মন্ত্রণালয়	বর্তমান মন্ত্রণালয়
শ ম রেজাউল করিম	মন্ত্রী	গৃহায়ণ ও গণপূর্ত	মৎস্য ও প্রাণিসম্পদ
মো. আররাফ আলী খান খসরু	প্রতিমন্ত্রী	মৎস্য ও প্রাণিসম্পদ	সমাজকল্যাণ
শরীফ আহমেদ	প্রতিমন্ত্রী	সমাজকল্যাণ	গৃহায়ণ ও গণপূর্ত

আমৃত্যু রেশন পাবে পুলিশ

পুলিশ সদস্যদের আজীবন রেশন সুবিধা দিয়ে অর্থ বিভাগ ২৯ জানুয়ারি ২০২০ এক অফিস আদেশ জারি করে। ১ জানুয়ারি ২০২০ থেকে এ আদেশ কার্যকর হয়। কৌশল পুলিশ সদস্য ১ জানুয়ারি ২০২০ থেকে অবসরে গিয়েছেন তারাও এ সুবিধা পাবেন। অবসরপ্রাপ্ত পুলিশ পরিবারের সদস্য সংখ্যা দুজন হিসাব করে ভর্তুকি



দামে রেশন দেয়া হবে। প্রতি মাসে তারা ২০ কেজি চাল, ২০ কেজি আটা, ২ কেজি চিনি, সাড়ে ৪ লিটার ভোজা তেল, ২ কেজি ডাল পাবেন। সন্তানদের ক্ষেত্রে এ সুবিধা ২১ বছর পর্যন্ত প্রযোজ্য। অবিবাহিত, প্রতিবন্ধী সন্তান আজীবন এ সুবিধা পাবেন। কোনো ক্ষেত্রেই পরিবারের সদস্য সংখ্যা দুজনের বেশি হবে না। পরিবারের সদস্য সংখ্যা একজন হলে রেশনের পরিমাণ অর্ধেক নেমে আসবে। স্বামী-স্ত্রী উভয়ই পুলিশ সদস্য হলে অথবা ভিন্ন ভিন্ন রেশন সুবিধা-সংবলিত দপ্তর বা সংস্থায় কর্মরত হলে, তাদের যে কোনো একজন যতদিন কর্মরত থেকে পারিবারিক রেশন বা সুবিধা ভোগ করবেন ততদিন পর্যন্ত তাদের কেউ বা পরিবারের অন্য কোনো সদস্য অবসরকালীন রেশন সুবিধা পাবেন না।

ব্রিটিশ পাউন্ডে জগদীশ চন্দ্র বসু | কূটনীতিকের UAE'র সম্মাননা লাভ



২০২০ সালে যুক্তরাজ্যের বাজারে আসা নতুন ৫০ পাউন্ডের ব্যাংক নোটে দেখা যাবে বাংলাদেশি বিজ্ঞানী আচার্য জগদীশ চন্দ্র বসুর মুখের প্রতিচ্ছবি। ডিসেম্বর ২০১৯ এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয় 'ব্যাংক অব ইংল্যান্ড'। এ ব্যাপারে একটি 'ডায়ি নোট' প্রকাশ করা হয়।


সম্প্রতি ভারতে নিযুক্ত বাংলাদেশের নতুন হাইকমিশনার মোহাম্মদ ইমরান সংযুক্ত আরব আমিরাতের (UAE) অন্যতম বেসামরিক নাগরিক সম্মাননা 'মেডেল অব ইনডিপেনডেন্স অব ফার্স্ট অর্ডার' লাভ করেন। সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট শেখ খলিফা বিন জায়েদ আল নাহিয়ানের পক্ষে দেশটির পররাষ্ট্রমন্ত্রী শেখ জায়েদ বিন আবদুল্লাহ আল নাহিয়ান বাংলাদেশের কূটনীতিকের কাছে ২৯ জানুয়ারি ২০২০ এ সম্মাননা তুলে দেন। দুই দেশের বন্ধুত্ব আর সহযোগিতা সম্প্রসারণের স্বীকৃতি হিসেবে মোহাম্মদ ইমরানকে এ সম্মানে ভূষিত করা হয়। প্রসঙ্গত, ভারতের হাইকমিশনারের দায়িত্ব নেয়ার আগে সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত ছিলেন মোহাম্মদ ইমরান।

অলি খানের বিশ্বরেকর্ড

১৭৫ কেজি ওজনের দৈত্যাকৃতি পেঁয়াজ ভেজে তাক লাগিয়ে দেন বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ শেফ অলি খান। গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে নাম লেখাতে ৪ ফেব্রুয়ারি ২০২০ ইট লন্ডন মুসলিম সেন্টারে পৌনে দুশ কেজি ওজনের এ পেঁয়াজ তৈরি করেন তিনি। ৫০০ লিটার তেলে এ পেঁয়াজ ভাজতে সময় লেগেছে সবমিলিয়ে-আট ঘণ্টা। অলিকে এ কাজে সহযোগিতা করেন আট সহকারী। এর আগের রেকর্ডটি ছিল ২০১১ সালের। ঐ সময় কলিনবাট নামের জনৈক ব্যক্তি ১০২.২ কেজি ওজনের একটি পেঁয়াজ ভেজে বিশ্বরেকর্ড গড়েছিলেন।

৩০ জানুয়ারি ২০২০ উদ্বোধন করা হয়

কক্সবাজার-সেন্টমার্টিন নৌ পথে সরাসরি পর্যটকবাহী জাহাজ কর্ণফুলী এক্সপ্রেস। ৩১ জানুয়ারি ২০২০ থেকে বেসরকারি মালিকানাধীন এ জাহাজটি নিয়মিত চলাচল শুরু করে। জেনে নিন জাহাজের বিস্তারিত, কখন ছাড়ে, টিকেটের মূল্য, টিকেটের প্রাপ্তিস্থানসহ সবকিছু।



কক্সবাজার-সেন্টমার্টিন সরাসরি জাহাজ উদ্বোধন

গতিপথ

কক্সবাজার এয়ারপোর্টের পেছনে নুনিয়ার ছড়া BIWTC ঘাট থেকে উত্তর বাঁকখালী নদী হয়ে বঙ্গোপসাগরে প্রবেশ করে জাহাজটি। এরপর মেরিন ড্রাইভের সাথে সমান্তরাল সমুদ্রপৃষ্ঠ ধরে সেন্টমার্টিন পৌঁছায়। ফলে সমুদ্র ভ্রমণের পাশাপাশি দেখা মিলে সারি সারি পাহাড়ের। অন্যদিকে সেন্টমার্টিন থেকে কর্ণফুলী এক্সপ্রেস সেন্টমার্টিন জেটি থেকেই ছাড়ে।

আসন বিন্যাস ও ভাড়া

কর্ণফুলী এক্সপ্রেসে সর্বমোট যাত্রী ধারণক্ষমতা ৫৪৭ জন। বর্তমানে জাহাজটিতে ৫১০টি আসন ও ১৭টি কেবিন আছে। সর্বনিম্ন ভাড়া আসা-যাওয়া ২,০০০ টাকা থেকে শুরু।

ভাড়ার তালিকা

- ❖ দ্বিতীয় শ্রেণির চেয়ার : ২,০০০ টাকা
- ❖ প্রথম শ্রেণির চেয়ার : ২,৫০০ টাকা
- ❖ দ্বিতীয় শ্রেণির কেবিন : ১২,০০০ টাকা
- ❖ ভিআইপি কেবিন : ১৫,০০০ টাকা

কেবিনের ভাড়া দুজন যাত্রীর জন্য প্রযোজ্য। এর বেশি যাত্রী থাকলে অতিরিক্ত প্রতি জনের জন্য দ্বিতীয় শ্রেণির চেয়ারের টিকেট কিনতে হবে। এছাড়া যাত্রার দিনই ফিরে না এসে অন্য দিন আসতে হলে সেটা টিকেট কেনার সময় জানালে সেভাবেই আসার দিন উল্লেখ করে টিকেট দেয়া হবে।

সময়সূচি

কক্সবাজার থেকে প্রতিদিন সকাল ৭টায় ছেড়ে যাবে। আর সেন্টমার্টিন থেকে বিকেলে ৩.৩০ মিনিটে ফিরতি যাত্রা শুরু করবে। সূর্যাস্ত ও সামগ্রিক অবস্থা বিবেচনা করে ফেরার সময় আরেকটু পেছানো হতে পারে। কক্সবাজার থেকে সেন্টমার্টিনের জলপথের দূরত্ব প্রায় ৯৫ কিলোমিটার (৫২ নটিক্যাল মাইল)। এ পথ পাড়ি দিতে জাহাজটির সময় লাগবে মোটামুটি ৫ ঘণ্টা।

টিকেট পাবেন যেখানে

কক্সবাজারের প্রায় সবগুলো টার অপারেটরদের কাছেই কর্ণফুলী এক্সপ্রেসের টিকেট পাবেন। এছাড়া তাদের সাথে সরাসরি যোগাযোগ করতে চাইলে—

ফোন নম্বর : ০১৮০৭৩২৫৯০৭৭

ফেসবুক পেজ : www.facebook.com/karnafulyexpress
অনলাইনে টিকেট কাটা যাবে কর্ণফুলী এক্সপ্রেসের ওয়েবসাইট থেকে karnafulyexpressbd.com

বিশেষ সতর্কীকরণ

সেন্টমার্টিন দ্বীপ একটি 'প্রতিবেশগত বিপন্ন' এলাকা। যাত্রা সেন্টমার্টিনে বেড়াতে যাবেন দয়া করে কোন ধরনের অপ্রচলনীয় দ্রব্য (বিশেষত প্লাস্টিক/পলিথিন) সমুদ্রে বা অন্য কোথাও ফেলাবেন না।



বগর মহানগর



ঢাকা সিটি কর্পোরেশন নির্বাচন

১ ফেব্রুয়ারি ২০২০ অনুষ্ঠিত হয় ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের নির্বাচন। ঢাকা সিটি কর্পোরেশনের ইতিহাসে এটা ছিল প্রত্যক্ষ ভোটের চতুর্থ নির্বাচন। তবে বিভক্ত দুই সিটি কর্পোরেশনের এটা দ্বিতীয় সাধারণ নির্বাচন। দেশের কোনো নির্বাচনে এবারের সিটি কর্পোরেশন নির্বাচনই প্রথম এত বড় পরিসরে ব্যবহৃত হয় ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম)। শুধু তাই-ই নয়, এবারই প্রথম ঢাকা সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদে দলীয় প্রতীক ব্যবহৃত হয়।


ঢাকা উত্তর সিটি কর্পোরেশন



মোট ভোটার ৩০,১২,৫০৯ জন
প্রদত্ত ভোট : ৭,৬২,১৮৮
প্রদত্ত ভোটের হার ২৫.৩০%
ওয়ার্ড সাধারণ ৫৪টি; সংরক্ষিত (নারী) ১৮টি
মেয়র প্রার্থী ৬ জন
নির্বাচিত মেয়র মো. আতিকুল ইসলাম

নির্বাচিত কাউন্সিলর

দল	কাউন্সিলর	
	সাধারণ	সংরক্ষিত
আওয়ামী লীগ	৪১	১৩
আওয়ামী লীগ (বিদ্রোহী)	১০	-
বিএনপি	২	২
অন্যান্য	১	৩




ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন



মোট ভোটার : ২৪,৫৩,১৫৯ জন
প্রদত্ত ভোট : ৭,১৩,০৫০
প্রদত্ত ভোটের হার : ২৯.০৭%
ওয়ার্ড সাধারণ ৭৫টি; সংরক্ষিত (নারী) ২৫টি
মেয়র প্রার্থী : ৭ জন
নির্বাচিত মেয়র : ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস

নির্বাচিত কাউন্সিলর

দল	কাউন্সিলর	
	সাধারণ	সংরক্ষিত
আওয়ামী লীগ	৫৭*	১৯
আওয়ামী লীগ (বিদ্রোহী)	৯	-
বিএনপি	৭	৫
অন্যান্য	২	১



* ২৫ ও ৪৩ নং কাউন্সিলরদ্বয় বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

একমাত্র নারী কাউন্সিলর

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন নির্বাচনে সাধারণ ওয়ার্ডে কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বিতা করেন ১৩ জন নারী প্রার্থী। এদের মধ্যে একমাত্র নারী প্রার্থী হিসেবে জয়ী হন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৪৭ নং ওয়ার্ডের সাহানা আক্তার। তিনি আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী হিসেবে জয়ী হন।

কক্সবাজার

এখন ব্যয়বহুল শহর



পটীন শহর কক্সবাজারকে ব্যয়বহুল শহর হিসেবে ঘোষণা করেছে সরকার। এর ফলে এই এলাকার সরকারি চাকরিজীবীদের বাড়ি ভাড়াসহ বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা বাড়বে। ঢাকাসহ দেশের ব্যয়বহুল এলাকাগুলোতে সরকারি চাকরিজীবীরা মূল বেতনের ৫০ শতাংশ বাড়িভাড়া পেয়ে থাকেন। এখন কক্সবাজারে কর্মরত চাকরিজীবীরাও এ সুবিধা পাবেন। বর্তমানে এ হার ৪৫ শতাংশ। এছাড়া ভ্রমণ ভাতা, দৈনন্দিন ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধাও বাড়বে। ২৭ জানুয়ারি ২০২০ কক্সবাজার পৌর এলাকাকে ব্যয়বহুল হিসেবে ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করে মন্ত্রিপরিষদ বিভাগ। এতে বলা হয়, কক্সবাজার শহর বা পৌর এলাকার নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধিসহ বাড়িভাড়া, যানবাহনের ভাড়া, খাদ্য, পোশাকসামগ্রীসহ অন্যান্য ভোগ্যপণ্যের দাম বিবেচনায় কক্সবাজার পৌর এলাকাকে ব্যয়বহুল হিসেবে ঘোষণা করা হয়।

বর্তমানে দেশের সাতটি বিভাগীয় শহর ছাড়াও কয়েকটি এলাকা সরকারি হিসাবে ব্যয়বহুল। ব্যয়বহুল সাতটি বিভাগীয় শহর— ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল ও রংপুর। ময়মনসিংহ বিভাগ হলেও এখনো এটিকে ব্যয়বহুল শহর হিসেবে ঘোষণা করা হয়নি। এছাড়া ঢাকার পার্শ্ববর্তী নারায়ণগঞ্জ জেলা, গাজীপুর সিটি কর্পোরেশন এলাকা এবং সাতার পৌর এলাকা সরকারি হিসাবে ব্যয়বহুল এলাকা।

চসিক নির্বাচন ২০২০

২৯ মার্চ ২০২০ অনুষ্ঠিত হবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক) নির্বাচন। ১৬ ফেব্রুয়ারি ২০২০ বাংলাদেশ নির্বাচন কমিশন (ইসি) নির্বাচনের তফসিল ঘোষণা করেন।

প্রামাণ্য সংসদ

একাদশ জাতীয় সংসদের ষষ্ঠ অধিবেশন

শুরু: ৯ জানুয়ারি ২০২০ | শেষ: ১৮ ফেব্রুয়ারি ২০২০ | কার্যদিবস: ২৮টি | বিল পাস: ৭টি।

পাসকৃত বিল

বিলের নাম	পাস
বাংলাদেশ ট্যারিফ কমিশন (সংশোধন) বিল, ২০২০	২২ জানুয়ারি ২০২০
ভোটার তালিকা (সংশোধন) বিল, ২০২০	২৬ জানুয়ারি ২০২০
বাংলাদেশ ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠান বিল, ২০২০	২৮ জানুয়ারি ২০২০
স্বায়ত্তশাসিত, আধা স্বায়ত্তশাসিত, স্বর্ধবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ, পাবলিক নন-ফাইন্যান্সিয়াল করপোরেশনসহ স্বশাসিত সংস্থাগুলোর তহবিলের উদ্ধৃত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান বিল, ২০২০	৫ ফেব্রুয়ারি ২০২০
বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশন আইন (বিআরটিসি) বিল, ২০২০	১১ ফেব্রুয়ারি ২০২০
বাংলাদেশ বাতিঘর বিল, ২০২০	১২ ফেব্রুয়ারি ২০২০
কোম্পানি (সংশোধন) বিল, ২০২০	১৮ ফেব্রুয়ারি ২০২০

সংসদে প্রণোত্তর

- সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন মহাসড়ক রয়েছে ২২,০৯৬.৩০ কিলোমিটার। /সূত্র: সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী; ২৮ জানুয়ারি ২০২০/
- বর্তমানে বিশ্বের ৫৮টি দেশে ৭৭টি কূটনৈতিক মিশন রয়েছে। /সূত্র: পররাষ্ট্রমন্ত্রী; ২ ফেব্রুয়ারি ২০২০/
- বিলুপ্ত প্রজাতির মাছ সংরক্ষণে দেশের বিভিন্ন নদ-নদী ও অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে স্থাপিত অভয়াশ্রম রয়েছে ৪৩২টি। /মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী, ৩ ফেব্রুয়ারি ২০২০/
- বর্তমানে বিভিন্ন মন্ত্রণালয়ে শূন্য পদের সংখ্যা ৩,২৫.০৮২টি। /সূত্র: জনপ্রশাসন প্রতিমন্ত্রী, ৩ ফেব্রুয়ারি ২০২০/
- বর্তমানে দেশে মাথাপিছু দৈনিক মাছের চাহিদা ৬০ গ্রাম এবং এ চাহিদার বিপরীতে মাছ গ্রহণের পরিমাণ ৬২.৫৮ গ্রাম। /মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী, ৩ ফেব্রুয়ারি ২০২০/

- ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অব নেচার (IUCN) বাংলাদেশের হিসাব অনুযায়ী, দেশে স্বাদু পানির ৬৪টি প্রজাতির মাছ হুমকির মুখে আছে। এর মধ্যে ৯টি অতি বিপন্ন, ৩০টি বিপন্ন এবং ২৫টি শঙ্কাত্ত প্রাণির অন্তর্ভুক্ত। /সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী, ৩ ফেব্রুয়ারি ২০২০/
- দেশে বর্তমানে প্রকাশিত দৈনিক পত্রিকার সংখ্যা ১,২৭৭টি। এর মধ্যে জাতীয় বাংলা দৈনিক ২১৮টি, আঞ্চলিক বাংলা দৈনিক ২৯৩টি এবং ইংরেজি জাতীয় দৈনিক ৪০টি। /সূত্র: তথ্যমন্ত্রী; ৪ ফেব্রুয়ারি ২০২০/
- দেশে সর্বাধিক প্রচারিত দৈনিক পত্রিকা বাংলাদেশ প্রতিদিন; প্রচার সংখ্যা ৫,৫০,০০০। ইংরেজি দৈনিকের মধ্যে সর্বাধিক প্রচারিত দৈনিক Daily Star; প্রচার সংখ্যা ৪৪,৮১৪। /সূত্র: তথ্যমন্ত্রী; ৪ ফেব্রুয়ারি ২০২০/

- আঞ্চলিক দৈনিকের মধ্যে প্রচার সংখ্যায় শীর্ষে রয়েছে বরিশালের আজকের বাজী, প্রচার সংখ্যা ৮০,০৫০। /সূত্র: তথ্যমন্ত্রী; ৪ ফেব্রুয়ারি ২০২০/
- বর্তমানে ৪৫টি দেশের সাথে বাংলাদেশের দ্বিপাক্ষীয় বাণিজ্য চুক্তি রয়েছে। এছাড়া বাণিজ্য ঘাটতি রয়েছে ৯টি দেশের সাথে—আফগানিস্তান, ভুটান, চীন, ভারত, দক্ষিণ কোরিয়া, লাওস, মালদ্বীপ, পাকিস্তান ও শ্রীলংকা। /সূত্র: বাণিজ্যমন্ত্রী; ৫ ফেব্রুয়ারি ২০২০/
- বর্তমানে ব্যক্তিপর্যায়ে করদাতার সংখ্যা ৪৫,৬০,৬৬৬ জন। /সূত্র: অর্থমন্ত্রী; ৬ ফেব্রুয়ারি ২০২০/
- দেশে বর্তমানে প্রতি এক লাখ মানুষের জন্য বিচারক রয়েছে মাত্র একজন। /সূত্র: আইনমন্ত্রী; ১৭ ফেব্রুয়ারি ২০২০/
- দেশের আপিল বিভাগে বিচারপতি আছেন সাতজন। মামলা আছে ২২,৫৯৬টি। হাইকোর্ট বিভাগের ৯৭ জন বিচারপতির বিপরীতে মামলা আছে ৪,৯০,৮০০টি। অধস্তন আদালতে ১,৯৬৭ জন বিচারকের বিপরীতে ৩১,২৭,২৪৩টি মামলা রয়েছে। /সূত্র: আইনমন্ত্রী; ১৭ ফেব্রুয়ারি ২০২০/
- দেশে বর্তমানে উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) হিসেবে কর্মরত আছেন ১৫৩ জন নারী। /সূত্র: জনপ্রশাসন প্রতিমন্ত্রী; ১৮ ফেব্রুয়ারি ২০২০/

মুজিববর্ষ উদযাপনে বর্ষব্যাপী পরিকল্পনা

জাতীয় সংসদ ১৯ মার্চ ২০২০ দক্ষিণ প্রাজায় শিশুমেলা আয়োজনের মধ্য দিয়ে বর্ষব্যাপী মুজিববর্ষ উদযাপনের কার্যক্রম শুরু করবে। এ সময় উদ্বোধন করা হবে জাতীয় সংসদের গণ্যবসাইট। মুজিববর্ষ উপলক্ষে ২২-২৩ মার্চ ২০২০ আয়োজন করা হবে বিশেষ অধিবেশন, যেখানে একজন বিশ্বখ্যাত বাঙালি রত্নতা দেবেন। এছাড়াও মুজিববর্ষ উপলক্ষে বর্ষব্যাপী পরিকল্পনায় রয়েছে জাতীয় সংসদে বঙ্গবন্ধুর আলোকচিত্র ও প্রামাণ্য দলিল প্রদর্শনী নিয়ে বঙ্গবন্ধু প্যাভিলিয়ন স্থাপন, বৃক্ষরোপণ কর্মসূচি, ৪ নভেম্বর বাংলাদেশ স্বর্ধবিধান দিবস উদযাপন, ১-৫ ডিসেম্বর ২০২০ 'মুজিববর্ষ' স্থাপন ও বিজয়মেলা আয়োজন এবং জাতির পিতা-বঙ্গবন্ধুর সংসদে প্রদত্ত ভাষণগুলোর সংকলন প্রকাশ।

৫ সংসদীয় আসনে উপনির্বাচন


একাদশ জাতীয় সংসদে বর্তমানে শূন্য রয়েছে ৫টি আসন— ঢাকা-১০, গাইবান্ধা-৩, বাগেরহাট-৪, যশোর-৬ ও বগুড়া-১। শূন্য থাকা ৫টি আসনের মধ্যে ঢাকা-১০, গাইবান্ধা-৩ ও বাগেরহাট-৪ আসনে উপনির্বাচন অনুষ্ঠিত হবে ২১ মার্চ ২০২০। আর যশোর-৬ ও বগুড়া-১ আসনে ২৯ মার্চ ২০২০ উপনির্বাচন অনুষ্ঠিত হবে।



কমনওয়েলথের সদস্য এখন ৫৪ মালদ্বীপের পুনরায় যোগদান

৭ ফেব্রুয়ারি ২০১২ মালদ্বীপের সাবেক প্রেসিডেন্ট মোহাম্মদ নাশিদের ক্ষমতাচ্যুতির পর কমনওয়েলথের কার্যনির্বাহী কর্তৃপক্ষ (CMAG) তিনবার মালদ্বীপকে আংশিক কিংবা পুরোপুরিভাবে কমনওয়েলথ থেকে বহিষ্কারের হুমকি প্রদান করে। ২৩ সেপ্টেম্বর ২০১৬ মালদ্বীপ সরকারকে দেয়া এক নোটিশে বিচার বিভাগে হস্তক্ষেপ, বিরোধী দলীয় নেতাদের আটক ও বিচার নিয়ে যে উদ্বেগ রয়েছে তা ছয় মাসের মধ্যে মীমাংসা করার সময়সীমা বেঁধে দেয় CMAG। এছাড়া দুর্নীতি ও মানবাধিকার পরিস্থিতির অবনতির জন্যও কমনওয়েলথের চাপের মুখে ছিল মালদ্বীপ। এমন পরিস্থিতিতে মালদ্বীপ কমনওয়েলথ থেকে সদস্যপদ প্রত্যাহারের সিদ্ধান্ত নেয়। ১৩ অক্টোবর ২০১৬ সাবেক ব্রিটিশ সাম্রাজ্যভুক্ত দেশসমূহের সংগঠন কমনওয়েলথ থেকে সদস্যপদ প্রত্যাহারের ঘোষণা দেয় মালদ্বীপ।

১৯ ডিসেম্বর ২০১৮ মালদ্বীপ কমনওয়েলথে পুনরায় যোগদানের জন্য আবেদন করে। এ আবেদনের পরিত্রাঙ্কিত দীর্ঘ ৪০ মাস পর ১ ফেব্রুয়ারি ২০২০ কমনওয়েলথে পুনরায় ফিরে আসে মালদ্বীপ। এর ফলে সংস্থাটির সদস্য সংখ্যা দাঁড়ায় ৫৪টিতে।



বর্তমানে কমনওয়েলথ ত্যাগকারী দেশের সংখ্যা ২টি— আয়ারল্যান্ড ও জিম্বাবুয়ে। এর মধ্যে জিম্বাবুয়ে সংস্থাটিতে পুনরায় যোগদানের জন্য ১৫ মে ২০১৮ আবেদন করে, যা এখন প্রক্রিয়াধীন।

সদস্যপদ প্রত্যাহার ও পুনরায় যোগদানকারী দেশসমূহ

দেশ	সদস্যপদ লাভ	প্রত্যাহার	পুনঃযোগদান
পাকিস্তান	১৫ আগস্ট ১৯৪৭	৩০ জানুয়ারি ১৯৭২	১ অক্টোবর ১৯৮৯
দ. আফ্রিকা	১৯ নভেম্বর ১৯২৬	৩১ মে ১৯৬১	১ জুন ১৯৯৪
ফিজি	১০ অক্টোবর ১৯৭০	১৫ অক্টোবর ১৯৮৭	৩০ সেপ্টেম্বর ১৯৯৭
গাম্বিয়া	১৮ ফেব্রুয়ারি ১৯৬৫	৩ অক্টোবর ২০১৩	৮ ফেব্রুয়ারি ২০১৮
মালদ্বীপ	৯ জুলাই ১৯৮২	১৩ অক্টোবর ২০১৬	১ ফেব্রুয়ারি ২০২০

কমনওয়েলথ ত্যাগ করা ২ দেশ

দেশ	যোগদান	ত্যাগ
আয়ারল্যান্ড	১১ ডিসেম্বর ১৯৩১	১৮ এপ্রিল ১৯৪৯
জিম্বাবুয়ে	১ অক্টোবর ১৯৮০	৭ ডিসেম্বর ২০০৩

অ্যান্টার্কটিকায় সর্বোচ্চ তাপমাত্রার রেকর্ড

৯ ফেব্রুয়ারি ২০২০ পৃথিবীর সর্বদক্ষিণে বরফাচ্ছাদিত মহাদেশ অ্যান্টার্কটিকায় প্রথমবারের মতো ২০° সেলসিয়াসের ওপর তাপমাত্রা রেকর্ড করা হয়। এ দিন অ্যান্টার্কটিকার একেবারে উত্তর প্রান্তে সেমোর দ্বীপে তাপমাত্রার পারদ উঠেছিল ২০.৭৫° সেলসিয়াস। এর আগে সেখানে সর্বোচ্চ তাপমাত্রার রেকর্ড ছিল ১৯° সেলসিয়াস।

জাতিসংঘের আবহাওয়া সংস্থার (WMO) তথ্য মতে, গত ৫০ বছরে অ্যান্টার্কটিকা পেনিনসুলায় গড় তাপমাত্রা বেড়েছে প্রায় ৩° সেলসিয়াস। এ সময়ে পেনিনসুলার পশ্চিম উপকূলবর্তী প্রায় ৮-৭ শতাংশ হিমবাহ গলতে শুরু করেছে। আর গত ১২ বছরে হিমবাহ গলে যাওয়া ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। অ্যান্টার্কটিকার ইতিহাসে জানুয়ারি ২০২০ ছিল সবচেয়ে উষ্ণতম মাস। এর আগে ১৯৮২ সালের জানুয়ারিতে অ্যান্টার্কটিকায় তাপমাত্রা রেকর্ড করা হয়েছিল ১৯.৮° সেলসিয়াস।



পাইল্যাভে নিষিদ্ধ গণতন্ত্রপন্থী দল

থাইল্যান্ডের গণতন্ত্রপন্থী তৃতীয় বৃহত্তম রাজনৈতিক দল ফিউচার ফরওয়ার্ড পার্টিকে (FFFP) নিষিদ্ধ করেছে আদালত। একই সাথে দলটির প্রধানসহ গুরুত্বপূর্ণ ১৬ জন নেতাকে আগামী ১০ বছরের জন্য রাজনীতিতে নিষিদ্ধ করা হয়। দলটির প্রধান ৬০ লাখ মার্কিন ডলার ঋণ নিয়ে নির্বাচনী আইন লঙ্ঘন করেছেন এমন অভিযোগে ২১ ফেব্রুয়ারি ২০২০ দেশটির ৯ সদস্যের সাংবিধানিক আদালত এ রায় দেয়।

গণতন্ত্রপন্থী

পঙ্গপাল আক্রান্ত বিশ্ব



আফ্রিকা, মধ্যপ্রাচ্য ও দক্ষিণ-পশ্চিম এশিয়ার মরু অঞ্চলের দেশগুলোতে বছরে বৃষ্টিপাত হয় আট ইঞ্চিরও কম। ২০১৯ সালের অক্টোবর থেকে ডিসেম্বর পর্যন্ত 'হর্ন অব আফ্রিকা' তথা পূর্ব আফ্রিকার দেশগুলোতে স্বাভাবিকের চেয়ে ৪০০ সেমি বেশি বৃষ্টিপাত হয়েছে। মরু অঞ্চলে এ অতি বৃষ্টির কারণে পঙ্গপালের ব্যাপক বংশবিস্তার ঘটে। ফলে আফ্রিকা থেকে মধ্যপ্রাচ্য হয়ে এশিয়ার দেশগুলো পর্যন্ত ছড়িয়ে পড়েছে পঙ্গপাল। কয়েক মাসের মধ্যে দুটি মহাদেশ মিলিয়ে ৬০টি দেশে দেখা যাচ্ছে এদের বিস্তার। কয়েক মাস আগে পূর্ব আফ্রিকার দেশগুলোতে লাখ লাখ একর জমিতে হানা দেয় এসব পঙ্গপাল। কেনিয়া, ইথিওপিয়া ও সোমালিয়া এখন পর্যন্ত সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশ। সেই সাথে আফ্রিকার আরও ১৪টি দেশে ছড়িয়ে পড়ে এ পঙ্গপাল। লোহিত সাগরের দুই পাড়েও সমানতালে বাড়ছে এদের আধিপত্য। সুদান, মিসরের উপকূল থেকে শুরু করে দক্ষিণ-পশ্চিম সৌদি আরবেও চলছে বংশবিস্তার। ওমানের পূর্ব উপকূল থেকে শুরু করে ভারত-পাকিস্তান পর্যন্ত পৌঁছেছে তারা। সোমালিয়া ও ইথিওপিয়ায় গত ২৫ বছরের মধ্যে সবচেয়ে বড় মহামারী আকার ধারণ করেছে পঙ্গপালের বিস্তার। আর কেনিয়াতে ৭০ বছরের মধ্যে এবারই সবচেয়ে ভয়ংকর পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

পঙ্গ মূলত বিধিবিপাকার মতো দেখতে এক ধরনের ছোট পতঙ্গ। এটি আর্কিডিডি পরিবারের ছোট শিংয়ের বিশেষ প্রজাতি, যাদের জীবনচক্রে দল বা ঝাঁক বেঁধে থাকার বৈশিষ্ট্য রয়েছে। এ পঙ্গগুলো সাধারণত একা থাকে। তবে বিশেষ অবস্থায় তারা একত্রে জড়ো হয়। পঙ্গপাল প্রধানত আধা শুকনো ও আধা-মরুভূমি আবহাওয়ায় থাকে। বর্তমান সময়ে জলবায়ু পরিবর্তনজনিত অকালবৃষ্টি এবং বার বার সাইক্লোনের জন্য এদের ব্যাপক উপদ্রব লক্ষ্য করা যায়। ২০০ মিলিমিটারের কম বৃষ্টি হয়, নিকট প্রাচ্য ও দক্ষিণ-পশ্চিম এশিয়ার এমন দেশগুলোতে এ পতঙ্গের দেখা পাওয়া যায়। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (FAO) তথ্য অনুযায়ী, এক কোটি ৬০ লাখ বর্গকিলোমিটারের বিশাল এ অঞ্চলের ৩০টি দেশে এদের অস্তিত্ব রয়েছে। মরুপতঙ্গদের জীবনকাল মাত্র তিন মাস। জন্মের হয় সপ্তাহের মধ্যেই এরা পূর্ণবয়স্ক হয়ে ওঠে এবং এক মাসের মধ্যেই ডিম পাড়তে সক্ষম হয়। দুই সপ্তাহের মধ্যেই এদের ডিম ফুটে বাচ্চা বের হয়। তিন মাসের মধ্যেই মরুপতঙ্গরা তাদের সংখ্যা ২০ গুণ বৃদ্ধি করে ফেলতে সক্ষম। প্রয়োজনীয় বৃষ্টি আর আবহাওয়া অনুকূলে থাকলে এরা ছয় মাসের মধ্যে, ৪০০ গুণ, আর নয় মাসের মধ্যে ৮,০০০ গুণ বেড়ে যেতে পারে।

দৈনিক প্রায় ১৫০ কিলোমিটার পথ পাড়ি দিতে পারে এসব মরুপতঙ্গ। আর এভাবেই চলে যায় এক দেশ থেকে আরেক দেশে। পঙ্গপালের হানায় মুহূর্তেই বিলীন হয়ে যেতে পারে বিশাল আকারের ফসলি জমি। পতঙ্গদের এক কিলোমিটার বিস্তৃত একটি পাল এক দিনে ৩৫,০০০ মানুষের প্রয়োজনীয় খাদ্য সাবাত্ত করতে সক্ষম। জাতিসংঘের মতে, প্রতিটি পঙ্গপালের ঝাঁকে থাকে ১৫ কোটিরও বেশি পতঙ্গ। একটি ঝাঁক এক বর্গকিলোমিটার এলাকা বা ২৫০টি ফুটবল মাঠের সমান জায়গা দখল করে থাকে।

নতুন দায়িত্বে প্রিন্স উইলিয়াম

নতুন রাজকীয় দায়িত্ব লাভ করেন ব্রিটিশ প্রিন্স উইলিয়াম। সেই সাথে নতুন পদবিও লাভ করেন ডিউক অব ক্যামব্রিজ। বড় নাতিকে চার্চ অব স্কটল্যান্ডের জেনারেল আ্যসেঞ্চলির লর্ড হাইকমিশনার হিসেবে নিয়োগ দেন ব্রিটিশ রানি দ্বিতীয় এলিজাবেথ। ২৬ জানুয়ারি ২০২০ রাজকীয় এক ফরমান জারির মাধ্যমে উইলিয়ামকে এক বছরের জন্য এ পদে অভিষিক্ত করা হয়। ছোট নাতি প্রিন্স হ্যারি ও নাতিবো মার্কিন অভিনেত্রী মেগান মার্কলে রাজপরিবার ছাড়ার এক সপ্তাহের মাথায় নতুন এ নিয়োগ দেন রানি।

রাজপরিবারের ওয়েবসাইটের তথ্যানুযায়ী, চার্চ অব স্কটল্যান্ড মূলত একটি স্কটল্যান্ডের জাতীয় চার্চ। চার্চটি সম্পূর্ণ স্বায়ত্তশাসিত এবং স্থানীয় পর্যায়ে 'কার্ক সেশন'র মাধ্যমে ও জাতীয় পর্যায়ে জেনারেল অ্যাসেঞ্চলির মাধ্যমে পরিচালিত হয়। ওয়েবসাইট মতে, নতুন দায়িত্বে প্রিন্স উইলিয়াম রাজ্য ও চার্চের মধ্যকার সম্পর্ক দেখভাল করবেন। চার্চ অব স্কটল্যান্ডের কমিশনার সাধারণত স্কটিশ বংশোদ্ভূত হন। কিন্তু রাজপরিবারের পক্ষ থেকে বলা হয়েছে, অতীতে রাজপরিবার থেকে কমিশনার নিয়োগের নজির রয়েছে।



ব্রিটিশ এয়ারওয়েজের রেকর্ড

৮ ফেব্রুয়ারি ২০২০ ব্রিটিশ এয়ারওয়েজের (BA) বোয়িং-৭৪৭ এয়ারক্রাফট নিউইয়র্ক থেকে লন্ডনের দিকে যাত্রা করে নির্ধারিত সময়ের দু'ঘণ্টা আগে মাত্র ৪ ঘণ্টা ৫৬ মিনিটে লন্ডনে পৌঁছায়। এটি ঘণ্টায় ৮০০ মাইলেরও বেশি (১২৮৭ কিমি/ঘণ্টা) গতিতে উড়েছে। ফ্লাইটে এর সর্বোচ্চ গতি ছিল ঘণ্টায় ৮২৫ মাইল। এর ফলে দ্রুততম সাবসোনিক (শব্দের চেয়ে দীর্ঘ গতির) ফ্লাইটের রেকর্ড গড়ে ব্রিটিশ এয়ারওয়েজ। সাবসোনিক অর্থাৎ শব্দের গতির চেয়ে দীর্ঘ গতিসম্পন্ন এ প্লেনটি এদিন তার গতি অতিক্রম করে গিয়েছিল। শব্দের বেগ ৭৬৭ ঘণ্টা/মাইল বা ১২৩৫ কিমি/ঘণ্টা।

নিউইয়র্ক থেকে লন্ডন যেতে বা আসতে বোয়িং-৭৪৭ এয়ারক্রাফটের গড়ে ৬ ঘণ্টা ১৩ মিনিট সময় লাগে। কিন্তু ৮ ফেব্রুয়ারি ২০২০ জেট স্ট্রিমের গতি স্বাভাবিকের চেয়ে বেশি থাকায় বিমানটি দ্রুততম সময়ে লন্ডন পৌঁছে। জেট স্ট্রিম হলো পরিবেশে দ্রুততম চলমান বাতাস। ঐ দিন বাতাসের গতি ছিল প্রতি ঘণ্টায় ২০০ মাইলেরও বেশি।


ওমানের ডাকটিকিটে জেরুজালেম

মুসলিম উম্মাহর সর্বোচ্চ তৃতীয় পবিত্র ও মর্যাদার শহর জেরুজালেম। এ শহরেই রয়েছে মুসলমানদের প্রথম কেবলা বায়তুল মুকাদ্দাস। এ পবিত্র শহরের সম্মান ও মর্যাদায় 'ফিলিস্তিনের রাজধানী জেরুজালেম' স্লোগানসহ একটি নতুন ডাকটিকিট চালু করেন ওমানের সুলতান। ফিলিস্তিনের পক্ষে আরব বিশ্বের সমর্থন নিশ্চিত করার লক্ষ্যে স্থায়ী আরব কমিটি ফর পোস্টের সম্মিলিত সহযোগিতায় ওমান-পোস্ট থেকে এ সাহসী পদক্ষেপ নেয়া হয়। ওমানের নতুন এ ডাকটিকিটে মসজিদে কুব্বাতুস সাখরার চিত্তাকর্ষক স্থাপত্যের নকশার সাথে গম্বুজটির সৌন্দর্য ও জৌলুশকে চিত্রায়িত করা হয়।

রো হি সা গ ন হ ত্যা

ICJ-তে মূল মামলার কার্যক্রম শুরু

রোহিঙ্গাদের সুরক্ষায় চারটি অন্তর্ভুক্তি আদেশ দেয়ার পর আন্তর্জাতিক বিচারিক আদালত (ICJ) গণহত্যার অভিযোগে মিয়ানমারের বিরুদ্ধে করা মূল মামলার কার্যক্রম শুরু করে। ২৭ জানুয়ারি ২০২০ এক আদেশে লিখিত অভিযোগ ও যুক্তি-তর্ক উত্থাপনের জন্য মামলার বাদী গার্মিয়াকে ২৩ জুলাই ২০২০ পর্যন্ত সময় বেঁধে দেয় ICJ। এরপর পাল্টা যুক্তি-তর্ক লিখিতভাবে উত্থাপনের জন্য বিবাদীপক্ষ মিয়ানমারকে ২৫ জানুয়ারি ২০২১ পর্যন্ত সময় দেয়া হয়।



সংযুক্ত আরব আমিরাতে

আরব বিশ্বের প্রথম পরমাণু চুল্লি

১৭ ফেব্রুয়ারি ২০২০ আরব দেশগুলোর মধ্যে প্রথম দেশ হিসেবে পরমাণু চুল্লি নির্মাণের লাইসেন্স অনুমোদন দেয় সংযুক্ত আরব আমিরাতে। আরব বিশ্বের প্রথম পরমাণু শক্তি কেন্দ্র বারাক নিউক্লিয়ার পাওয়ার প্রান্টে এ চুল্লি নির্মাণ করা হবে।

বিশাল মজুদের গ্যাসক্ষেত্রের সন্ধান

সম্প্রতি দুবাই-আবুধাবি সীমান্ত এলাকায় আনুমানিক ৮০ ট্রিলিয়ন কিউবিক ফুট প্রাকৃতিক গ্যাসের মজুদ আছে, এমন একটি ক্ষেত্র খুঁজ পায় সংযুক্ত আরব আমিরাতে। ৩ ফেব্রুয়ারি ২০২০ দেশটি বিশাল মজুদের এ গ্যাসক্ষেত্রটি খুঁজ পাওয়ার ঘোষণা দেয়। এটি শেষ দশদিনের মধ্যে সংযুক্ত আরব আমিরাতে জন্ম দ্বিতীয় গুরুত্বপূর্ণ আবিষ্কার। আর শেষ মাসের মধ্যে তৃতীয়। ২০২০ সালের জানুয়ারিতে আবুধাবি ৫৮ ট্রিলিয়ন স্ট্যান্ডার্ড কিউবিক ফুট গ্যাস মজুদ আছে এমন একটি ক্ষেত্র পাওয়ার কথা জানায়। বলা হচ্ছিল, এ গ্যাসক্ষেত্রটিতে মোট রিজার্ভের পরিমাণ ২৭৩ ট্রিলিয়ন কিউবিক ফুট।

শ্রীলঙ্কায় শামুকের নাম

জলবায়ু পরিবর্তনবিষয়ক আন্দোলনে সাড়া জাগানো সুইডেনের কিশোরী কর্মী গ্রেটা থানবার্গের নামে নতুন সন্ধান পাওয়া শামুকের একটি প্রজাতির নামকরণ করা হয়। এর নাম *Craspedotropis gretathunbergae*। এ শামুক প্রস্থে এক মিলিমিটার ও লম্বায় দুই মিলিমিটার। রয়েছে ধূসর রঙের শুঁড়। খরাপ্রবণ আবহাওয়া ও প্রচণ্ড গরমে এরা খুব স্পর্শকাতর। জীববৈজ্ঞান্য নিয়ে কাজ করা নেদারল্যান্ডসভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান Taxon Expeditions-এর বিজ্ঞানীরা এ শামুক আবিষ্কার করেন।

দুই ইঞ্জিনের বৃহত্তম বিমানের উড্ডয়ন

বিশ্বের সবচেয়ে বড় দুই ইঞ্জিনের বিমান- যুক্তরাষ্ট্রের বোয়িং নির্মিত '৭৭৭ এক্স'। ২৫ জানুয়ারি ২০২০ বিমানটির পরীক্ষামূলক উড্ডয়ন সফলভাবে সম্পন্ন করেছে বোয়িং। ৭৭৭ এক্সের পরীক্ষামূলক ফ্লাইট যুক্তরাষ্ট্রের সিয়াটল থেকে শুরু হয়। কোনো সমস্যা ছাড়াই তা টানা চার ঘণ্টা আকাশে ছিল। বোয়িংয়ের এ বিমান যুক্ত হচ্ছে বিশ্বের নামি বিমান সংস্থা এমিরেটসের সাথে। বোয়িংয়ের ৭৭৭ মিনি জাম্বো বিমানের আরও উন্নত ও বড় সংস্করণ হচ্ছে '৭৭৭ এক্স' বিমানটি। বিমানটির উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো, এটি ডানা ভাঁজ করতে পারে। আরও বড় ব্যাপার হলো বাণিজ্যিকভাবে বিশ্বের সবচেয়ে বড় ইঞ্জিন রয়েছে বিমানটির। বোয়িং বলছে, এ মডেলের ৩০৯টি বিমান তারা বিক্রি করেছে, যার প্রতিটির মূল্য ৪৪২ মিলিয়ন মার্কিন ডলার।

বোয়িং ৭৭৭এক্স: দুই ইঞ্জিনের বৃহত্তম বিমান

দীর্ঘ পরিসর, প্রশস্ত বডি, দুই ইঞ্জিনের বি-৭৭৭ পরিবারের নতুন সংস্করণ দুই ধরনের ৭৭৭-৮/৭৭৭-৯

ইঞ্জিন দুটি জিইএক্স টার্বোফ্যান, শব্দহীন এবং জ্বালানী সাশ্রয়ী ইঞ্জিন

বর্তমান ৭৭৭ শ্রেণির বিমানের চেয়ে ১০ শতাংশ জ্বালানীসাশ্রয়ী

দীর্ঘ পরিসর ও উচ্চ ক্ষমতাসম্পন্ন পাখা

বোয়িং ৭৭৭ বিমানের চেয়ে বড় জানালা

পাখা ভাঁজের পাশাপাশি উত্তম বায়ুসংস্থান সুবিধা

পাখা খসারতা

দৈর্ঘ্য ৬৯.৭৯-৭৬.৭২ মিটার

হোট বিমানগুলোর মতই একই বিমানবন্দর গেট ব্যবহার করতে সক্ষম


আকৃতি জোড়া করিডোর

আসন সংখ্যা ৩৮৪/৪২৬

যাত্রার পরিসর ১৬,১৭০/১৩,৫০০ কিমি.

মূল্য ৪১০.২/৪৪২.২ মিলিয়ন ডলার

প্রসার : ৭১.৭৫ মিটার, ভূমিতে : ৬৪.৮২ মিটার



বাতিল হচ্ছে কাফালা ব্যবস্থা

নানামুখী সংস্কারের অংশ হিসেবে বিদেশি কর্মীদের জন্য কাফালা বা স্পন্সরশিপ পদ্ধতি শিগগিরই বাতিল করছে সৌদি আরব। এ কাফালা ব্যবস্থা

বিলুপ্ত হলে দেশটিতে অবস্থানরত বাংলাদেশিসহ বিদেশি কর্মীরা নিয়োগকর্তার কঠোর নিয়ন্ত্রণ থেকে মুক্তি পাবেন। তাদের মৌলিক অধিকার সুরক্ষিত হবে। প্রায় সাত দশক আগে প্রবর্তিত এ কাফালা ব্যবস্থায় প্রবাসী কর্মীদেরকে নিয়োগকর্তার নির্দেশে চলতে



হয়। এমনকি তাদের অনুমতি ছাড়া কেউ সৌদি আরবে আসা-যাওয়া করতে পারে না। এক কথায় নিয়োগকর্তারা শ্রমিকদের ভিসা ও আইনি অবস্থান নিয়ন্ত্রণ করেন। এমনকি তাদের ভবিষ্যৎ পূর্ণী হবে, সেটাও তারা নির্ধারণ করেন। এ ব্যবস্থা শুধু সৌদি আরবেই নয়, পুরো উপসাগরীয় দেশগুলোতে প্রচলিত রয়েছে। তবে সম্প্রতি কাতার এ ব্যবস্থায় কিছুটা সংস্কার এনেছে।

কাবা শরিফ-মদিনায়

সেলফি নিষিদ্ধ

কাবা শরিফে সেলফি তোলা নিষিদ্ধ করেছে সৌদি আরব। একই সাথে মদিনার মসজিদে নববিতেও সেলফি তোলা নিষিদ্ধ করা হয়। মুসলমানদের এ দুটি পবিত্র স্থানে কেউ সেলফি তুললেই দায়িত্ব পালনকারী কর্মকর্তারা তার মোবাইল ফোন বাজেয়াপ্ত করবেন। কাবা শরিফ ও মসজিদে নববিতে সেলফি তোলার ব্যাপারে ২০১৭ সালে প্রথম নিষেধাজ্ঞা জারি হয়। তবে বিষয়টি আবার নতুন করে আলোচনায় আসায় ২০২০ সালের ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে পুনরায় নিষেধাজ্ঞা জারি করে দেশটির সরকার।

ভিন্নমত দমনে গোপন আদালত

সন্ত্রাসবাদীদের বিচারের নামে গোপনে বিশেষ আদালত পরিচালনা করে ভিন্নমতাবলম্বীদের দমন করছে সৌদি আরব। সৌদি রাজপরিবারের একচ্ছত্র আধিপত্যের বিরুদ্ধে প্রশ্ন তোলা মানবাধিকারকর্মী বা ভিন্নমত প্রকাশকারীদের সেই আদালতে কৌশলে সাজা দেয়া হচ্ছে। লভনভিত্তিক মানবাধিকার পর্যবেক্ষক সংস্থা অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল গত পাঁচ বছরে রিয়াদের এ বিশেষায়িত অপরাধ আদালতের (এসসিসি) ৯৫টি মামলা তদন্ত করেছে। এ তদন্তের ভিত্তিতে এক প্রতিবেদনে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল বলছে, সমালোচনা বন্ধ করতে নিয়মিতভাবে এ আদালতকে অন্ত্র হিসেবে ব্যবহার করা হয়। সংস্থাটি আরো বলছে, ২০১১ সাল থেকে এ আদালতে অন্যায় বিচারে ৩০ বছর পর্যন্ত কারাদণ্ড, এমনকি মৃত্যুদণ্ড দিতে অস্পষ্ট সন্ত্রাসবাদবিরোধী ও সাইবার ক্রাইমবিরোধী আইনকে ব্যবহার করা হয়। আর এর শিকার হয়েছে দেশের মানবাধিকারকর্মী, লেখক, অর্থনীতিবিদ, সাংবাদিক, ধর্মীয় নেতা, সংস্কারবাদী এবং রাজনৈতিক কর্মী; বিশেষ করে দেশটির শিয়া সংখ্যালঘু সম্প্রদায়ের লোকজন। অনুসন্ধান দেখা গেছে, নির্বাহনের মাধ্যমে আদায় করা স্বীকারোক্তির ওপর আদালতটি ব্যাপকভাবে নির্ভর করেছে। এভাবে অন্তত ২০ জনকে মৃত্যুদণ্ড দেয়া হয়, যাদের মধ্যে ১৭ জনের মৃত্যুদণ্ড কার্যকর হয়েছে।

দক্ষিণ মেরুতে উষ্ণ পানির স্রোত

সম্প্রতি বিজ্ঞানীরা দক্ষিণ মেরুর তলদেশের একটি ভগ্নদশা হিমবাহের নিচে গরম পানির স্রোত আবিষ্কার করেন। তারা এ হিমবাহটির নাম দেন Doomsday Glacier বা 'ভগ্নদশা হিমবাহ'। এ নাম দেয়ার পেছনে তাদের যুক্তি হলো, এ হিমবাহটি এন্টার্কটিকার সবচেয়ে ক্ষয়িষ্ণু হিমবাহের একটি। গবেষকরা প্রায় এক দশক ধরে দক্ষিণ মেরুতে হিমবাহটি প্রত্যক্ষ করছিলেন। তবে অতি সম্প্রতি সেখানে তারা গরম পানির স্রোত দেখতে পান এবং সেটা হিমবাহের ঠিক মাঝামাঝি এলাকা দিয়েই প্রবাহিত হয়। ভগ্নদশাটি প্রায় ৭৪,০০০ বর্গমাইল এলাকা জুড়ে বিস্তৃত। অনেক বিজ্ঞানী বিষয়টিকে মানুষ ও পৃথিবীর জন্য খুবই ঝুঁকিপূর্ণ ও ভঙ্গুর বলে মনে করছেন। তারা এটি ভেবে শঙ্কিত যে, হিমবাহটি ভাঙলে গলতে থাকলে যে পরিমাণ পানি বাড়বে, তা যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্য বা গ্রেট ব্রিটেনের সমপরিমাণ জায়গা তলিয়ে দিতে সক্ষম। এছাড়া এ অতিরিক্ত পানির কারণে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা তিন ফুটের চেয়েও বেশি বেড়ে যাবে। গবেষক দল হিমবাহটির অন্তত ২,০০০ ফুট গভীরে গরম পানির এ স্রোত আবিষ্কার করেন। দলটি জানুয়ারি ২০২০'র শুরু দিকে হিমবাহের কটাকাঁকর্ণ পথ পাড়ি দিয়ে এ স্থানে পৌছেন।

নীল পাসপোর্টে যুক্তরাজ্যের প্রত্যাবর্তন

প্রায় ৩০ বছর পর মার্চ ২০২০ যুক্তরাজ্যে ফিরে আসছে নীল রঙের পাসপোর্ট। ২২ ফেব্রুয়ারি ২০২০ দেশটির স্বরাষ্ট্র



মন্ত্রণালয় এ তথ্য জানায়। ১৯২১ সালে চালু হয়েছিল নীল রঙের পাসপোর্ট এবং ১৯৮৮ সালে তৎকালীন ইউরোপিয়ান ইকোনমিক কমিউনিটির (EEC) সদস্য হওয়ার পর পাসপোর্ট পরিবর্তনের রাজি হওয়ার আগ পর্যন্ত তা চালু ছিল।

১৯৮০-এর দশক পর্যন্ত যুক্তরাজ্য তাদের পাসপোর্টের রঙ পরিবর্তনে ইচ্ছুক ছিল না। কিন্তু পরবর্তীতে অন্য সদস্য দেশগুলোর সঙ্গে মিলিয়ে তা পরিবর্তন করে।

ট্রাম্পের স্টেট অব দ্য ইউনিয়ন ভাষণ

৪ ফেব্রুয়ারি ২০২০ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার তৃতীয় বার্ষিক 'স্টেট অব দ্য ইউনিয়ন' ভাষণ দেন। এটা ছিল মার্কিন কংগ্রেসের যৌথ অধিবেশনে ট্রাম্পের চতুর্থ ভাষণ। মার্কিন ইতিহাসে ডোনাল্ড ট্রাম্প হলেন দ্বিতীয় প্রেসিডেন্ট, যিনি অভিশংসন বিচার চলাকালে 'বার্ষিক স্টেট অব দ্য ইউনিয়ন' ভাষণ প্রদান করেন। তার আগে ১৯৯৯ সালে অভিশংসন বিচারকালে স্টেট অব দ্য ইউনিয়ন ভাষণ দিয়েছিলেন বিল ক্লিনটন।

চীনের চার স্যাটেলাইট উৎক্ষেপণ

২০ ফেব্রুয়ারি ২০২০ মহাকাশে একসাথে চারটি স্যাটেলাইট উৎক্ষেপণ করে চীন। দেশটির দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় প্রদেশ সিচুয়ানের শিচাং স্যাটেলাইট উৎক্ষেপণ কেন্দ্র থেকে স্যাটেলাইটগুলোর সফল উৎক্ষেপণ করা হয়। উৎক্ষেপণে ব্যবহার করা হয় 'লং-মার্চ-৭ ক্যারিয়ার' রকেট। এদিনের উৎক্ষেপণ কর্মসূচি ছিল লং মার্চ রকেটের ৩৬তম মিশন। উৎক্ষেপণের পর স্যাটেলাইটগুলো পরিকল্পিতভাবে ক্ষুদ্রপথে প্রবেশ করেছে।

স্যাটেলাইট উৎক্ষেপণ ও এর গতিবিধি নিয়ে কাজ করে n2yo.com ওয়েবসাইটের তথ্য মতে, মহাকাশে সবচেয়ে বেশি স্যাটেলাইট রয়েছে যুক্তরাষ্ট্রের; ১৬৭৬টি। এরপরেই রয়েছে চীন; ২৯৮টি। এছাড়া আরো উল্লেখযোগ্য কয়েকটি দেশ এবং মহাকাশে তাদের স্যাটেলাইট সংখ্যা—জাপান ১৭২টি, ভারত ৮৮টি, ফ্রান্স ৬৮টি, যুক্তরাজ্য ৪২টি, দক্ষিণ কোরিয়া ২৪টি, স্পেন ২৩টি, তুরস্ক ১৪টি, সৌদি আরব ১৩টি ও পাকিস্তান ৩টি।

ডোনাল্ড ট্রাম্পের ভারত সফর

২৪-২৫ ফেব্রুয়ারি ২০২০ ভারত সফর করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বিশ্বের সবচেয়ে বড় গণতান্ত্রিক দেশটিতে এটিই ছিল ক্ষমতায় আসার পর ট্রাম্পের প্রথম সফর। সফরে 'নমস্তে ট্রাম্প' নামের সংবর্ধনা অনুষ্ঠানে গিয়ে তিনি ভারত ও যুক্তরাষ্ট্রের মধ্যে তিন বিলিয়ন মার্কিন ডলারের (প্রায় ২৫,৫০০ কোটি টাকা) এক ঐতিহাসিক প্রতিরক্ষা চুক্তির ঘোষণা দেন।

এছাড়া সফরকালে ট্রাম্প গুজরাটের আহমেদাবাদে নির্মিত বিশ্বের সবচেয়ে বড় ক্রিকেট স্টেডিয়াম উদ্বোধন করেন। ১,১০,০০০ দর্শক ধারণক্ষমতা সম্পন্ন সর্দার প্যাটেল স্টেডিয়াম নামের এ স্টেডিয়ামটি উদ্বোধন হওয়ার ফলে অস্ট্রেলিয়ার মেলবোর্ন ক্রিকেট স্টেডিয়াম বিশ্বের সবচেয়ে বড় ক্রিকেট স্টেডিয়ামের খেতাব হারায়।



আরো ৬ দেশের নাগরিকদের ওপরে ট্রাম্পের ভ্রমণ নিষেধাজ্ঞা

৩১ জানুয়ারি ২০২০ ভিসা নিষেধাজ্ঞা সংক্রান্ত এক নির্বাহী আদেশে স্বাক্ষর করেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এতে আরও ছয়টি দেশের নাগরিকদের ওপরে ভ্রমণ নিষেধাজ্ঞা জারি করা হয়। দেশগুলো—নাইজেরিয়া, ইরিত্রিয়া, মিয়ানমার, কিরগিজস্তান, সুদান ও তানজানিয়া। নিরাপত্তা ও তথ্য ভাগাভাগি বিষয়ে যুক্তরাষ্ট্রের বৈধে দেয়া মান অর্জনে বার্থ হওয়ায় নতুন-এ ছয় দেশকে নিষেধাজ্ঞার আওতায় আনা হয়। ২১ ফেব্রুয়ারি ২০২০ ট্রাম্প প্রশাসনের নতুন এ নীতি কার্যকর হয়। নিষেধাজ্ঞার ফলে ইরিত্রিয়া, নাইজেরিয়া, মিয়ানমার ও কিরগিজস্তানের নাগরিকদের যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে বসবাসের সুযোগ কমে আসবে। আর সুদান ও তানজানিয়ার নাগরিকদের জন্য বন্ধ হবে 'ডাইভারসিটি ভিসা' (ডিভি লটারি)। তবে দেশ ছয়টির নাগরিকদের ভ্রমণ ভিসা, শিক্ষার্থী ও ব্যবসা সংশ্লিষ্ট ভিসা আগের মতোই চালু থাকবে। অর্থাৎ পর্যটক হিসেবে যুক্তরাষ্ট্রে ভ্রমণের সুযোগ পাবেন এসব দেশের নাগরিকরা।

২০১৭ সালে ক্ষমতাসীন হয়ে ৭টি দেশের ওপরে ভ্রমণ নিষেধাজ্ঞা জারি করেছিলেন ট্রাম্প। দেশগুলো—ইরান, উত্তর কোরিয়া, লিবিয়া, সোমালিয়া, সিরিয়া, ইয়েমেন ও ভেনিজুয়েলা। ৩১ জানুয়ারি ২০২০ ট্রাম্প স্বাক্ষরিত নির্বাহী আদেশে এসব দেশের ওপরে নিষেধাজ্ঞা বহাল থাকার কথাও বলা হয়।

ভারতীয় সেনাবাহিনীতে লিঙ্গবৈষম্যের অবসান

১৭ ফেব্রুয়ারি ২০২০ ভারতীয় সেনাবাহিনীতে লিঙ্গবৈষম্য দূর করতে ঐতিহাসিক এক রায় দেন দেশটির সুপ্রিম কোর্ট। এ রায়ের মাধ্যমে সেনাবাহিনীতে নারীদের 'স্থায়ী কমিশন' দেয়ার নির্দেশ দেয়া হয়। একমাত্র কমব্যাট উইং, অর্থাৎ যারা সরাসরি যুদ্ধ করেন—এ নির্দেশের বাইরে থাকছেন। তবে সেখানেও নারীরা যাতে পুরুষদের সমান অন্যান্য সুযোগ-সুবিধা পান, তা নিশ্চিত করতে হবে। ভারতীয় সেনাবাহিনীর সকল স্তরে আগামী তিন মাসের মধ্যে এ নির্দেশ বাস্তবায়ন করতে দেশটির সরকারকে নির্দেশ দেন আদালত।

ভারতীয় সেনাবাহিনীতে ১৯৯২ সালের আগে নারীরা শুধু চিকিৎসা পরিবেশায় নিয়োগ পেতেন। এরপর নারীদের জন্য ১৪ বছরের 'শর্ট সার্ভিস কমিশন' চালু হয়। এর আওতায় নারীরা ভারতীয় সেনা পরিষেবা বিভাগ, অস্ত্র কারখানা, শিক্ষা ও বিচার বিভাগ, ইঞ্জিনিয়ারিং, সিগন্যাল, গোয়েন্দা এবং ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে ১০-১৪ বছর পর্যন্ত কাজের সুযোগ পাচ্ছিলেন। কিন্তু পদাতিক, গোলন্দাজ বাহিনীতে কাজ করার সুযোগ ছিল না। বিমান বাহিনী ও নৌবাহিনীর ক্ষেত্রেও তাদের নিয়োগ কিছু ক্ষেত্রে সীমাবদ্ধ ছিল। পুরুষদের মতো ২০ বছর কাজ করার সুযোগ তাদের ছিল না। এ নিয়ে দিল্লি হাইকোর্টে আবেদন করে শস্ত্র বাহিনীতে যুদ্ধ করার এবং কমার্শিয়াল অফিসার পদে নিযুক্ত হওয়ার অধিকার আদায় করেছিলেন শস্ত্র বাহিনীর ৫৭ জন নারী। কিন্তু হাইকোর্টের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে আবেদন করেছিল কেন্দ্রীয় সরকার। ২০১০ সাল থেকে সেই আবেদন বিচারাধীন ছিল। সম্প্রতি তা নিয়ে নতুন করে গুনানি শুরু হলে আদালতে সরকার পক্ষ যুক্তি দেয়—সেনা সদস্যদের বড় একটি অংশ আসে গ্রাম থেকে, নারী কর্মকর্তাদের আদেশ মানার মতো মানসিকতা তাদের মধ্যে নেই। পাশাপাশি নারীদের শারীরিক গঠনগত সীমাবদ্ধতার কারণে তারা যুদ্ধ করার উপযুক্ত নন; মাতৃত্ব, শিশুপালন ও যুদ্ধক্ষেত্রে শত্রুর হাতে ধরা পড়ার সম্ভাবনা এসব প্রসঙ্গ তুলে ধরা হয়। সুপ্রিম কোর্ট কেন্দ্রীয় সরকারের এমন মানসিকতার তীব্র সমালোচনা করেন। সেনাবাহিনীতে নারীদের নিয়োগের সিদ্ধান্ত প্রগতিশীল পদক্ষেপ এবং এ নিয়ে কোনো রকম বৈষম্য চলবে না বলে মন্তব্য করেন। আদালত বলেন, "নারীরা পুরুষ সহকর্মীদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করেন। কেন্দ্রীয় সরকারের যুক্তি পুরনো ধারণাপ্রসূত ও লিঙ্গবৈষম্যমূলক।"



ট্রাম্পের মধ্যপ্রাচ্য পরিকল্পনা প্রকাশ



আরেক বেলফোর ঘোষণা

ইহুদিদের জন্য একটি নতুন রাষ্ট্র প্রতিষ্ঠায় ব্রিটেনের অঙ্গীকারের পর ২ নভেম্বর ১৯১৭ 'বেলফোর ঘোষণা' দেয়া হয়। তৎকালীন ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী জেমস আর্থার বেলফোর এঁর ফিলিস্তিনি ভূখণ্ডে ইহুদিদের জন্য কথিত রাষ্ট্র প্রতিষ্ঠার পক্ষে ব্রিটেনের অবস্থানের ঘোষণা দেন। বেলফোর ঘোষণার মাধ্যমেই প্রতিষ্ঠিত হয় মধ্যপ্রাচ্যের বিষয়ফোড়া হিসেবে খ্যাত ইহুদি রাষ্ট্র ইসরাইল। ২৮ জানুয়ারি ২০২০ ট্রাম্পের মধ্যপ্রাচ্য শান্তি পরিকল্পনা ঘোষণার পর তাকে 'নতুন বেলফোর ঘোষণা' হিসেবে আখ্যা দিয়ে তা প্রত্যাখ্যান করেন ফিলিপাইনিরা।

২৮ জানুয়ারি ২০২০ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বহুল আলোচিত তথাকথিত 'মধ্যপ্রাচ্য শান্তি পরিকল্পনা' প্রকাশ করেন। ট্রাম্পের প্রস্তাবিত এ পরিকল্পনার মূল পরিকল্পনাকারী তার জ্যেষ্ঠ কন্যা ইভাঙ্কা ট্রাম্পের স্বামী ও ইহুদি উপদেষ্টা জ্যারেড কুশনার। ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর উপস্থিতিতে ঘোষিত মধ্যপ্রাচ্য শান্তি পরিকল্পনাকে অনেকে Deal of the Century বা শতাব্দীর সেরা চুক্তি নামে অভিহিত করলেও প্রকাশান্তরে তা পরিণত হয়েছে Bluff of Millennium বা সহস্রাব্দের সেরা ধাপ্পাবাজিতে। কী রয়েছে এ পরিকল্পনায়? তার এ রূপরেখা তুলে ধরা হলো এখানে।

যা রয়েছে ট্রাম্পের পরিকল্পনায়

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মধ্যপ্রাচ্য শান্তি পরিকল্পনা নামে যে প্রস্তাব ২৮ জানুয়ারি ২০২০ বিশ্ববাসীর সামনে তুলে ধরেন, তা মূলত নিজেদের ভূমি থেকে ফিলিস্তিনি উৎখাতের এক নীল নকশা। ১৯৪৫ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের ডামাডোলে এর আনুষ্ঠানিকতা শুরু হয়েছিল যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট হ্যারি ট্রুম্যানের হাত ধরে। তিনিই ছিলেন ফিলিস্তিনিদের ভূমিতে ইসরাইল রাষ্ট্রের গোড়াপত্তনের প্রধান মদতদাতা। ১৮৫ পৃষ্ঠাব্যাপী বর্ণিত ট্রাম্পের ঘোষিত মধ্যপ্রাচ্য শান্তি পরিকল্পনার উল্লেখযোগ্য বিষয়সমূহ—

- ❖ ফিলিস্তিনিদের অবশ্যই ইসরাইল ও ইহুদি রাষ্ট্রকে মেনে নিতে হবে।
- ❖ জর্ডান নদীর পুরো পশ্চিম অংশে ইসরাইলের নিরাপত্তা বলয় বর্তমানের মতো চালু থাকবে, স্থায়ীভাবে ইসরাইলকে পূর্বের সীমান্ত এলাকা দিয়ে দিতে হবে।
- ❖ হামাসকে সব অস্ত্র সমর্পণ করতে হবে এবং গাজায় কোনো সামরিক স্থাপনা ও সরঞ্জামাদি থাকবে না। গাজা বর্তমানে ইসলামিক হামাস মুভমেন্ট দ্বারা পরিচালিত, তারা ফিলিস্তিনি কর্তৃপক্ষকে বা ইসরাইলের পছন্দ মতো কোনো কর্তৃপক্ষকে তার কর্তৃত্ব ছেড়ে দেবে। ফিলিস্তিনের ঐতিহাসিক আল-কুদস বা জেরুজালেম শহর ফিলিস্তিন-ইসরাইলের 'অবিভক্ত রাজধানী' হিসেবে প্রতিষ্ঠিত হবে ও ইসরাইলের কর্তৃত্বের অধীন থাকবে। পূর্ব জেরুজালেমের বেশির ভাগ দখলকৃত অংশ, ওল্ড সিটি ও পবিত্র স্থানগুলো ইসরাইলের অধিকারে থাকবে। ফিলিস্তিনিরা জেরুজালেম নগরের পার্শ্ববর্তী এলাকায় পৃথকীকরণ দেয়ালের বাইরে আরু দিস নামে ছোট একটি গ্রামকে ফিলিস্তিন রাষ্ট্রের রাজধানী প্রতিষ্ঠা করতে পারবে। ফিলিস্তিন ও ইসরাইলের কাউকে তাদের ঐড়িয়র থেকে উৎখাত করা যাবে না।
- ❖ ধর্মীয় স্থাপনাগুলো সকল ধর্মের অনুসারীদের জন্য উন্মুক্ত থাকবে। আল আকসা মসজিদ ও এর আঙ্গিনা মুসলমানদের দেয়া হবে এবং টেম্পল মাউন্ট এলাকা পাবে ইহুদিরা।
- ❖ দখলকৃত পশ্চিম এলাকার নির্মিত সকল বসতি এলাকা অচিরেই ইসরাইলের মূল ভূখণ্ডের সাথে সংযুক্ত করা হবে এবং যেসব জায়গায় ফিলিস্তিনিরা বসবাস করবে, সেখানে কোনো নতুন বাড়ির নির্মাণ করা হবে না।
- ❖ কোনো ফিলিস্তিনি উদ্বাস্তুকে ইসরাইল রাষ্ট্রে অভিবাসী করা হবে না। ইসরাইল-ফিলিস্তিনি রাষ্ট্রের পূর্ণ নিরাপত্তার জন্য পুলিশ বাহিনী থাকবে। ইসরাইল-সীমান্ত ও বর্ডার ফ্রন্স নিয়ন্ত্রণ করবে। এজন্য গঠিত হবে একটি বর্ডার ফ্রন্স বোর্ড, যার সদস্য হিসেবে থাকবে তিনজন ফিলিস্তিনি, তিনজন ইসরাইলি ও একজন আমেরিকান।
- ❖ বারাদকৃত অঞ্চল নিয়ে ইসরাইলের সাথে চার বছর আলোচনা করতে পারবে ফিলিস্তিন। ঐ চার বছর ফিলিস্তিনিরা এ পরিকল্পনা নিয়ে গবেষণা ও ইসরাইলের সাথে মধ্যস্থতা করতে পারবে। এভাবে ফিলিস্তিনিরা অর্জন করবে স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র।

ট্রাম্প ঘোষিত মধ্যপ্রাচ্য শান্তি পরিকল্পনাকে 'শতাব্দীর সেরা বিশ্বাসঘাতকতা' বলে উল্লেখ করেছে ইরান। তুরস্কের প্রেসিডেন্ট এরদোগান এ পরিকল্পনাকে নিরঙ্কুশভাবে অগ্রহণযোগ্য আখ্যা দেন। ১ ফেব্রুয়ারি ২০২০ মিসরের রাজধানী কায়রোতে এক জরুরি बैठকে বসে ২২ দেশের জোট আরব লীগ, সেখানে তারা এ পরিকল্পনা প্রত্যাখ্যানের ঘোষণা দেয়। আরব লীগ নেতারা এটাকে 'শতাব্দীর যুগান্তর-ইসরাইল চুক্তি' হিসেবে অভিহিত করেন। ৩ ফেব্রুয়ারি ২০২০ ইসলামী সহযোগিতা সংস্থা (OIC) এবং ৪ ফেব্রুয়ারি ২০২০ ইউরোপীয় ইউনিয়ন (EU) ট্রাম্পের মধ্যপ্রাচ্য শান্তি পরিকল্পনাকে প্রত্যাখ্যান করে।



মার্কিন মূল্যকে

মহাকাশ বাহিনীর লোগো উন্মোচন

২৪ জানুয়ারি ২০২০ যুক্তরাষ্ট্রের নবগঠিত মহাকাশ বাহিনীর লোগো উন্মোচন করেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। লোগোটি প্রকাশের পর থেকেই তা সমালোচিত হচ্ছে। কারণ লোগোটি হয়েছে বৈজ্ঞানিক কল্পকাহিনী নিয়ে নির্মিত টিভি সিরিজ স্টার ট্রেক-এর লোগোর মতো।



শ্বলমাইন ব্যবহারে নিষেধাজ্ঞা প্রত্যাহার

২০১৪ সালে তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা উত্তর কোরিয়া ছাড়া অন্য যেকোনো দেশের ক্ষেত্রে শ্বলমাইনের ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করেন। নিষেধাজ্ঞা আরোপের পাশাপাশি মার্কিন সামরিক বাহিনীর ভাণ্ডারে থাকা শ্বলমাইনগুলো ধ্বংসেরও নির্দেশ দিয়েছিলেন ওবামা। সম্প্রতি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শ্বলমাইন ব্যবহারে মার্কিন সামরিক বাহিনীর ওপর থাকা দীর্ঘ ৬ বছরের এ নিষেধাজ্ঞা প্রত্যাহার করেন। ট্রাম্প প্রশাসনের দাবি, এ নিষেধাজ্ঞার ফলে মার্কিন সেনাদের বিভিন্ন সময় অসুবিধায় পড়তে হতো। তাই এখন থেকে বিশ্বের যেকোনো স্থানে 'বিশেষ পরিস্থিতিতে' শ্বলমাইন ব্যবহারের অনুমতি দেয়া হয় তাদের।



শুরু হয়েছে ২০২০ সালের ৫৯তম মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের স্বতন্ত্র, জটিল ও দুর্লভ প্রক্রিয়া। মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে দলীয় টিকেট পেতে হলে দীর্ঘ যাচাই-বাচাইয়ের মধ্য দিয়ে যেতে হয় মনোনয়ন প্রত্যাশীদের, যা 'প্রাইমারি' ও 'ককাস' নামে পরিচিত। এ প্রক্রিয়ার মাধ্যমে প্রতিটি রাজ্যের ডেমোক্র্যাটিক ও রিপাবলিকান সমর্থকরা নির্ধারণ করেন কারা তাদের দলের প্রেসিডেন্ট প্রার্থী হবেন। এ প্রক্রিয়া ৩ ফেব্রুয়ারি ২০২০ আইওয়া ককাসের মাধ্যমে শুরু হয়। শেষ হবে ৭ জুন ২০২০ পুয়ের্তো রিকোর প্রাইমারিতে।

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন ২০২০

প্রাইমারি ও ককাস
৩ ফেব্রুয়ারি-৭ জুন

রাজ্য ককাস
দলগুলোর স্থানীয় পর্যায়ের
বৈঠক। বিতর্ক এবং
জাতীয় সম্মেলনের জন্য
প্রতিনিধি নির্বাচনে
ভোটভুটি

রাজ্য প্রাইমারি
স্থানীয় ও রাজ্য সরকার
পরিচালিত। প্রতিনিধি
নির্বাচনে গোপন
ব্যালটে ভোট

প্রেসিডেন্ট প্রার্থী তার
রানিংমেট (ভাইস প্রেসিডেন্ট)
পছন্দ করবেন

সংখ্যাগরিষ্ঠ
প্রতিনিধি ভোটেই
প্রার্থী চূড়ান্ত হবে

ডেমোক্র্যাটিক পার্টি
জুলাই ১৩-১৬
রিপাবলিকান পার্টি
আগস্ট ২৪-২৭

জাতীয়
সম্মেলন

সাধারণ নির্বাচন
৩ নভেম্বর

প্রত্যেক রাজ্যের নাগরিকরা
ভোট দেবেন ১টি প্রেসিডেন্ট
১টি ভাইস প্রেসিডেন্ট

আনুষ্ঠানিক ভোট পরিচালিত হয়
ইলেক্টরের মাধ্যমে, যিনি নির্দিষ্ট
প্রার্থীকে ভোট দেবেন

প্রার্থীকে অবশ্যই
সংখ্যাগরিষ্ঠতা
পেতে হবে

প্রত্যেক ইলেক্টর সমান এক ভোট
৫৩৮ জন ইলেক্টর
জয়ের জন্য প্রয়োজন ২৭০

কংগ্রেসের প্রতিনিধিত্ব হিসেবে
প্রত্যেক রাজ্যে নির্দিষ্ট সংখ্যক
ইলেক্টর রয়েছে। যে প্রার্থী জয়ী
হবেন তিনি ঐ রাজ্যের সব
ইলেক্টর জিতবেন

ইলেক্টোরাল
কলেজ

অভিষেক

২০ জানুয়ারি
অভিষেক-অনুষ্ঠানের পর
নতুন প্রেসিডেন্ট দায়িত্ব
বুকে নেবেন এবং হোয়াইট
হাউসে প্রবেশ করবেন।



অভিশংসন বিচারে 'নির্দোষ' ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হওয়ার পর থেকেই নানা ঘটনা-অঘটনের জন্ম দিয়ে চলেছেন ডোনাল্ড ট্রাম্প। কখনও যৌন কেলেঙ্কারি, কখনও নির্বাচনে রুশ সংশ্লিষ্টতা, কখনও নারীদের নিয়ে আপত্তিকর মন্তব্য আবার কখনও নব্য নার্সিবাদীদের প্রশংসা করা— এমন নানা বিষয়ে ২০১৬ সালে ক্ষমতায় বসার পর থেকেই আলোচনায় ট্রাম্প। সর্বশেষ ক্ষমতার অপব্যবহার করে কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে অভিশংসিত হন তিনি। যদিও ৫ ফেব্রুয়ারি ২০২০ উচ্চকক্ষ সিনেট তাকে অভিশংসন থেকে অব্যাহতি দেয়।

অভিশংসন তদন্ত
২৪ সেপ্টেম্বর ২০১৯



ট্রাম্পের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহারের অভিযোগ তদন্তে ডেমোক্রেট নেতৃত্বাধীন প্রতিনিধি পরিষদের স্পিকার ন্যান্সি পেলেসিওর অনুমোদন।

* ২০২০ সালের নির্বাচনে সম্ভাব্য ডেমোক্রেট প্রতিদ্বন্দ্বী জো বাইডেনের বিরুদ্ধে দুর্নীতির তদন্ত করতে ইউক্রেনকে ট্রাম্প চাপ দিয়েছিলেন বলে অভিযোগ।

গণতানি
১৩-২১ নভেম্বর ২০১৯
প্রতিনিধি পরিষদের গোয়েন্দা কমিটি উন্মুক্ত তানি শুরু করে। এর আগে অষ্টাবারে সাক্ষীদের রক্ষণার সাক্ষ্য নেয়া হয়।

প্রতিবেদন প্রকাশ
৩ ডিসেম্বর ২০১৯

ট্রাম্পের বিরুদ্ধে অভিযোগের প্রমাণ পাওয়ার বিষয়টি উল্লেখ করে ৩০০ পৃষ্ঠার প্রতিবেদন প্রকাশ।

অভিযোগ
১০ ডিসেম্বর ২০১৯

প্রতিনিধি পরিষদে ট্রাম্পের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার ও কংগ্রেসের কাজে বাধা দেয়ার অভিযোগ আনা হয়।



অভিশংসিত
১৮ ডিসেম্বর ২০১৯
দুটি অভিযোগে প্রতিনিধি পরিষদে অভিশংসিত হন ট্রাম্প। সিনেটে বিচার শুরু পদক্ষেপ।

সিনেটে বিচার
১৬ জানুয়ারি ২০২০
রিপাবলিকান সংখ্যাগরিষ্ঠ সিনেটে বিচার শুরু।


দায়মুক্তি
৫ ফেব্রুয়ারি ২০২০
দুটি অভিযোগ থেকেই ট্রাম্পের দায়মুক্তি লাভ।



যুক্তরাষ্ট্রের ইতিহাসে তৃতীয় প্রেসিডেন্ট হিসেবে কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে অভিশংসিত হন ডোনাল্ড ট্রাম্প। তার আগে প্রেসিডেন্ট বিল ক্লিনটন ও আব্রাহাম লিনকনও প্রতিনিধি পরিষদে অভিশংসিত হয়েছিলেন। কিন্তু সিনেটের বিচারে তারা দোষী সাব্যস্ত না হওয়ায় কেউই ক্ষমতা হারাননি। প্রেসিডেন্টকে সিনেটের বিচারে অভিযুক্ত করে অপসারিত করতে ৬৭ জন সিনেটরের সমর্থন প্রয়োজন হয়। বর্তমানে ১০০ জন সিনেটরের মধ্যে ৫৩ জনই ছিলেন রিপাবলিকান, যে কারণে খুব সহজেই অব্যাহতি পান রিপাবলিকান প্রেসিডেন্ট ট্রাম্প। বাকি সিনেটরের মধ্যে ৪৫ জন ছিলেন ডেমোক্রেট এবং দু'জন ছিলেন স্বতন্ত্র।

ক্ষমতার অপব্যবহারের অভিযোগে অভিশংসন প্রক্রিয়ায় তার পদচ্যুতির বিষয়ে ৫২-৪৮ ভোটে জিতে ট্রাম্প। অন্যদিকে কংগ্রেসের কাজে বাধা দেয়ার অভিযোগে প্রেসিডেন্টের পদ হারানোর সম্ভাবনা খারিজ হয় ৫৩-৪৭ ভোটে। ভোটভূমিতে দলীয় বিভাজন ছিল স্পষ্ট। তবে সিনেটের মিট রমনি ছিলেন একমাত্র রিপাবলিকান, যিনি দলের সিদ্ধান্ত উপেক্ষা করে ক্ষমতার অপব্যবহারের অভিযোগে ট্রাম্পের বিপক্ষে ভোট দেন। অভিশংসন তদন্ত থেকে অব্যাহতি পাওয়ার পর ৬ ফেব্রুয়ারি ২০২০ বিজয় উদযাপন করেন ডোনাল্ড ট্রাম্প। হোয়াইট হাউজে রিপাবলিকান আইনপ্রণেতা এবং নিজের আইনজীবীদের সাথে মিলিত হয়ে ট্রাম্প বলেন, 'আমরা কোনো অন্যা্য করিনি।

শেষ পর্যন্ত যা ফল হয়েছে সেটাই আসল ঘটনা।' সে সময় তিনি বিরোধী দল ডেমোক্রেটদের ব্যাপক সমালোচনা করেন। তিনি বলেন, 'আমরা বাজে আর খারাপ লোকদের বিরুদ্ধে লড়াই করছি।' এর এক দিন পরই ৭ ফেব্রুয়ারি ২০২০ অভিশংসন বিচারে তার বিরুদ্ধে সাক্ষ্য দেয়া দুই জ্যেষ্ঠ কর্মকর্তাকে বরখাস্ত করেন ট্রাম্প। ইউরোপীয় ইউনিয়নে (EU) মার্কিন রাষ্ট্রদূত গর্ডন সোল্যান্ড এবং জাতীয় নিরাপত্তা কাউন্সিলের ইউক্রেনবিষয়ক শীর্ষ বিশেষজ্ঞ লেফটেন্যান্ট কর্নেল আলেকজান্ডার ভিটম্যানকেও সরিয়ে দেন তিনি। এছাড়া ভিটম্যানের ভাই লেফটেন্যান্ট কর্নেল ইয়েভগেনি ভিটম্যানকে হোয়াইট হাউজ থেকে সেনা দপ্তরে ফেরত পাঠানো হয়।



৩১ জানুয়ারি ২০২০ স্থানীয় সময় রাত ১১টায় (ইউরোপের কেন্দ্রীয় সময় ১২টা) ইউরোপীয় ইউনিয়নের (EU) সদস্যপদ ত্যাগ করে যুক্তরাজ্য। ইউরোপীয় ইউনিয়ন থেকে যুক্তরাজ্যের বেরিয়ে যাওয়ায় BREXIT কার্যক্রম হয়। BREXIT কার্যক্রম হওয়ায় নতুন যুগে প্রবেশ করে যুক্তরাজ্য। BREXIT'র পথ-পরিক্রমা এবং BREXIT পরবর্তী যুক্তরাজ্যে পরিবর্তন-অপরিবর্তনের রূপরেখাসহ EU'র সাথে যুক্তরাজ্যের ৪৭ বছরের সম্পর্কের ইতিকথা জানুন এ আয়োজনে।

BREXIT'র পথপরিক্রমা

২৩ জানুয়ারি ২০১৩

তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরন কথা দেন, ২০১৫ সালের নির্বাচনে তিনি জয়লাভ করলে ইউরোপীয় ইউনিয়নে থাকা কিংবা প্রস্থান নিয়ে গণভোটের আয়োজন করবেন।

২৩ জুন ২০১৬

গণভোটে ৫১.৮৯% জনগণ EU জোট ত্যাগ তথা BREXIT'র পক্ষে ভোট দেয়। গণভোটের ফল জানার পর পদত্যাগ করেন EUপন্থী নেতা ডেভিড ক্যামেরন।

১৩ জুলাই ২০১৬

প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন তেরেসা মে।

২৯ মার্চ ২০১৭

বিশ্বের জন্য EU কর্তৃপক্ষকে আনুষ্ঠানিকভাবে চিঠি দেন তেরেসা মে। শুরু হয় BREXIT কার্যক্রমের জন্য নির্ধারিত দুই বছরের ক্ষণগণনা।

২২ নভেম্বর ২০১৮

তেরেসা মে যুক্তরাজ্য-EU সম্পর্ক নির্ধারণী চুক্তি চূড়ান্ত করেন। তাতে EU নেতাদের অনুমোদন মেলে। কিন্তু ব্রিটিশ পার্লামেন্ট এটি অনুমোদন দেয়নি। ১৫ জানুয়ারি ২০১৯ থেকে শুরু করে তিনবার চেষ্টা করেও তেরেসা মে পার্লামেন্টে চুক্তি পাস করতে পারেননি। ফলে তার আমলে BREXIT পিছিয়ে যায় এবং

যুক্তরাজ্যকে ৩১ অক্টোবর ২০১৯ পর্যন্ত সময় দেয় EU। বার্থ হয়ে প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেন তেরেসা মে।

২৪ জুলাই ২০১৯

প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন ক্ষমতাসীন কনজারভেটিভ দলের প্রধান বরিস জনসন।

১৭ অক্টোবর ২০১৯

প্রধানমন্ত্রী বরিস জনসন EU'র সাথে নতুন BREXIT চুক্তি করেন। কিন্তু ব্রিটিশ পার্লামেন্ট ঐ চুক্তিতে অনুমোদন দেয়ার পরিবর্তে BREXIT পেছানোর আবেদন করলে জনসনকে বাধ্য করে। ফলে BREXIT পিছিয়ে যায় ৩১ জানুয়ারি ২০২০ পর্যন্ত।

১২ ডিসেম্বর ২০১৯

যুক্তরাজ্যে অনুষ্ঠিত হয় আগাম নির্বাচন। এতে জয়লাভ করে কনজারভেটিভ পার্টি। পুনরায় প্রধানমন্ত্রী হন বরিস জনসন। বরিস জনসনের প্রধানমন্ত্রিত্ব লাভের মাধ্যমে BREXIT কার্যক্রমের সকল বাধা দূর হয়। ফলে ব্রিটিশ রাজনীতিতে ১৩৬১ দিনের টালমাটাল পরিস্থিতি শেষে ৩১ জানুয়ারি ২০২০ বহুল আলোচিত BREXIT কার্যক্রম হয়। BREXIT কার্যক্রমের পরপরই বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে অবস্থিত ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তর থেকে নামিয়ে ফেলা হয় যুক্তরাজ্যের পতাকা ইউনিয়ন-জ্যাক।

ইতিহাসের প্রথম দেশ হিসেবে ইউরোপীয় ইউনিয়ন (EU) ত্যাগ করে যুক্তরাজ্য।

বর্তমানে EU'র সদস্য দেশ ২৭টি। সদস্যপদ গ্রহণের তারিখ অনুযায়ী দেশগুলো—

১ জানুয়ারি ১৯৫৮

বেলজিয়াম, ফ্রান্স, জার্মানি, ইতালি, লুক্সেমবার্গ ও নেদারল্যান্ডস

১ জানুয়ারি ১৯৭৩

ডেনমার্ক ও আয়ারল্যান্ড

১ জানুয়ারি ১৯৮১

গ্রিস

১ জানুয়ারি ১৯৮৬

পর্তুগাল ও স্পেন

১ জানুয়ারি ১৯৯৫

অস্ট্রিয়া, ফিনল্যান্ড ও সুইডেন

১ মে ২০০৪

সাইপ্রাস, চেকপ্রজাতন্ত্র, এস্তোনিয়া, হাঙ্গেরি, লাটভিয়া, লিথুয়ানিয়া, মাল্টা, পোল্যান্ড, স্লোভাকিয়া ও স্লোভেনিয়া

১ জানুয়ারি ২০০৭


বুলগেরিয়া ও রোমানিয়া

১ জুলাই ২০১৩

ক্রোয়েশিয়া

■ ইউরো মুদ্রা চালু নেই EUভুক্ত ৮টি দেশে— বুলগেরিয়া, ক্রোয়েশিয়া, চেক প্রজাতন্ত্র, ডেনমার্ক, হাঙ্গেরি, পোল্যান্ড, রোমানিয়া ও সুইডেন।

■ শেনগেন চুক্তির আওতাভুক্ত নয় EU'র সদস্য ৫টি দেশ— বুলগেরিয়া, ক্রোয়েশিয়া, সাইপ্রাস, আয়ারল্যান্ড ও রোমানিয়া



BREXIT'র পর পরিবর্তন-অপরিবর্তন

যুক্তরাজ্য আনুষ্ঠানিকভাবে ইউরোপীয় ইউনিয়ন ত্যাগ করার পর তাৎক্ষণিকভাবে ১১ মাসের এক অন্তর্বর্তীকালে প্রবেশ করে যুক্তরাজ্য। এ সময়ে দেশটি EU'র বিধি-বিধান মেনে চলবে। সদস্য হিসেবে জোটটিতে প্রদেয় অর্থ জোগান দেয়াও অব্যাহত রাখবে। চুক্তি মতো, দুই পক্ষের মধ্যে ৩১ জানুয়ারির পর থেকে বেশির ভাগ বিষয়ই আগের মতো থাকবে। তবে কিছু পরিবর্তন আসবে।

পরিবর্তন

- ❖ নাইজেল ফারাজহস EU পার্লামেন্টে যুক্তরাজ্যের ৭৩ এমপি সদস্যপদ হারান। EU'র সব রাজনৈতিক প্রতিষ্ঠান ও সংস্থা থেকেও বিনায় নেন।
- ❖ লাল পাসপোর্ট বদলে পুনরায় নীল রঙের পাসপোর্ট চালু।
- ❖ EU'র শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রী বরিস জনসন ও অন্য মন্ত্রী কোনো বৈঠকে থাকতে পারবেন না।
- ❖ EU ও অন্যান্য দেশের সাথে নতুন বাণিজ্য চুক্তি হবে, যা কার্যকর হবে আগামী ৩১ জানুয়ারি ২০২১-এর পর।
- ❖ ৩১ জানুয়ারি ২০২০ লেখা ৫০ পেনির ৩০ লাখ স্মারক মুদ্রা ছাড়া হবে। এতে লেখা থাকবে 'শান্তি, সমৃদ্ধি ও সব দেশের সাথে বন্ধুত্ব'।
- ❖ EU'র সাথে সমঝোতায় গঠিত যুক্তরাজ্য সরকারের BREXIT বিভাগ' বন্ধ হয়ে যায়।
- ❖ EU'র সদস্য না থাকায় যুক্তরাজ্যে অপরাধী প্রত্যর্শ করবে না জার্মানি।

অপরিবর্তন

[১১ মাসের জন্য]

- ❖ ইউরোপের অন্য দেশে বাস করা যুক্তরাজ্যের নাগরিকরা সরকারি পেনশন পাবেন।
- ❖ আগে থেকে পাওয়া মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত ড্রাইভিং লাইসেন্স ও পোষ্যপ্রাণীর পাসপোর্ট বহাল থাকবে।
- ❖ যুক্তরাজ্যের নাগরিকরা EU'র যে কোনো দেশে ইউরোপীয় হেলথ ইন্স্যুরেন্স কার্ড ব্যবহার করে সেবা নিতে পারবেন।
- ❖ যুক্তরাজ্যের নাগরিকরা ইউরোপের যে কোনো দেশ এবং ইউরোপের নাগরিকরা যুক্তরাজ্যে বাস করতে পারবেন।
- ❖ আকাশ, পানি ও রেলপথে ইউরোপ ভ্রমণ করতে পারবেন যুক্তরাজ্যের নাগরিকরা।
- ❖ অন্তর্বর্তী সময়ে EU পরিচালনায় ধর্ম অর্থ পরিশোধ করতে হবে যুক্তরাজ্যকে।
- ❖ অভিবর্তি অর্থ ও পরীক্ষা ছাড়াই চলবে যুক্তরাজ্য- EU বাণিজ্য চুক্তি।

EU'তে যুক্তরাজ্য : ভেড়া থেকে ফেরা

দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিভীষিকাময় অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে পরস্পরের মধ্যে সম্পর্ক ঝালাই করতে ২৫ মার্চ ১৯৫৭ ইউরোপের ৬টি দেশ— বেলজিয়াম, ফ্রান্স, ইতালি, লুক্সেমবার্গ, নেদারল্যান্ডস ও পশ্চিম জার্মানি স্বাক্ষর করে Treaty of Rome। এ চুক্তির মাধ্যমে ১ জানুয়ারি ১৯৫৮ প্রতিষ্ঠিত হয় European Economic Community (EEC)। ৯ আগস্ট ১৯৬১ এতে যোগদানের জন্য আবেদন করে যুক্তরাজ্য। কিন্তু যুক্তরাজ্যের এ প্রস্তাবে ১৪ জানুয়ারি ১৯৬৩ ও ১১ মে ১৯৬৭ দু'দফায় ভেটো দেয় ফ্রান্স। এরপর ২২ জানুয়ারি ১৯৭২ রানি দ্বিতীয় এলিজাবেথ European Communities Act স্বাক্ষর করলে যুক্তরাজ্যের ইউরোপিয়ান কমিউনিটিতে যোগদানের সকল বাধা দূর হয়। প্রায় এক যুগ অপেক্ষার পর ১ জানুয়ারি ১৯৭৩ ডেনমার্ক ও আয়ারল্যান্ডকে সাথে নিয়ে EEC'র সদস্যপদ লাভ করে যুক্তরাজ্য। সেসময় যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ছিলেন কনজারভেটিভ পার্টির এডওয়ার্ড হীথ। ইউরোপিয়ান কমিউনিটিতে তার যোগ দেয়ার সিদ্ধান্তটি সে সময় সহজ ছিল না। মাত্র দুই বছরের মাথায় ৫ জুন ১৯৭৫ জোট থেকে থাকা, না-থাকা প্রশ্নে অনুষ্ঠিত হয় গণভোট, যাতে ৬৭.২৩% ব্রিটিশ নাগরিক জোট থেকে থাকার পক্ষে রায় দেয়।

EEC'র সদস্য হিসেবে ৩০ নভেম্বর ১৯৭৯ খানিকটা বেক বেসে যুক্তরাজ্য। তৎকালীন প্রধানমন্ত্রী মার্গারেট থ্যাচার দাবি করেন, ইউরোপীয় বাজেটে যুক্তরাজ্যের প্রদেয় অর্থের অক্ষ যেন কমানো হয়। এমনকি তার হিসাবে, আগে যে অর্থ বাড়তি দেয়া হয়েছে, সেটোও ফেরত চেয়ে বসেন তিনি। ১৯৮৪ সাল নাগাদ ঐ অর্থ আদায়ও করেন। লৌহমানবী' খ্যাত এ নেত্রী।

৭ নভেম্বর ১৯৯২ স্বাক্ষরিত হওয়া মাস্ট্রিচট চুক্তি এবং এর ফলে ১৯৯৩ সালে জন্ম নেয় ইউরোপীয় ইউনিয়ন (EU)। এরপর EEC নাম পরিবর্তন ও অন্যান্য পরিবর্তনের মধ্য দিয়ে EU'র অন্তর্ভুক্ত হয়ে যায়।

EU'র অন্যতম উল্লেখযোগ্য অর্জনের মধ্যে রয়েছে জোটের বাজারে একক মুদ্রাব্যবস্থার প্রবর্তন। কিন্তু যুক্তরাজ্য একক মুদ্রার বাজারে যোগ দেয়নি। শুধু একক মুদ্রাব্যবস্থা নয়, EU প্রতিষ্ঠার সময় আরো অনেক নীতিমালা থেকে সরে আসে যুক্তরাজ্য। ২০০৪ সালে ১০টি দেশ EU-তে যোগ দেয়। এবং দেশের নাগরিকদের জন্য নিজেদের শ্রমবাজার উন্মুক্ত করে দেয় যুক্তরাজ্য, আয়ারল্যান্ড ও সুইডেন। এর পরিস্থিতিতে অভিবাসন নিয়ে যুক্তরাজ্যে নতুন বাণ-বিতণ্ডা জন্ম নিতে থাকে। ক্রমেই দু'দু' হতে ধকে যুক্তরাজ্যের EU ছাড়ার প্রসঙ্গ। এর ফলশ্রুতিতেই ৩১ জানুয়ারি ২০২০ কার্যকর হয় ঐতিহাসিক BREXIT। আর এতে মাধ্যমে যুক্তরাজ্যের সাথে ইউরোপীয় ইউনিয়নের ৪৭ বছর ২৯ দিন ২২ ঘণ্টার সম্পর্কের আনুষ্ঠানিক ইতি ঘটে।



নতুন রোগ COVID-19

সাম্প্রতিক সময়ে চীনে প্রাণঘাতী করোনাভাইরাসের নতুন এক প্রজাতির সংক্রমণ ঘটে। ২২ ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত তা বিশ্বের পাঁচটি মহাদেশের ৩২টি দেশে ছড়িয়ে পড়ে। প্রাণঘাতী এ ভাইরাসের সংক্রমণে স্বল্প সময়ের মধ্যে মৃত্যুর সংখ্যা ২,৫০০ অতিক্রম করে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) নতুন এ ভাইরাসের সংক্রমণকে বৈশ্বিক জরুরি অবস্থা ঘোষণা করলেও এখনো মহামারী ঘোষণা করেনি। চীনের নতুন করোনাভাইরাস সংক্রমণের একটি কালানুক্রমিক চিত্র তুলে ধরার পাশাপাশি এ ভাইরাসের ফলে সৃষ্ট নতুন রোগের নামকরণসহ বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া একের পর এক নতুন রোগের তথ্য তুলে ধরা হলো এ আয়োজনে—

রোগের নাম COVID-19

৭ জানুয়ারি ২০২০ বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) চীনের উহানে প্রাপ্ত SARS ও MERS পরিবারের সদস্য করোনাভাইরাসের সপ্তম প্রজাতির নামকরণ করে 2019 Novel Corona Virus (2019-nCoV)। এরপর ১১ ফেব্রুয়ারি ২০২০ WHO করোনাভাইরাসের সংক্রমণে ফুঁর মতো উপসর্গ নিয়ে যে রোগ হয়, তার নামকরণ করে COVID-19। এ নামের CO দিয়ে Corona, VI দিয়ে Virus ও D দিয়ে Disease (রোগ) বোঝানো হয়। আর ভাইরাস ছড়ানোর সময় হিসেবে ২০১৯ সালকে চিহ্নিত করার জন্য ব্যবহার করা হয় 19।

International Committee on Taxonomy of Viruses করোনাভাইরাসের নতুন এ প্রজাতিকে SARS-CoV-2 নামে নিখুঁত করে।

গ্রিক শব্দ করোনা (korone) থেকে সংগৃহীত শতকের দিকে ল্যাটিন ভাষায় যুক্ত হয় করোনা (corona) একটি এর অর্থ পুষ্পমালা বা পুষ্পমুকুট ১৯৬০ এর দশকে করোনাভাইরাস (coronavirus)-এর সন্ধান মেলে। আর মানবদেহে প্রথমবারের মতো এ করোনাভাইরাস শনাক্ত হয় ১৯৬০ সালে।

করোনাভাইরাসের কালপরিক্রমা

৩১ ডিসেম্বর ২০১৯

চীন সরকার দেশটির হুবেই প্রদেশের বন্দর নগরী উহানে নিউমোনিয়ার মতো একটি ভাইরাসে কয়েকজনের আক্রান্ত হওয়ার তথ্য বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে নিশ্চিত করে।

৭ জানুয়ারি ২০২০

চীনা কর্তৃপক্ষ উহানে নতুন একটি ভাইরাস শনাক্ত করা হয় বলে জানায়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এ ভাইরাসের নামকরণ করে 2019 Novel Corona Virus (2019-nCoV)।

৯ জানুয়ারি ২০২০

নতুন করোনাভাইরাসে আক্রান্ত প্রথম মৃত্যুর ঘটনা ঘটে চীনের হুবেই প্রদেশের উহানে।

১১ জানুয়ারি ২০২০

নতুন করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম ব্যক্তির মৃত্যুর তথ্য নিশ্চিত করে চীনা কর্তৃপক্ষ।

১৩ জানুয়ারি ২০২০

চীনের বাইরে প্রথমবারের মতো করোনাভাইরাস আক্রান্তের সন্ধান পাওয়া যায় থাইল্যান্ডে।

২৪ জানুয়ারি ২০২০

ইউরোপের প্রথম দেশ হিসেবে ফ্রান্সে করোনাভাইরাস আক্রান্ত রোগী শনাক্ত হয়।

২৯ জানুয়ারি ২০২০

মধ্যপ্রাচ্যের প্রথম দেশ হিসেবে করোনাভাইরাস আক্রান্ত রোগী শনাক্ত হয় সংযুক্ত আরব আমিরাতে।

৩০ জানুয়ারি ২০২০

নতুন করোনাভাইরাস নিয়ে বৈশ্বিক জরুরি অবস্থা জারি করে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)।

১ ফেব্রুয়ারি ২০২০

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে চীনের মূল ভূখণ্ডের বাইরে প্রথম কোনো মৃত্যুর ঘটনা ঘটে ফিলিপাইনে।

৬ ফেব্রুয়ারি ২০২০

করোনাভাইরাসের সংক্রমণে চীনে প্রথম বিদেশি হিসেবে মারা যায় মার্কিন এক নাগরিক। একই দিন মারা যান নতুন ধরনের করোনাভাইরাস নিয়ে প্রথম সহকর্মীদের সতর্ককারী উহানের চিকিৎসক লি ওয়েনলিয়াং।

১১ ফেব্রুয়ারি ২০২০

করোনাভাইরাসের সংক্রমণে ফুঁর মতো উপসর্গ নিয়ে যে রোগ হয় বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) তার নামকরণ করে COVID-19।

১৪ ফেব্রুয়ারি ২০২০

আফ্রিকার প্রথম দেশ হিসেবে মিসরে করোনাভাইরাস আক্রান্ত রোগী শনাক্ত।

১৫ ফেব্রুয়ারি ২০২০

নতুন করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ফ্রান্সে ৮০ বছর বয়সী এক চীনা নারী পর্যটকের মৃত্যু। এশিয়ার বাইরে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে এটাই প্রথম প্রাণহানির ঘটনা।

১৯ ফেব্রুয়ারি ২০২০

মধ্যপ্রাচ্যের প্রথম দেশ হিসেবে ইরানে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দু'জন মারা যান।



COVID-19'র লক্ষণসমূহ



যেভাবে ছড়ায়

- আক্রান্ত ব্যক্তির হাঁচি-কাশির মাধ্যমে
- আক্রান্ত ব্যক্তিকে স্পর্শ করলে
- পশু-পাখি বা গবাদি পশুর মাধ্যমে

প্রতিরোধের ব্যবস্থা



প্রতিরোধের ভালো
করে সাবান দিয়ে হাত
ধুয়ে নিন



ঘরের বাহিরে মাস্ক
ব্যবহার করুন



বিদেশ থেকে ফেরার
পর প্রায় দুই সপ্তাহ
বাহিরে কম বের হবেন



ডিম এবং মাংস রান্নার
সময় ভালো করে সিদ্ধ
করুন



পোষা বা বন্য প্রাণীদের
সাথে সাবধানে
মেলোমেশা করুন



প্রয়োজনে

IEDCR'র নিম্নোক্ত ইটলাইন
নম্বরে যোগাযোগ করুন

01937 110011

01937 000011

01927 711784

01927 711785

একের পর এক নতুন রোগ

সারা বিশ্বেই নতুন নতুন রোগের আবির্ভাব ঘটছে। দেখা যাচ্ছে, যা ছিল প্রাণীর রোগ, তাতে এখন আক্রান্ত হচ্ছে মানুষ। যেমন সোয়াইন ফ্লু— মূলত শূকরের রোগ। কিন্তু এখন এটি মানুষ থেকে মানুষে ছড়ায়। কিছু ক্ষেত্রে ভাইরাসের জিনগত পরিবর্তন হয়ে নতুন ভাইরাসের সৃষ্টি হয়। নতুন ভাইরাস অন্যান্য প্রাণীর মধ্যে সুপ্ত অবস্থায় থাকে। কিন্তু মানুষের সম্পর্কে এলে তা প্রাণঘাতী হয়ে দাঁড়ায়। যেমন— নিপাহ ভাইরাস। এ ভাইরাস বাদুড় বহন করে কিন্তু বাদুড় থেকে মানুষে এলেই সমস্যা তৈরি করে। এরকম কত রোগ প্রাণী থেকে মানুষে আসছে, তার সঠিক কোনো পরিসংখ্যান নেই। তবে ১০ বছর আগে ঢাকার একটি সম্মেলনে যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিজ কন্ট্রোলার (সিডিসি-আটলান্ট) সেন্টার ফর গ্লোবাল হেলথ-এর সহকারী পরিচালক পিটার বি রোল্যান্ড তার উপস্থাপনায় বলেছিলেন, এ পর্যন্ত প্রায় ১৪০০ জীবাণু দ্বারা মানুষের আক্রান্ত হওয়ার ইতিহাস আছে। এসব জীবাণুর ৬১%'র উৎস প্রাণিজগৎ। ১৯৮০ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত বিশ্বের মানুষ ৮৭টি নতুন রোগে আক্রান্ত হয়েছে।

নতুন রোগের সংক্রমণ নিয়মিত ঘটনা হয়ে দাঁড়িয়েছে। প্রতিবছরে ৩-৪টি নতুন রোগের আবির্ভাব ঘটছে। আবার পুরনো কিছু রোগ নতুন করেও আবির্ভূত হচ্ছে। ১৯৭০ সাল থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত বিশ্বে আলাচিতি নতুন রোগের সংখ্যা ৩২টি, যার মধ্যে ১৮টি রোগ বাংলাদেশে শনাক্ত হয়েছে।

বাংলাদেশে শনাক্ত নতুন রোগ

রোগের নাম	শনাক্ত	রোগের নাম	শনাক্ত
১. জাপানিজ এনসেফালাইটিস	১৯৭৭	১০. H5N1 (মানুষে)	২০০৮
২. এইচআইভি/এইডস	১৯৮৯	১১. চিকুনগুনিয়া	২০০৮
৩. রোট্টা ভাইরাস	১৯৯০	১২. H1N1 (সোয়াইন ফ্লু)	২০০৯
৪. পোলিও পি-১ ও পি-৩	১৯৯৬	১৩. কিউট্যানিয়াস আনথ্রাক্স	২০০৯
৫. ওষুধপ্রতিরোধী যক্ষ্মা	১৯৯৭	১৪. H9N2	২০১১
৬. ডেঙ্গু	২০০০	১৫. নোরো ভাইরাস	২০১৩
৭. লেপটোসাইরোসিস	২০০০	১৬. জিকা ভাইরাস	২০১৪
৮. নিপাহ ভাইরাস	২০০১	১৭. নেগালেরিয়া ফাউলোরি	২০১৪
৯. H5N1 (পোলট্রিতে)	২০০৭	১৮. ক্যান্ডিডা আউরিস*	২০১৬

* ওষুধপ্রতিরোধী ছত্রাক।

ব্রাজিলে নতুন ভাইরাস

সম্প্রতি ব্রাজিলের বিজ্ঞানীরা নতুন এক ধরনের ভাইরাস আবিষ্কার করেন। এটি সম্পূর্ণ অস্বীকৃত জিন থেকে সৃষ্টি, যার ৯০ শতাংশই বিজ্ঞানীদের অজানা। আজ পর্যন্ত যেসব গুরুত্বপূর্ণ নথি পাওয়া গেছে তাতে এ ভাইরাসের বিষয়ে কিছু বলা নেই। বিজ্ঞানীরা নতুন প্রজাতির এ ভাইরাসটির নাম দিয়েছেন 'ইয়ারাভাইরাস ব্রাসিলিয়েনসিস' বা 'ইয়ারাভাইরাস' (Yaravirus)। ব্রাজিলের উপকণ্ঠার দেবতার নামানুসারে এ নামকরণ করা হয়। ব্রাজিলের বেলে হরিজন্তু শহরের পামপুলহা লেক থেকে নতুন প্রজাতির এ ভাইরাস আবিষ্কার করেন বিজ্ঞানীরা।

সাম্প্রতিক বছরে বিভিন্ন প্রজাতির ভাইরাস আবিষ্কার করেছেন বিজ্ঞানীরা। এর মধ্যে একটি প্রজাতির নাম দেয়া হয়েছে জায়ান্ট ভাইরাস। তবে মানবদেহের ধ্বংসাত্মক কাজের জন্য নয়, অপেক্ষাকৃত বড় প্রোটিন সেলের কারণে এ নাম দিয়েছে বিজ্ঞানীরা। এ জায়ান্ট ভাইরাসের জিনোম (জেনেটিক বৈশিষ্ট্যের বিন্যাস বা নকশা) জটিল প্রকৃতির। তাদের জেনেটিক বৈশিষ্ট্য বিজ্ঞানীদের ধারণার বাইরে বা সাধারণ ভাইরাসের মতো নয়। বিজ্ঞানীরা বলেন, নিজস্ব ডিএনএ পুনর্গঠন বা নকল করতে সক্ষম এ ভাইরাস। তবে নতুন আবিষ্কৃত ইয়ারাভাইরাস জায়ান্ট ভাইরাস থেকে ভিন্ন।



রিপোর্ট সমীক্ষা

সাপ্তাহিক সময়ের
রিপোর্ট-জরিপ-সমীক্ষার
খবরাখবর নিয়ে আমাদের
এ আয়োজন

Traffic Index 2020

সম্প্রতি বহুজাতিক গবেষণা প্রতিষ্ঠান Numbeo প্রকাশ করে Traffic Index 2020। বিশ্বের বিভিন্ন দেশের রাজধানী ও গুরুত্বপূর্ণ ২২৮টি শহরের নানা পরিসংখ্যান সংগ্রহ করে অনলাইনে প্রকাশিত এ সূচক অনুযায়ী—

- । যানজটে বিশ্বের শীর্ষ ৫ শহর— ১. লাগোস, নাইজেরিয়া; ২. কলম্বো, শ্রীলংকা; ৩. লস অ্যাঞ্জেলেস, যুক্তরাষ্ট্র; ৪. দিল্লি, ভারত ও ৫. নাইরোবি, কেনিয়া।
- । বিশ্বে কম যানজটপূর্ণ ৫ শহর : ১. বাসেল, সুইজারল্যান্ড; ২. নোভি সেড, সার্বিয়া; ৩. ভিয়েনা, অস্ট্রিয়া; ৪. কোপেনহেগেন, ডেনমার্ক ও ৫. ফ্রাঙ্কফুর্ট, জার্মানি।
- । সূচকে বাংলাদেশের রাজধানী ঢাকার অবস্থান দশম।

বিশ্বের ব্যয়বহুল দেশ

৩ ফেব্রুয়ারি ২০২০ মার্কিন CEOWORLD Magazine 'বিশ্বের ব্যয়বহুল দেশ' শীর্ষক প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদনের শিরোনাম Most Expensive Countries In The World to Live In, 2020। ১৩২টি দেশের দ্রব্যমূল্য, রেস্তোরাঁ, হোটেল ভাড়া সহ জীবনযাত্রার বিভিন্ন খরচ বিবেচনা করে এ তালিকাটি তৈরি করা হয়। প্রতিবেদন অনুযায়ী—

- । শীর্ষ ৫ ব্যয়বহুল দেশ : ১. সুইজারল্যান্ড, ২. নরওয়ে, ৩. আইসল্যান্ড, ৪. জাপান ও ৫. ডেনমার্ক।
- । সর্বনিম্ন ৫ ব্যয়বহুল দেশ : ১৩২. পাকিস্তান, ১৩১. আফগানিস্তান, ১৩০. ভারত, ১২৯. সিরিয়া ও ১২৮. উজবেকিস্তান।
- । সার্কভুক্ত দেশের অবস্থান : ১১০. বাংলাদেশ, ১১২. শ্রীলংকা, ১২২. নেপাল, ১৩০. ভারত, ১৩১. আফগানিস্তান ও ১৩২. পাকিস্তান।

জাহাজ ভাঙ্গায় শীর্ষ দেশ

বেলজিয়ামভিত্তিক বেসরকারি সংস্থা Shipbreaking Platform ৪ ফেব্রুয়ারি ২০২০ Shipbreaking Records শীর্ষক প্রতিবেদন প্রকাশ করে। প্রতিবেদন অনুযায়ী—

- । ২০১৯ সালে জাহাজ ভাঙ্গায় শীর্ষে বাংলাদেশ। সীতাকুণ্ডের উপকূলে জাহাজভাঙ্গা কারখানা এসব জাহাজ ভাঙা হয়।
- । ২০১৯ সালের জাহাজ ভাঙ্গায় বিশ্বের সমুদাগামী পুরনো জাহাজ বিক্রি হয় ৬৭৪টি। এর মধ্যে বাংলাদেশ কিনে সর্বাধিক ৩৬৬টি জাহাজ।

বৈশ্বিক 'থিংক ট্যাঙ্ক' র‍্যাঙ্কিং

যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয় ২০০৬ সাল থেকে প্রণয়ন করে আসছে Global Go To Think Tank Index Report। ২৭ জানুয়ারি ২০২০ প্রকাশিত হয় ২০১৯ সালের র‍্যাঙ্কিং। এবারের তালিকা প্রণয়নে ৮,২৪৮টি গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা কার্যক্রম ও তার প্রভাব বিশ্লেষণ করা হয়। অঞ্চলভিত্তিক



গবেষণা প্রতিষ্ঠানের সংখ্যা—

- ইউরোপ : ২২১৯টি
- উত্তর আমেরিকা : ২০৫৮টি
- এশিয়া : ১৮২৯টি
- উত্তর ও মধ্য আমেরিকা : ১০২৩টি
- সাব-সাহারা আফ্রিকা : ৬১২টি
- মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকা : ৫০৭টি

■ বিশ্বের সেরা থিংক ট্যাঙ্ক প্রতিষ্ঠান

Carnegie Endowment for International Peace, যুক্তরাষ্ট্র।

■ বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (BIDS)-এর অবস্থান বিশ্বে ১০৪তম। প্রকাশিত প্রতিবেদনে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়া এবং প্রশান্ত মহাসাগরীয় এলাকার (ভারত বাদে) দেশগুলোর ১০৭টি সেরা থিংক ট্যাঙ্কের আলাদা একটি তালিকা করা হয়, যেখানে BIDSসহ বাংলাদেশের ১৩টি গবেষণা সংস্থার নাম রয়েছে। বাংলাদেশের প্রতিষ্ঠানগুলোর অবস্থান—

১৭. বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (BIDS)
২২. বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BIISS)
৩০. ইনস্টিটিউট অব পলিসি স্টাডিজ (IPS)
৩৪. ইনস্টিটিউট অব পলিসি, অ্যান্ডভোকেশি অ্যান্ড গভর্নেন্স (IPAG)
৪৯. অন্টারনোটিভ ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (ADI)
৫৪. সেন্টার ফর পলিসি ডায়ালগ (CPD)
৫৫. বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউট (BEI)
৫৭. ইনস্টিটিউট অব গভর্নেন্স স্টাডিজ (IGS)
৫৮. আসোসিয়েটেড ফর কমিউনিটি অ্যান্ড পপুলেশন রিসার্চ (ACPR)
৬৫. বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR)
৬৬. সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট (ISWR)
৮৪. এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সমন্বিত গ্রামীণ উন্নয়ন কেন্দ্র (CIRDPAP)
৯৩. পলিসি রিসার্চ ইনস্টিটিউট (PRI)

বৈশ্বিক মেধা প্রতিযোগিতা সূচক

২২ জানুয়ারি ২০২০ আন্তর্জাতিক বাণিজ্য শিক্ষা প্রতিষ্ঠান INSEAD ২০২০ সালের Global Talent Competitiveness Index (GTCI) প্রকাশ করে। সূচকে ১৩২টি দেশ অন্তর্ভুক্ত করা হয়। ২০১৩ সাল থেকে প্রতিবছর এ সূচক প্রকাশ করে আসছে প্রতিষ্ঠানটি। সূচক অনুযায়ী—

- । শীর্ষ ৫ দেশ : ১. সুইজারল্যান্ড, ২. যুক্তরাষ্ট্র, ৩. সিঙ্গাপুর, ৪. সুইডেন ও ৫. ডেনমার্ক।
- । সর্বনিম্ন ৫ দেশ : ১৩২. ইয়েমেন, ১৩১. অ্যাঙ্গোলা, ১৩০. গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র, ১২৯. বুরুন্ডি ও ১২৮. মোজাম্বিক।
- । সার্কভুক্ত দেশের অবস্থান : ৭২. ভারত, ৮৩. শ্রীলংকা, ১০৬. পাকিস্তান, ১২১. নেপাল ও ১২৪. বাংলাদেশ।

অস্ত্র উৎপাদনে চীন দ্বিতীয়

সুইডেনের স্টকহোমভিত্তিক সংঘাত ও সশস্ত্রীকরণসংক্রান্ত আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান Stockholm International Peace Research Institute (SIPRI)। প্রতিষ্ঠানটি ২৭ জানুয়ারি ২০২০ বৈশ্বিক অস্ত্র আমদানি-রপ্তানি নিয়ে এক প্রতিবেদন প্রকাশ করে, যার শিরোনাম New SIPRI data reveals scale of Chinese arms industry। বিশ্বের শীর্ষ ১০০ অস্ত্র উৎপাদনকারী কোম্পানির তথ্যের ভিত্তিতে এ প্রতিবেদন তৈরি করা হয়। প্রতিবেদন অনুযায়ী—

- বর্তমানে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অস্ত্র উৎপাদনকারী দেশ চীন এর আগে ছিল রাশিয়া।
- বিশ্বের বৃহত্তম অস্ত্র উৎপাদনকারী তিন দেশের অস্ত্র বিক্রির বাজারমূল্য— যুক্তরাষ্ট্র : ২২৬.৬ বিলিয়ন ডলার; চীন ৭০ বিলিয়ন ডলার ও রাশিয়া : ৩৭.৭ বিলিয়ন ডলার।

বায়ুদূষণে ক্ষতি

১২ ফেব্রুয়ারি ২০২০ পরিবেশভিত্তিক গবেষণা সংস্থা Centre for Research on Energy and Clean Air (CREA) ও Greenpeace SouthEast Asia'র এক প্রতিবেদন প্রকাশিত হয়। ৪৪ পৃষ্ঠার ঐ প্রতিবেদন অনুযায়ী—

- যুক্তরাষ্ট্র, ভারত ও চীনে জীবাশ্ম জ্বালানির ব্যবহারে সর্বোচ্চ ক্ষতি হচ্ছে, যা যথাক্রমে বছরে ৬০০, ১৫০ ও ৯০০ বিলিয়ন ডলার।
- জীবাশ্ম জ্বালানির ব্যবহারের ফলে বিশ্বে প্রতি বছর প্রায় ৪৫ লাখ মানুষের অস্বাভাবিক মৃত্যু ঘটছে। যার মধ্যে রয়েছে চীনে ১৮ লাখ এবং ভারতে ১০ লাখ।
- প্রতিবছর প্রায় ৪০ হাজার শিশু বায়ুদূষণের কারণে আজমায় আক্রান্ত হয়ে মারা যাচ্ছে। অস্বাভাবিক মৃত্যুর সংখ্যাও বাড়ছে। ইউরোপীয় ইউনিয়নে প্রায় চার লাখ, যুক্তরাষ্ট্রে দুই লাখ ৩০ হাজার, বাংলাদেশে ৯৬ হাজার এবং ইন্দোনেশিয়ায় ৪৪ হাজার মানুষ প্রতি বছর বায়ুদূষণের কারণে মারা যাচ্ছে। এর প্রভাবে চীন, যুক্তরাষ্ট্র, ভারত, জার্মানি, জাপান, রাশিয়া ও যুক্তরাজ্যের অর্থনীতি প্রতি বছর ধাক্কা খাচ্ছে।

- ২০১৮ সালে সারাবিশ্বে বায়ুদূষণ ক্ষতির পরিমাণ ছিল ২.৯ ট্রিলিয়ন ডলার। জীবাশ্ম জ্বালানিকে কেন্দ্র করে ক্রমাগত বায়ুদূষণের ফলে বিশ্বের অর্থনীতিতে ব্যয় এবং অস্বাভাবিক মৃত্যুর হার বেড়ে গেছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) তথ্যানুযায়ী—

- বায়ুদূষণের প্রভাবে প্রতি বছর বিশ্বে ৪২ লাখ মানুষের মৃত্যু হচ্ছে। এদের মধ্যে বেশিরভাগ হৃদরোগ, মস্তিষ্কে রক্তক্ষরণ, ফুসফুসে ক্যান্সার ও শ্বাসযন্ত্রের অসুস্থতায় ভুগছে।
- ভারতের নয়াদিল্লিতে বায়ুদূষণের প্রভাব সবচেয়ে বেশি।
- বায়ুদূষণের ফলে বিশ্বে ২৯ শতাংশ মানুষ ফুসফুস ক্যান্সারে, ১৭ শতাংশ শ্বাসযন্ত্রের অসুস্থতায় এবং ৭৫ শতাংশ হৃদরোগ ও মস্তিষ্কের রক্তক্ষরণে আক্রান্ত হচ্ছে।



বৈশ্বিক শিশু প্রতিবেদন

বিভিন্ন দেশে শিশুদের পরিবেশ ও সামাজিক নিরাপত্তা বিষয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO), জাতিসংঘ শিশু তহবিল (UNICEF) ও বিশ্বখ্যাত চিকিৎসাবিষয়ক সাময়িকী ল্যান্সেট-এর যৌথ উদ্যোগে এক সমীক্ষা চালানো হয়। ৪০ জন শিশু বিশেষজ্ঞ নিয়ে চালানো হয় এ সমীক্ষা। A Future for the Worlds Children? A WHO-UNICEF-Lancet Commission শীর্ষক এ সমীক্ষায় তারা Flourishing Rank (সমৃদ্ধি তালিকা) ও Sustainability Rank (টেকসই তালিকা) নামে ১৮০টি দেশের তালিকা প্রকাশ করে। ১৮ ফেব্রুয়ারি ২০২০ এ সমীক্ষার ফলাফল প্রকাশিত হয়।

একটি দেশে শিশুরা সামাজিকভাবে কতটা সুরক্ষিত, তাদের হিংসার শিকার হতে হয় কি-না, শিশুদের শিক্ষার ও খাদ্যের অধিকার রক্ষা করা হয় কি-না, শিশু আত্মহত্যার হার কত, পাঁচ বছরের কমবয়সী শিশুদের মধ্যে মৃত্যুর হার কত— এ ধরনের বেশ কয়েকটি প্রশ্ন নিয়ে গবেষকরা তৈরি করেন Flourishing Rank (সমৃদ্ধি তালিকা)। অন্যদিকে Sustainability Rank (টেকসই তালিকা) এর মানদণ্ড ছিল— একটি দেশ কতটুকু কার্বন নিঃসরণ করে এবং ভবিষ্যতে কতটুকু করবে।

সমৃদ্ধি তালিকা

- শীর্ষ ১০ দেশ : ১. নরওয়ে, ২. দক্ষিণ কোরিয়া, ৩. নেদারল্যান্ডস, ৪. ফ্রান্স, ৫. আয়ারল্যান্ড, ৬. ডেনমার্ক, ৭. জাপান, ৮. বেলজিয়াম, ৯. আইসল্যান্ড ও ১০. যুক্তরাজ্য।
- সর্বনিম্ন ১০ দেশ : ১. মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র, ২. শাদ, ৩. সোমালিয়া, ৪. নাইজার, ৫. মালি, ৬. গিনি, ৭. নাইজেরিয়া, ৮. দক্ষিণ সুদান, ৯. সিয়েরা লিওন ও ১০. আফগানিস্তান।
- সার্কভুক্ত দেশসমূহ : ৬৮. শ্রীলংকা, ৭২. মালদ্বীপ, ১১৩. ভুটান, ১৩১. ভারত, ১৪০. পাকিস্তান, ১৪৩. বাংলাদেশ, ১৪৪. নেপাল ও ১৭১. আফগানিস্তান।

— ব্যাখ্যানুযায়ী বাংলাদেশে শিশুদের সামাজিক নিরাপত্তার অভাব রয়েছে।

টেকসই তালিকা

- শীর্ষ ১০ দেশ : ১. বুরুন্ডি, ২. শাদ, ৩. সোমালিয়া, ৪. কম্বো, ৫. মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র, ৬. মালিবি, ৭. রুন্ডাভা, ৮. মালি, ৯. নাইজার ও ১০. মাদাগাস্কার।
- সর্বনিম্ন ১০ দেশ : ১. কাতার, ২. গ্রিনদাদা আন্ড টোবাগো, ৩. কুয়েত, ৪. সংযুক্ত আরব আমিরাত, ৫. রাহারাইন, ৬. সৌদি আরব, ৭. অস্ট্রেলিয়া, ৮. যুক্তরাষ্ট্র, ৯. কাজাখস্তান ও ১০. লুক্সেমবার্গ।
- সার্কভুক্ত দেশসমূহ : ২৬. নেপাল, ৩০. আফগানিস্তান, ৩৯. বাংলাদেশ, ৫৭. পাকিস্তান, ৬০. শ্রীলংকা, ৬৯. ভুটান, ৭৭. ভারত ও ১০৭. মালদ্বীপ।

— ব্যাখ্যানুযায়ী কার্বন নিঃসরণের ফলে বাংলাদেশের শিশুরা ঝুঁকির মধ্যে নেই।

বৈশ্বিক সামাজিক উত্তরণ সূচক

সামাজিক উত্তরণ সূচকের মাধ্যমে কোনো দেশের মানুষের জীবনমান উন্নয়নে ধনী-গরিব নির্বিশেষে সবাই শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থানসহ মৌলিক সুবিধা কতটা পাচ্ছে, সেটা বোঝানো হয়। ১৯ জানুয়ারি ২০২০ বিশ্ব অর্থনৈতিক ফোরাম (WEF) বৈশ্বিক সামাজিক উত্তরণ সূচক ২০২০ (Global Social Mobility Index 2020) প্রকাশ করে। WEF ১০টি উপসূচক দিয়ে সামাজিক উত্তরণ সূচক তৈরি করে। সূচক অনুযায়ী—

১. শীর্ষ ৫ দেশ : ১. ডেনমার্ক, ২. নরওয়ে, ৩. ফিনল্যান্ড, ৪. সুইডেন ও ৫. আইসল্যান্ড।

২. সর্বনিম্ন ৫ দেশ : ৮২. আইভরি কোস্ট, ৮১. সেনেগাল, ৮০. ক্যামেরুন, ৭৯. পাকিস্তান ও ৭৮. বাংলাদেশ।

৩. সার্কভুক্ত দেশের অবস্থান : ৫৯. শ্রীলংকা, ৭৬. ভারত, ৭৮. বাংলাদেশ ও ৭৯. পাকিস্তান।

১০টি উপসূচকে শীর্ষ দেশ ও বাংলাদেশের অবস্থান

উপসূচক	শীর্ষ দেশ	বাংলাদেশের বৈশ্বিক অবস্থান
স্বাস্থ্য	সাইপ্রাস	৭৯
শিক্ষার সুযোগ	নেদারল্যান্ডস	৭৫
শিক্ষার মান ও সমতা	সুইজারল্যান্ড	৮২
জীবনভর শিক্ষার সুবিধা	সুইডেন	৭৮
প্রযুক্তির লভ্যতা	ডেনমার্ক	৭৬
কাজের সুযোগ	আইসল্যান্ড	৭০
ন্যায্য মজুরি	বেলজিয়াম	৩৩
কাজের পরিবেশ	সুইডেন	৭৯
সামাজিক সুরক্ষা	ডেনমার্ক	৮১
সরকারি সেবার বিস্তৃতি	নেদারল্যান্ডস	৮০

বিশ্বব্যাংকের প্রতিবেদন

সম্প্রতি যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন থেকে প্রকাশিত হয় বিশ্বব্যাংকের Global Economic Prospects শীর্ষক প্রতিবেদন প্রকাশিত হয়। এতে ২০১৯ সালের প্রাক্কলিত হিসাব ব্যবহৃত হয়। প্রতিবেদন অনুযায়ী—

১. দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে খেলাপি ঋণের হার সবচেয়ে বেশি বাংলাদেশে; ১১.৪%।

২. খেলাপি ঋণে দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশের অবস্থান— ভুটান (১০.৯%), আফগানিস্তান (১০.৮%), ভারত (৯.৮%), মালদ্বীপ (৯.৩%), পাকিস্তান (৮.২%), শ্রীলংকা (৩.৬%) ও নেপাল (১.৭%)।

৩. মালয়েশিয়ায় ঋণ পরিশোধে ব্যর্থ গ্রাহকরা দেশ ছেড়ে যাওয়ার অনুমতি পান না।

৪. খেলাপি ঋণের ক্ষেত্রে সবচেয়ে বেশি কঠোর পদক্ষেপ নিয়েছে চীন। দেশটিতে খেলাপীদের ওপর ডেপোজিট ও উচ্চগতির ট্রেনের টিকিট ক্রয়ে নিষেধাজ্ঞা রয়েছে। কর্পোরেট সংস্থার নির্বাহী কিংবা প্রতিনিধি হিসেবেও কাজ করতে পারেন না খেলাপিরা। এমনকি খেলাপিরা ব্যক্তিগত পরিচয়পত্র ব্যবহার করে কোনো হোটেল সুবিধা নিতে পারেন না এবং ফ্লাইট বা জমি কিনতে পারেন না।

৫. আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী, খেলাপি ঋণের অনুপাত মোট বিতরণ করা ঋণের ২ শতাংশের মধ্যে রাখতে হয়, যা বাংলাদেশ কখনোই অর্জন করতে পারেনি।

সর্বাধিক কথিত ভাষার তালিকা


বিশ্বজুড়ে বর্তমানে ৭,১১১টি ভাষার মাধ্যমে মনের ভাব আদান-প্রদান করে মানুষ। এর মধ্যে যেসব ভাষায় সবচেয়ে বেশি ব্যবহার করা হয়, তা থেকে ১০০টি ভাষার তালিকা তৈরি করে কানাডাভিত্তিক ওয়েবসাইট Visual Capitalist। তালিকা অনুযায়ী বিশ্বের সবচেয়ে বেশি কথা বলার ১০টি ভাষা—

ভাষা	কথা বলা লোক
ইংরেজি	১১৩,২৩,৬৬,৬৮০ জন
মান্দারিন (চীন)	১১১,৬৫,৯৬,৬৪০ জন
হিন্দি	৬১,৫৪,৭৫,৫৪০ জন
স্প্যানিশ	৫৩,৪৩,৩৫,৭৩০ জন
ফরাসি	২৭,৯৮,২১,৯৩০ জন
আরবি	২৭,৩৯,৮৯,৭০০ জন
বাংলা	২৬,৫০,৪২,৪৮০ জন
রুশ	২৫,৮২,২৭,৭৬০ জন
পرتুগিজ	২৩,৪১,৬৮,৬২০ জন
ইন্দোনেশীয়	১৯,৮৭,৩৩,৬০০ জন

সারা বিশ্বে সবচেয়ে বেশি কথা বলা হয় যেসব ভাষায়, সেগুলোর শীর্ষ ১০০টির মধ্যে স্থান করে নিয়েছে বাংলাদেশের চট্টগ্রাম ও সিলেট অঞ্চলের ভাষা। সর্বাধিক কথিত ১০০ ভাষার তালিকায় ১ কোটি ৩০ লাখ ভাষাভাষী নিয়ে চট্টগ্রামিয়া ভাষা অবস্থান করে নিয়েছে ৮৮ নম্বরে। আর ১ কোটি ১৮ লাখ ভাষাভাষী নিয়ে সিলেটি ভাষার অবস্থান ৯৭তম।

মানুষের প্রথম ব্যবহৃত ভাষা

সম্প্রতি জার্মানভিত্তিক গবেষণা প্লাটফর্ম Statista মানুষের প্রথম ব্যবহৃত ভাষা (First Language) নিয়ে একটি প্রতিবেদন প্রকাশ করে। বিশ্বের ভাষা নিয়ে গবেষণাকারী প্রতিষ্ঠান Ethnologue'র তথ্য ব্যবহার করা এ প্রতিবেদন অনুযায়ী ২০১৯ সালে বিশ্বের সর্বাধিক কথিত ১০টি ভাষা—



statista

সাম্প্রতিক বৈশ্বিক সূচক-প্রতিবেদনে বাংলাদেশ

- দূর্নীতি ধারণা সূচক ২০১৯ : উর্ধ্বক্রমে ১৪৬ ও নিম্নক্রমে ১৪।
- গণতন্ত্র সূচক ২০১৯ : ৮০তম।
- বৈশ্বিক খাদ্য নিরাপত্তা সূচক : ৮৩তম।
- বৈশ্বিক স্বাস্থ্যসেবা সূচক : ৩১তম।
- গণতন্ত্র প্রতিবেদন : উদার গণতন্ত্র সূচকে (LDI) ১৪৫তম ও নির্বাচনী-গণতন্ত্র সূচকে (EDI) ১৩০তম।
- জাতীয়তার মান সূচকে : ১৩৭তম।
- বৈশ্বিক লিঙ্গসমতা সূচক : ৫০তম।
- বিশ্বব্যাংকের নারী, ব্যবসা ও আইন ২০২০ শীর্ষক প্রতিবেদন : ১৭১তম।



বাংলাদেশের বিশ্বজয়

৯ ফেব্রুয়ারি ২০২০ দক্ষিণ আফ্রিকার পচেফট্রুমে অনুষ্ঠিত ১৩তম অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের ফাইনালে চারবারের বিশ্বচ্যাম্পিয়ন ভারতকে উড়িয়ে দিয়ে বিশ্বচ্যাম্পিয়ন হয় বাংলাদেশ। যে কোনো পর্যায়ের বৈশ্বিক ক্রীড়া আসরে বাংলাদেশের এটাই প্রথম শিরোপা লাভ। বাংলাদেশের এ বিশ্বজয়ের কীর্তিগাঁথা এবং বিশ্বজয়ী যুবাদের নিয়ে আমাদের বিশেষ আয়োজন।

জাতীয় দলের আগেই বিশ্বকাপ খেলে যুব দল। ১৯৯৮ সাল থেকে বাংলাদেশ বিশ্বকাপ মিশন শুরু করে। ২২ বছরের মাথায় এসে হলো চ্যাম্পিয়ন। বৈশ্বিক টর্নামেন্টে এটা দেশের ক্রিকেটে সেরা সাফল্য।

বিশ্বজয়ের পথে

ফ্রপ পর্যায়ে ফ্রপ সি

প্রথম ম্যাচ ১৮ জানুয়ারি ২০২০

জিম্বাবুয়ে ১৩৭/৬ (২৮.১ ওভারে)

বাংলাদেশ ১৩২/১ (১১.২ ওভারে)

ফলাফল: বাংলাদেশ ৯ উইকেটে জয়ী (গুটি আইনে)

প্রেরার অব দ্য ম্যাচ: পারভেজ হোসেন ইমন

দ্বিতীয় ম্যাচ ২১ জানুয়ারি ২০২০

স্কটল্যান্ড ৮৯/১০ (৩০.৩ ওভারে)

বাংলাদেশ ৯১/৩ (১৬.৪ ওভারে)

ফলাফল: বাংলাদেশ ৭ উইকেটে জয়ী

প্রেরার অব দ্য ম্যাচ: রাকিবুল হাসান

তৃতীয় ম্যাচ ২৪ জানুয়ারি ২০২০

বাংলাদেশ ১০৬/৯ (২৫ ওভারে)

পাকিস্তান —

ফলাফল: বৃষ্টির কারণে পরিত্যক্ত

ফ্রপ চ্যাম্পিয়ন হয়ে কোয়ার্টার ফাইনালে উন্নীত

কোয়ার্টার ফাইনাল ৩০ জানুয়ারি ২০২০

বাংলাদেশ ২৬১/৫ (৫০ ওভারে)

দক্ষিণ আফ্রিকা ১৫৭/১০ (৪২.৩ ওভারে)

ফলাফল: বাংলাদেশ ১০৪ রানে জয়ী

প্রেরার অব দ্য ম্যাচ: রাকিবুল হাসান

সেমিফাইনাল ৬ ফেব্রুয়ারি ২০২০

নিউজিল্যান্ড ২১১/৮ (৫০ ওভারে)

বাংলাদেশ ২১৫/৪ (৪৪.১ ওভারে)

ফলাফল: বাংলাদেশ ৬ উইকেটে জয়ী

প্রেরার অব দ্য ম্যাচ: মাহমুদুল হাসান জয়

ফাইনাল

৯ ফেব্রুয়ারি ২০২০

ভারত ১৭৭/১০ (৪৭.২ ওভারে)

বাংলাদেশ ১৭০/৭ (৪২.১ ওভারে)

ফলাফল: বাংলাদেশ ৩ উইকেটে জয়ী (গুটি আইনে)

প্রেরার অব দ্য ম্যাচ: আকবর আলী

সর্বোচ্চ দলীয় ইনিংস ২৬১/৫

প্রতিপক্ষ দক্ষিণ আফ্রিকা। সর্বাধিক

রান: মাহমুদুল হাসান জয়; ৬ ম্যাচে

১৮৪ রান। সর্বোচ্চ ব্যক্তিগত ইনিংস

১০০ (১২৭ বলে): মাহমুদুল হাসান

জয়; প্রতিপক্ষ নিউজিল্যান্ড। সর্বাধিক

উইকেট: রাকিবুল হাসান; ৬ ম্যাচে

১২টি। সেরা বোলিং: ৫/১৯ (৯.৩

ওভার); রাকিবুল হাসান; প্রতিপক্ষ

দক্ষিণ আফ্রিকা। সর্বাধিক রান

মাহমুদুল হাসান জয়; ৬ ম্যাচে ৫টি।

অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে বাংলাদেশের পারফরমেন্স



বছর	অধিনায়ক	ফল
২০২০	আকবর আলী	চ্যাম্পিয়ন
২০১৮	সাইফ হাসান	ষষ্ঠ
২০১৬	মেহেদী মিরাজ	তৃতীয়
২০১৪	মেহেদী মিরাজ	নবম
২০১২	এনামুল হক বিজয়	সপ্তম
২০১০	মাহমুদুল হাসান	নবম
২০০৮	সোহরাওয়ার্দী শুভ	অষ্টম
২০০৬	মুশফিকুর রহিম	পঞ্চম
২০০৪	আশিকুর রহমান	নবম
২০০২	মাশরাফী বিন মোর্ত্তজা	১১তম
২০০০	হাল্লান সরকার	দশম

আইসিসি'র সেরা একাদশ



International
Cricket Council

১৩তম অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপ ক্রিকেটের পর আইসিসি'র গঠিত বিশ্বকাপ একাদশ (ব্যাটিং অর্ডার অনুযায়ী) —
যশস্বী জয়শ্যামল (ভারত), ইব্রাহিম জাদরান (আফগানিস্তান),
রবিন্দু রাসাঙ্গা (শ্রীলংকা), মাহমুদুল হাসান জয় (বাংলাদেশ),
শাহাদাত হোসেন (বাংলাদেশ), নাসিম ইয়ং (উইজিভি),
আকবর আলী (বাংলাদেশ), উইকেটরক্ষক, অধিনায়ক),
জোডেন সেলস (আফগানিস্তান), রবি বিশ্ব (ভারত), কার্ভি ক্যাগি (ভারত),
জেডেন সেলস (উইজিভি) ও অকিল কুমার (কানাডা, দ্বাদশ খেলোয়াড়)।

বিশ্বের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ মাউন্ট এভারেস্ট জয়ী প্রথম নারী জনকো তাভেই (জাপান)

www.boighar.com

www.Bonijob.com

১১ বীরোচিত সংবর্ধনা



১২ ফেব্রুয়ারি ২০২০ দেশে ফিরে বিশ্বকাপজয়ী বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ ক্রিকেট দল। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ফুলেল শুভেচ্ছার পর মিরপুরে হোম অব ক্রিকেটে হাজারো দর্শক সমর্থকদের উপস্থিতিতে ইতিহাসগড়া বিশ্বজয়ী বীরদের দেয়া হয় বীরোচিত সংবর্ধনা। কারণ বাংলাদেশের ক্রীড়া ইতিহাসে তাদের এ অর্জনই সেরা।

অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের রোল অব অনার

সাল	স্বাগতিক	চ্যাম্পিয়ন	রানার্সআপ
২০২০	দক্ষিণ আফ্রিকা	বাংলাদেশ	ভারত
২০১৮	নিউজিল্যান্ড	ভারত	অস্ট্রেলিয়া
২০১৬	বাংলাদেশ	উইন্ডিজ	ভারত
২০১৪	সং. আ. আমিরাত	দক্ষিণ আফ্রিকা	পাকিস্তান
২০১২	অস্ট্রেলিয়া	ভারত	অস্ট্রেলিয়া
২০১০	নিউজিল্যান্ড	অস্ট্রেলিয়া	পাকিস্তান
২০০৮	মালয়েশিয়া	ভারত	দক্ষিণ আফ্রিকা
২০০৬	শ্রীলংকা	পাকিস্তান	ভারত
২০০৪	বাংলাদেশ	পাকিস্তান	উইন্ডিজ
২০০২	নিউজিল্যান্ড	অস্ট্রেলিয়া	দক্ষিণ আফ্রিকা
২০০০	শ্রীলংকা	ভারত	শ্রীলংকা
১৯৯৮	দ. আফ্রিকা	ইংল্যান্ড	নিউজিল্যান্ড
১৯৮৮	অস্ট্রেলিয়া	অস্ট্রেলিয়া	পাকিস্তান

বিশ্বজয়ী বাংলাদেশ দল

বাংলাদেশে ১২ ডিসেম্বর কী দিবস পালিত হয়?

✓ ভুল ✗ জাতীয় উৎস ও যোগাযোগ প্রযুক্তি দিবস
✓ সঠিক ✗ ডিজিটাল বাংলাদেশ দিবস

নবম জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে ১২ ডিসেম্বর ২০০৮ বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা রূপকল্প ২০২১ বাস্তবায়নের যে ঘোষণা দেন তার মূল শিরোনাম ছিল 'ডিজিটাল বাংলাদেশ'। ২৭ নভেম্বর ২০১৭ মন্ত্রিসভার বৈঠকে ১২ ডিসেম্বরকে 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস' পালন করার প্রস্তাব অনুমোদন করা হয়। ২০১৭ সালে প্রথমবারের মতো 'জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস' পালন করা হলেও এক বছর পর এসে এ দিবসের নাম পরিবর্তন করা হয়। ২৬ নভেম্বর ২০১৮ মন্ত্রিসভার বৈঠকে দিবসটির নাম পরিবর্তনের প্রস্তাব অনুমোদন দেয়া হয়। দিবসটির নামকরণ করা হয় 'ডিজিটাল বাংলাদেশ দিবস'। রাষ্ট্রীয়ভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ দিবসটি পালন করে।

বাংলা পাকিস্তানের সাংবিধানিক রাষ্ট্রভাষা হিসেবে গৃহীত হয় কবে?

✗ ভুল ✗ ২৬ ফেব্রুয়ারি ১৯৫৬ ✓ সঠিক ✗ ২৯ ফেব্রুয়ারি ১৯৫৬

১৯৪৭ সালে পাকিস্তান স্বাধীন হওয়ার পর পাকিস্তানের রাষ্ট্রভাষা কী হবে এ নিয়ে বিতর্ক শুরু হয়। পাকিস্তানের কেন্দ্রীয় নেতৃবৃন্দ এবং উর্দুভাষী বুদ্ধিজীবীরা বলেন, পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে উর্দু। অন্যদিকে পূর্ব পাকিস্তান থেকে দাবি ওঠে, বাংলাকেও অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিতে হবে। কিন্তু পাকিস্তানের কেন্দ্রীয় সরকার পূর্ব বাংলার দাবিকে সম্পূর্ণরূপে উপেক্ষা করে।

২৩ ফেব্রুয়ারি ১৯৪৮ পাকিস্তানের গণপরিষদের প্রথম অধিবেশনে উর্দু এবং ইংরেজিকে সরকারি ভাষা হিসেবে নির্ধারণ করা হয়। এ অধিবেশনে পূর্ব বাংলার প্রতিনিধি ধীরেন্দ্রনাথ দত্ত পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ মানুষের ভাষা হিসেবে উর্দু ও ইংরেজির পাশাপাশি বাংলাকে সরকারি ভাষা হিসেবে গ্রহণ করার প্রস্তাব করলে তা প্রত্যাখান করা হয়। ২ মার্চ ১৯৪৮ ভাষার দাবিকে প্রতিষ্ঠানিক রূপ দিতে 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' পুনর্গঠিত হয়। এ সভায় ১১ মার্চকে 'বাংলা ভাষা দাবি দিবস' ঘোষণা করা হয় এবং এ দিন সারা দেশে হরতাল পালনের সিদ্ধান্ত নেয়। ২১ মার্চ ১৯৪৮ ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) এক নাগরিক সংবর্ধনায় মুহাম্মদ আলী জিন্নাহ ঘোষণা করেন, State language of Pakistan is going to be Urdu & no other language। ২৪ মার্চ ১৯৪৮ কার্জন হলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে মুহাম্মদ আলী জিন্নাহ পুনরায় ঘোষণা করেন, Urdu & only Urdu shall be the state language of Pakistan।



৩০ জানুয়ারি ১৯৫২ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার লাইব্রেরি হলে অনুষ্ঠিত এক সভায় কাজী গোলাম মাহবুবকে আহ্বায়ক করে 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়। এ সভায় ২১ ফেব্রুয়ারি হরতাল, সমাবেশ ও মিছিলের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। ২১ ফেব্রুয়ারি ছাত্র জেলসমূহ উপর পুলিশ বাহিনীর হামলার মধ্য দিয়ে ভাষা আন্দোলন আরও বেগবান হয়। ৭ মে ১৯৫৪ পাকিস্তানের গণপরিষদ বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি প্রদান করে। তবে বাংলা পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষার সাংবিধানিক স্বীকৃতি পায় ২৯ ফেব্রুয়ারি ১৯৫৬। ২৩ মার্চ ১৯৫৬ সংবিধান কার্যকরের মাধ্যমে তা চূড়ান্ত হয়।

পাকিস্তান সংবিধানে রাষ্ট্রভাষা-সংক্রান্ত ২১৪ অনুচ্ছেদে বলা হয়— (১) The state language of Pakistan shall be Urdu & Bengali। অর্থাৎ সংবিধানে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়।

সূত্র : বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (প্রথম খণ্ড); পৃষ্ঠা ৩৯৫, ভাষা আন্দোলনের ইতিহাস (বশীর আলহেলাল); পৃষ্ঠা ৬১৩, জাতীয় রাজনীতি ১৯৫৫ থেকে ১৯৭৫ অলি আহাদ); পৃষ্ঠা ২০৮, উচ্চ মাধ্যমিক পৌরনীতি (মো. মোজাম্মেল হক); পৃষ্ঠা ১২৭ এবং পাকিস্তানের সংবিধান ১৯৫৬।

বিশ্ববিদ্যালয়ের প্রথম নারী ভাইস চ্যান্সেলর (ডিসি) অধ্যাপক আনোয়ারা বেগম

www.boighar.com

www.boighar.com



সূর্যের চেয়েও পুরানো শিলা www.boighar.com

সূর্যের জন্মের আগে ব্রহ্মাণ্ডের যে আদিমতম কঠিন পদার্থের সৃষ্টি হয়েছিল, তার হদিস মিলেছে পৃথিবীতে। ৫৫০ কোটি বছর আগে ব্রহ্মাণ্ডের প্রচণ্ড তাপমাত্রায় এ কঠিন পদার্থের বেশিক্ষণ টিকে থাকা একেবারেই অসম্ভব ছিল। সেই তাপমাত্রায়



আজ থেকে ৫১ বছর
আগে পৃথিবীর বুকে
পড়া

‘আলেন্দে’ উল্কাপিণ্ডটি
রাখা আছে শিকার
কিন্তু মিউজিয়ামের
প্রিভিজকার সেটীর ফর
মোটরবিক্স অ্যান্ড
শালার সাইডজে

গলে বা বাষ্পীভূত হয়ে যাওয়ার কথা কোনো কঠিন পদার্থের, কিন্তু পদার্থটি গলেনি। এমনকি এখনো তা কঠিনই আছে। সেই বিরল পদার্থটির হদিস মিলেছে আজ থেকে ৫১ বছর আগে উত্তর মেক্সিকোতে আছড়ে পড়া একটি উল্কাপিণ্ড থেকে, যার নাম ‘আলেন্দে’ (Allende)। ১৯৬৯ সালের ৮ ফেব্রুয়ারিতে আলেন্দে আছড়ে পড়ে পৃথিবীর বুকে। ব্রহ্মাণ্ডের আদিমতম এ কঠিন পদার্থকে বলা হয় ‘প্রিসোলার গ্রেইনস’। আলেন্দে উল্কাপিণ্ডটির খাঁজেই ছিল ঝাপসাটে সাদা পদার্থ। কিন্তু সেটি আদতে কী, তা কী দিয়ে তৈরি, এতদিন জানা সম্ভব হয়নি। দু’বার নোবেল পুরস্কারজয়ী রসায়নবিদ মেরি কুরির স্বরণে এ পদার্থের নাম দেয়া হয়েছিল ‘কিউরিয়াস মেরি’। রাসায়নিক বিশ্লেষণের পর এবার জানা গেল, আলেন্দের খাঁজে থাকা পদার্থটি আসলে ক্যানসিয়াম ও অ্যান্টিমনিয়াম ধাতুর একটি যৌগ। আর তার মধ্যে আছে সিলিকন ও কার্বনের একটি যৌগ, সিলিকন কার্বাইড (SiC)। এটা আছে আদ্যোপাত্ত কঠিন অবস্থায়। ব্রহ্মাণ্ডে এর সৃষ্টি হয়েছিল সূর্যেরও জন্মের আগে। আজ থেকে অন্তত ৫০০-৫৫০ কোটি বছর আগে।

সূর্যের পথে সোলো

যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক মহাকাশ গবেষণা সংস্থা নাসা ও ইউরোপের সংস্থা ESA র যৌথ উদ্যোগে উৎক্ষেপণ করা হয় প্রথম (medium-class) সৌর অরবিটার বা সোলো (Solo)। ১০ ফেব্রুয়ারি ২০২০ ফ্লোরিডার কেশ ক্যানালভেরাল এয়ারফোর্স স্টেশন থেকে ইউনাইটেড লঞ্চ আলিয়ায়েস অ্যাটলাস ভি রকেটে অরবিটারটি উৎক্ষেপণ করা হয়। এ প্রথম মহাকাশ থেকে সূর্যের মেরুগুলোর ছবি তুলে পৃথিবীতে পাঠাতে পারবে এ মহাকাশযান।

সূর্যের সবচেয়ে কাছের গ্রহ সূর্যের কক্ষপথের ভেতর থেকে গড়বে এ সোলো। সেখান থেকে সোলো এমন সব তথ্য-উপাত্ত পাঠাবে, যা দিয়ে আমরা আরো ভালোভাবে বুঝতে পারব সূর্যের মূল চালিকাশক্তি কী। পৃথিবীর নিকটতম তারার যে মেরু অঞ্চল তার ক্রোজআপ ছবিও পাঠাবে সোলো।


মোটকথা, সোলো সূর্যকে এমনভাবে দেখার সুযোগ করে দেবে, যা আগে কখনো হয়নি। এ প্রকল্পের ব্যয় ধরা হয় ১.৫ বিলিয়ন ইউরো।

নক্ষত্র গিলে খায় ব্ল্যাকহোল

প্রতিটি ছায়াপথের কেন্দ্রে একটি দানবাকার ব্ল্যাকহোল বা কৃষ্ণগহ্বর থাকে। সূর্যের চেয়েও কোটি কোটি গুণ ভারী এসব ব্ল্যাকহোল চারপাশ থেকে গ্যাস গ্রাস করতে থাকে। ফলে উজ্জ্বল হয়ে জ্বলতে থাকে সেগুলো। এমনকি আন্তঃনক্ষত্র গিলে ফেলার ক্ষমতা রাখে একটি ব্ল্যাকহোল। কিন্তু কিছু ব্ল্যাকহোল কয়েক হাজার বছর একেবারে সুস্থ অবস্থায় থাকে। তারপর কোনো একদিন একটি নক্ষত্র তার খুব কাছ দিয়ে যাওয়ার সময় মুহূর্তেই তলিয়ে যায় সেখানে। একটি আন্তঃনক্ষত্র বেনামুলম গায়েব হয়ে যায় তার ভেতর। এতে সেটি কয়েক মাস ধরে সুপারনোভার মতো তীব্রভাবে জ্বলতে থাকে। এ ঘটনাকে বলে টাইডাল ডিসরাপশন ইভেন্ট (TDE)। এর মাধ্যমে ব্ল্যাকহোল সম্পর্কে নতুন নতুন তথ্য পাওয়া যাচ্ছে। যেমন— সেটি কীভাবে ঘোরে এ সম্পর্কে নতুন তথ্য মিলেছে। ভবিষ্যতে TDE-কে একক হিসেবে ধরে ব্ল্যাকহোলের ভর ও ধরন বের করবে সম্ভব হতে পারে বলে আশাবাদী জ্যোতির্বিজ্ঞানীরা।

সূর্যপৃষ্ঠের বিস্ময়কর ছবি প্রকাশ

এত কাছ থেকে এর আগে সূর্যপৃষ্ঠের যে ছবি তোলা সম্ভব হয়নি, সম্প্রতি বিস্ময়কর সেই ছবি প্রকাশ করেন বিজ্ঞানীরা। ছবিতে দেখা যায়, সূর্যপৃষ্ঠের সোনালী রঙের লাভা যেন টগবগ করে ফুটছে। এত স্পষ্ট আর বিস্তারিত দৃশ্য এর আগে বিজ্ঞানীরাও দেখেননি। জ্যোতির্বিজ্ঞানীরাও দাবি করেছেন, এখন পর্যন্ত নেয়া সূর্যপৃষ্ঠের সবচেয়ে বিস্তারিত ছবি এটি। ২৯



জানুয়ারি ২০২০ ছবিটি প্রকাশ করা হয়। নতুন প্রযুক্তির একটি শক্তিশালী সোলার টেলিস্কোপ (ড্যানিয়েল কে ইনোয়ি সোলার টেলিস্কোপ—DKIST) দিয়ে এ ছবি ধারণ করা হয়। বিশ্বের সবচেয়ে বড় এ সৌর দূরবীক্ষণ যন্ত্র স্থাপন করা হয়েছে যুক্তরাষ্ট্রের হাওয়াই দ্বীপের মাওইর হালিয়াকালায়। এটি সূর্যের নানা বিষয় নিয়ে গবেষণার কাজে ব্যবহার করা হচ্ছে।

বিজ্ঞানীরা জানান, এ টেলিস্কোপের মাধ্যমে সূর্যকে পপকর্নের ফুটন্ত পাত্রের মতো দেখাচ্ছিল। সূর্যপৃষ্ঠে বিভিন্ন আকৃতির খণ্ড খণ্ড জ্বলন্ত অংশগুলোর ছোটটিরও আয়তন কমপক্ষে ৩০ কিলোমিটার (১৮ মাইল)। অনেক ক্ষেত্রে কাঠামোগুলো যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্য টেক্সাসের আয়তনের সমান। দেখা যায়, সেগুলো উত্তেজিতভাবে ফুটছে।

বিকুট তৈরি হলো মহাকাশে

মহাকাশে প্রথমবারের মতো বানানো হয়েছে চকলেট গুঁড়া মেশানো বিকুট। মহাকাশচারীরা আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে বিশেষ ধরনের চুলায় এ বিকুট তৈরি করেন। মহাকাশচারী লুকা পারমিতানো এবং ক্রিস্টিনা কচের বিকুট তৈরির এ পরীক্ষার কথা সম্প্রতি প্রকাশ করা হয়। মহাশূন্যে ব্যবহারের উপযোগী করে বানানো এ বিশেষ ধরনের চুলাকে বলা হয় 'জিরো গ্র্যাভিটি ওভেন'। ৭ জানুয়ারি ২০২০ স্পেসঅ্যাপ ড্রাগন মহাকাশযানে পৃথক বেকিং প্যাকেটে করে তিনটি বিকুট মহাকাশ স্টেশন থেকে পৃথিবীতে পাঠানো হয়। 'ডাবল টি' নামে একটি প্রতিষ্ঠান পৃথিবী থেকে এ বিকুট বানানোর মও সরবরাহ করেছিল।

মহাকাশ স্টেশনে পরীক্ষামূলকভাবে পাঁচটি বিকুট বেক করা হয়। রান্নার সঠিক তাপমাত্রা ও সময় জানার জন্য এগুলো ভিন্ন ভিন্ন দিনে বেক করা হয়। পৃথিবীতে এ বিকুট বেক করতে ১৫০ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রায় ২০ মিনিটের মতো লাগে। তবে মহাকাশে লাগে অনেক বেশি সময়।

মহাশূন্যে টানা ৩২৮ দিন

মহাশূন্যে টানা ৩২৮ দিন ১৩ ঘণ্টা ৫৮ মিনিট থেকে রেকর্ড করেন মার্কিন নারী প্রকৌশলী ক্রিস্টিনা কচ। নারী হিসেবে সর্বোচ্চ সময় মহাকাশে থাকার রেকর্ড এখন তার।



১৪ মার্চ ২০১৯ সালের মহাকাশের উদ্দেশ্যে রওনা দিয়েছিলেন এ নভোচারী। আর ৬ ফেব্রুয়ারি ২০২০ তিনি পৃথিবীতে ফিরে আসেন। এর আগে নারীদের মধ্যে দীর্ঘ সময় মহাকাশে থাকার রেকর্ড ছিল যুক্তরাষ্ট্রের পেগি উইটসনের। তিনি টানা ২৮৮ দিন মহাকাশে অবস্থান করেছিলেন। তবে সবমিলিয়ে সর্বোচ্চ মহাকাশে থাকার রেকর্ড এখনও পেগি উইটসনের দখলে। তিনি তিনবারে মোট ৬৬৫ দিন ২২ ঘণ্টা ২২ মিনিট অতিবাহিত করেন মহাশূন্যে।

অন্যরকম অরোরা

উত্তর মেরু অঞ্চলে রাতের আকাশে হঠাৎ দৃশ্যমান হয়ে ওঠা আলোর বর্ণালিই হলো অরোরা। নিয়ন বাতি যেভাবে কাজ করে, অনেকটা একই কৌশলে অরোরা সৃষ্টি হয়ে থাকে। মজা করে বলা যায়, অরোরা হলো মহাজাগতিক নিয়ন বাতি। সাধারণ মানুষ থেকে শুরু করে বিশেষজ্ঞ সবাইকে দীর্ঘকাল ধরে এ ধরনের মেরুজ্যোতির খেলা আকর্ষণ করে আসছে। সম্প্রতি পর্যবেক্ষণকারীরা সেখানে আকাশে সম্পূর্ণ নতুন ধরনের আলোকছটা দেখতে পেরেছেন। তারা সবুজ বর্ণের এ বর্ণালির নাম দিয়েছেন 'উডিন অরোরা'। বাতাসের কারণে মরুভূমিতে যেমন বালির ঢেউ দেখা যায়, এ বর্ণালিও একই রকম মনোহর দৃশ্য ফুটিয়ে তোলে রাতের আকাশে।

বিশ্ফোরিত হবে তারা


পৃথিবী থেকে দেখা যায় এমন উজ্জ্বল নক্ষত্রগুলোর একটি বেটেলজাস। জ্যোতির্বিদরা ধারণা করছেন, তারাটি বেশ দ্রুত সুপারনোভায় পরিণত হতে যাচ্ছে। সহজ ভাষায় বলতে গেলে, এটি বিস্ফোরিত হতে যাচ্ছে। প্রথমদিকে যত সময় লাগবে বলে মনে করা হয়েছিল, এর অনেক আগেই তারাটি সুপারনোভায় পরিণত হতে যাচ্ছে। সাম্প্রতিক সময়ে বেটেলজাসের উজ্জ্বলতা বেশ দ্রুত কমে আসায় জ্যোতির্বিদরা এমন ভাবছেন। এর বয়স ৮০ লাখ থেকে এক কোটি বছর। লাল এ সুপার জায়ান্ট নক্ষত্র নিজের পারমাণবিক জ্বালানি দ্রুত মাত্রায় ব্যয় করে ফেলছে। সম্প্রতি এটি আকারে যথেষ্ট প্রসারিত হয়েছে। এর মানে নক্ষত্রটির আয়ু শেষের দিকে। পৃথিবী থেকে ৭০০ আলোকবর্ষ দূরে কালপুরুষ নক্ষত্রমণ্ডলীতে অবস্থিত বেটেলজাস পর্যায়ক্রমে প্রসারিত এবং সংকুচিত হয়। প্রসারণের ফলে এটি সূর্যের চেয়ে ৫৫০-৯২০ গুণ বড় হতে পারে। বর্তমান অবস্থা থেকে বোঝা যায়, এটি যে কোনো সময় বিস্ফোরিত হতে পারে। তবে এ জন্য এক লাখ বছর সময়ও লেগে যেতে পারে। সুপারনোভায় পরিণত হওয়ার পর বেটেলজাস পৃথিবীর চাঁদের মতো উজ্জ্বল হবে। দিনের বেলাতেও একে দেখা যাবে।


দূরের গ্রহের তথ্য দিচ্ছে কিয়প্স

বহুকাল ধরেই গ্রহের উৎপত্তি ও বিকাশ সম্পর্কে ধারণার উৎস ছিল সৌরজগত। তবে সৌরজগতের বাইরে 'এ১ পেগাসি বি' নামের প্রথম গ্রহ আবিষ্কারের পর সব পাল্টে যায়। গ্রহটি বৃহস্পতির মতো গ্যাসভিত্তিক। এর কক্ষপথ নক্ষত্রের এতই কাছে যে, মাত্র চার দিনেই বছর শেষ! সৌরজগতে গ্যাসভিত্তিক গ্রহগুলো সূর্য থেকে অনেক দূরের কক্ষপথে বিচরণ করছে। কোনো গ্রহ দু-দুটি নক্ষত্র প্রদক্ষিণ করতে পারে— এমন দৃষ্টান্ত সম্পর্কেও জানার বিজ্ঞানীরা।

সৌরজগতের বাইরে ৮,৫০০টিরও বেশি গ্রহ আবিষ্কৃত হয়েছে। তবে Characterising Exoplanets Satellite-Kepler (কিয়প্স) নামের স্যাটেলাইট প্রথমবারের মতো এমন সব এক্সোপ্লানেট পরীক্ষা করছে, যেগুলোর আকার পৃথিবীর তুলনায় এক থেকে পাঁচ গুণ বড়। সেটির মধ্যে এমন এক যন্ত্র রয়েছে, যেটি আলোর ক্ষুদ্রতম তারতম্যও পরিমাপ করতে পারে। কোনো এক্সোপ্লানেট যখন নক্ষত্রের সামনে চলে আসে, 'কিয়প্স' তখনই সেটি পর্যবেক্ষণ করে। এ কাজ করতে স্যাটেলাইটের দৃষ্টিপথে কোনো বাধা থাকলে চলবে না। বায়ুমণ্ডল নক্ষত্র থেকে আসা আলো বিকৃত করে বলে সেগুলোর ছবিও স্পষ্ট ওঠে না। সে কারণে রাশিয়ার সমুদ্র রকেটে করে মহাকাশে পাঠানো হয় কিয়প্স। পৃথিবী থেকে প্রায় ৭০০ কিলোমিটার ওপরে একটি কক্ষপথে এটি বিচরণ করছে।

সেখান থেকে এ স্যাটেলাইট এমনভাবে পৃথিবী প্রদক্ষিণ করতে পারে, যাতে সেটির টেলিস্কোপ সবসময় রাতের অন্ধকার পায়। মহাকাশের গ্রহ সব অংশেই সেটি নজর দিতে পারে। কোনো গ্রহ সেটির নক্ষত্রের সামনে দিয়ে গেলে আলোর সামান্যতম পার্থক্যও শনাক্ত করতে পারে কিয়প্স। পৃথিবীর মতো বড়ো কোনো মহাজাগতিক বস্তু নক্ষত্রের আলোর এক শতাংশেরও মাত্র একশো ভাগ ম্লান করে দেয়। কিয়প্স সেই মিটমিটে আলো এতটাই নিখুঁতভাবে পরিমাপ করতে পারে যে, গ্রহের আয়তন স্পষ্ট করে জানা যায়।





বাংলাদেশ-জিম্বাবুয়ে ক্রিকেট সূচি




ওডিআই ও টি২০

১ মার্চ	প্রথম ওডিআই	চট্টগ্রাম
৩ মার্চ	দ্বিতীয় ওডিআই	চট্টগ্রাম
৬ মার্চ	তৃতীয় ওডিআই	চট্টগ্রাম
৯ মার্চ	প্রথম টি২০	মিরপুর
১১ মার্চ	দ্বিতীয় টি২০	মিরপুর

[সবগুলো ম্যাচ ডে-নাইট]

মুজিব ১০০ টি২০ কাপ

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বিশ্ব এবং এশিয়া একাদশের মধ্যকার অনুষ্ঠে দুই ম্যাচের সূচি ঘোষণা করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। ২১ ও ২২ মার্চ ২০২০ ঢাকার মিরপুর শেরে



বাংলা টেডিয়ামে টি২০ ম্যাচ দুটি অনুষ্ঠিত হবে। প্রথম ম্যাচটি হবে রাতে এবং দ্বিতীয় ম্যাচটি হবে দিবােরাত্রি।

দুই ম্যাচের এ টি২০ সিরিজের নাম দেয়া হয়েছে 'মুজিব ১০০ টি২০ কাপ'। মুখোমুখি হতে যাওয়া দল দুটো কোনো একক দেশের না হলেও বিশেষ বিবেচনায় এ ম্যাচগুলোকে আন্তর্জাতিক মর্যাদা দিয়েছে বিশ্ব ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা আইসিসি; যেখানে খেলবেন ভারতসহ বিভিন্ন দেশের বর্তমান তারকা ক্রিকেটাররা। এ উপলক্ষে ঢাকায় বসবে ক্রিকেট কিংবদন্তিদের এক মিলনমেলা। পিএসএলের কারণে পাকিস্তানের ক্রিকেটাররা মুজিব ১০০ টি২০ সিরিজে খেলবেন না। তবে ভারতীয় ক্রিকেট বোর্ড ক্রিকেটার দেবে। বাংলাদেশ, ভারত, আফগানিস্তান ও শ্রীলংকার ক্রিকেটারদের নিয়ে হবে এশিয়া একাদশ।

ল্যাস নায়েক রোমান সানা

তীরন্দাজ রোমান সানার ২০১৯ সালটি ছিল সোনার মোড়ানো। জুন ২০১৯ নেদারল্যান্ডসে অনুষ্ঠিত বিশ্ব আর্চারি চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ জিতে টেকিও অলিম্পিকে সরাসরি খেলার যোগ্যতা অর্জন করেন তিনি। এরপর সেপ্টেম্বর ২০১৯ ফিলিপাইনে অনুষ্ঠিত এশিয়া কাপ ওয়ার্ল্ড র‍্যাংকিং আর্চারিতে ব্যক্তিগত রিকার্ভে স্বর্ণপদক জেতেন তিনি। আর সর্বশেষ ডিসেম্বরে নেপালে সাউথ এশিয়ান (SA) গেমসে জিতেন তিনটি স্বর্ণপদক।

বছর জুড়ে সাফল্য উপহার দেয়ায় বাংলাদেশ খানসার ও ভিডিপি রোমান সানাকে ল্যাস নায়েক পদে পদোন্নতি প্রদান করে। ২৮ জানুয়ারি ২০২০ তাকে ল্যাস নায়েকের ব্যাজ পরিয়ে দেন খানসার ও ভিডিপি'র মহাপরিচালক মেজর জেনারেল কাজী শরীফ কায়কোবাদ।

বাংলাদেশ প্রিমিয়ার লিগ ২০১৯-২০

আমার দ্বাদশ। শুরু ১৩ ফেব্রুয়ারি ২০২০। দল ১৩টি—বসুন্ধরা, আবাহনী, শেখ জামাল, শেখ রাসেল, মোহাম্মেডান, ব্রাদার্স, মুক্তিযোদ্ধা সংসদ, আরামবাগ, চট্টগ্রাম আবাহনী, সাইফ স্পোর্টিং, উত্তর বারিধারা, রহমতগঞ্জ ও বাংলাদেশ পুলিশ। ভেন্যু: ৭টি—ঢাকা, চট্টগ্রাম, নীলফামারী, কুমিল্লা, গোপালগঞ্জ, ময়মনসিংহ ও সিলেট।

বিগবাশ লিগ ২০১৯-২০

অস্ট্রেলিয়ার ঘরোয়া টি২০ লিগ আয়োজন ৯ম। সময়কাল ১৭ ডিসেম্বর ২০১৯-৮ ফেব্রুয়ারি ২০২০। অংশগ্রহণকারী দল ৮টি। চ্যাম্পিয়ন সিডনি সিক্সার্স। রানার্স আপ মেলবোর্ন স্টারস। ম্যান অব দ্য ফাইনাল জশ ফিলিপ (সিডনি সিক্সার্স)। প্লেয়ার অব দ্য সিরিজ: মার্কাস স্ট্যানিস (মেলবোর্ন স্টারস)। সর্বাধিক রান: মার্কাস স্ট্যানিস (মেলবোর্ন স্টারস); ৭০৫ রান। সর্বাধিক উইকেট: ড্যানিয়েল স্যামস (সিডনি থান্ডার); ৩০টি। - দ্বিতীয়বারের মতো চ্যাম্পিয়ন হয় সিডনি সিক্সার্স।

অস্ট্রেলিয়ান ওপেন ২০২০

আয়োজন ১০৮তম। সময়কাল ২০ জানুয়ারি-২ ফেব্রুয়ারি। চ্যাম্পিয়ন—

- পুরুষ: নোভাক জোকোভিচ (সার্বিয়া)
- মহিলা: সোফিয়া কেনিন (যুক্তরাষ্ট্র)
- নোভাক জোকোভিচের ১৭তম গ্র্যান্ডসলাম জয়। অন্যদিকে সোফিয়া কেনিন জিতেন ক্যারিয়ারের প্রথম শিরোপা।
- উন্মুক্ত (Open) যুগে প্রথম কোনো খেলোয়াড় হিসেবে তিনটি ভিন্ন দশকে গ্র্যান্ডসলাম জয় করেন জোকোভিচ। তার আগে অস্ট্রেলিয়ান কিংবদন্তি কেনে ব্রেক্সটেল ১৯৫০, ১৯৬০ ও ১৯৭০ এর দশকে টেনিসের গ্র্যান্ডসলাম জিতেছিলেন।

টেস্টে সর্বকনিষ্ঠ হ্যাটট্রিকম্যান

বাংলাদেশি লেগ স্পিনার অলক কাপালিকে টপকে টেস্টে সবচেয়ে কম বয়সে হ্যাটট্রিকের রেকর্ড গড়েন পাকিস্তানি পেসার নাসিম শাহ। বাংলাদেশের বিপক্ষে রাওয়ালপিন্ডি টেস্টের তৃতীয় দিনে ৯ ফেব্রুয়ারি ২০২০ এ কীর্তি গড়েন ১৬ বছর ৩৫৯ দিন বয়সী নাসিম। টানা তিন বলে আউট করেন নাজমুল হোসেন শান্ত, তাহজিল ইসলাম ও মাহমুদুল্লাহ রিয়াদকে। ২০০৩ সালে পাকিস্তানের বিপক্ষে ১৯ বছর ২৪০ দিন বয়সে হ্যাটট্রিক করেছিলেন কাপালি।

চতুর্থ পাকিস্তানি বোলার হিসেবে টেস্টে



হ্যাটট্রিক করেন নাসিম। এর আগে দুইবার এ কীর্তি গড়েন কিংবদন্তি পেসার ওয়াসিম আকরাম এবং একবার করে করেন আব্দুল রাজ্জাক ও মোহাম্মাদ সামি।

- টেস্টে বাংলাদেশের বিপক্ষে হ্যাটট্রিক সংখ্যা ৩টি। নাসিম শাহর আগে বাংলাদেশের বিপক্ষে হ্যাটট্রিক করেন জিম্বাবুয়ের অ্যাণ্ডি ব্লিনট (২০০৪) নিউজিল্যান্ডের জেমস ফ্র্যাঙ্কলিন (২০০৪)

তামিমের রেকর্ড

মিরপুর শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে বাংলাদেশ ক্রিকেট লিগের অষ্টম আসরের প্রথম রাউন্ডে ম্যাচে পূর্বাঞ্চলের হয়ে মধ্যাঞ্চলের বিপক্ষে প্রথমবারের মতো প্রথম শ্রেণির ক্যারিয়ারে তিনশ' রান করেন দেশের

ইতিহাসের অন্যতম সেরা ব্যাটসম্যান তামিম ইকবাল। পূর্বাঞ্চলের ইনিংস ঘোষণার আগে তামিম অপরাজিত ছিলেন ৩৩৪ রানে, যা ভেঙে দেয় একাধিক রেকর্ড – বাংলাদেশের পক্ষে এবং বাংলাদেশের মাটিতে প্রথম শ্রেণির ক্রিকেটে সর্বোচ্চ ব্যক্তিগত রানের রেকর্ড গড়েন তামিম ইকবাল।



বাংলাদেশে প্রথম শ্রেণির ক্রিকেটে টপল নেপথুরি

৩৩৪*

পূর্বাঞ্চল-মধ্যাঞ্চল ২০১৯-২০

তামিম ইকবাল

৩১৯

শ্রীলঙ্কা-বাংলাদেশ ২০১৩-১৪

কুমার সাধাকারী

৩১৩*

বরিশাল-গিলেট ২০০৬-০৭

রুজিবুল হাসান

১৮৬

৪২৬ বলের ইনিংসে চার-ছকায় (৪২টি চার ও ৩টি ছয়) তামিম রান করেন ১৮৬, যা প্রথম শ্রেণির ক্রিকেটে বাংলাদেশি ব্যাটসম্যানদের মধ্যে সর্বোচ্চ। আগের রেকর্ডটি ছিল মোসাদ্দেকের; ২০১৪-১৫ মৌসুমে জাতীয় লিগে বরিশালের হয়ে চট্টগ্রামের বিপক্ষে ১৮২ রানের ১৭৮ রানই তিনি করেছিলেন চার-ছকায়।

তিন বিশ্বরেকর্ডের এক ওয়ানডে

১২ ফেব্রুয়ারি ২০২০ নেপালের কীর্তিপুরের ত্রিভুবন বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় নেপাল ও যুক্তরাষ্ট্রের মধ্যে ক্রিকেটে ওয়ার্ল্ডকাপ লিগ-২'র এক ম্যাচ। এতে তিন-তিনটি বিশ্বরেকর্ডের ঘটনা ঘটে।

ওয়ানডেতে দলীয় সর্বনিম্ন

দল	বিপক্ষ	ভেন্যু	সাল
৩৫ যুক্তরাষ্ট্র	নেপাল	কীর্তিপুর	২০২০
৩৫ জিম্বাবুয়ে	শ্রীলঙ্কা	হারারে	২০০৪

বলের হিসাবে সফ্বিঞ্চ ইনিংস

৭২ যুক্তরাষ্ট্র	নেপাল	কীর্তিপুর	২০২০
৮৩ জিম্বাবুয়ে	আফগানিস্তান	হারারে	২০১৭

বলের হিসাবে সফ্বিঞ্চ ম্যাচ

১০৪ নেপাল-যুক্তরাষ্ট্র	কীর্তিপুর	২০২০
১২০ শ্রীলঙ্কা-জিম্বাবুয়ে	কলম্বো	২০০১

গোলের রাজ্যে সবার সেরা

পুরুষ ও নারী ফুটবল মিলে সবচেয়ে বেশি আন্তর্জাতিক গোলের রেকর্ড বর্তমানে কানাডার নারী দলের অধিনায়ক ক্রিস্টিন সিনক্রোয়ার। ২৯ জানুয়ারি ২০২০ টেক্সাসের এডিনবার্গে এইচ-ই-বি পার্কে কনকাকাফ অলিম্পিক বাছাইয়ে সেট কিটস আন্ড নেভিসের বিপক্ষে ১১-০ গোলের জয়ে জোড়া গোল করে রেকর্ডটি গড়েন তিনি। ভেস্লে দেন যুক্তরাষ্ট্রের সাবেক তারকা ফরোয়ার্ড অ্যানি ওয়ামব্যাকের ২৫৬ ম্যাচে করা ১৮৪ গোলের রেকর্ড। সিনক্রোয়ার তার রেকর্ড ভাঙতে খেলেন ২৯০টি ম্যাচ।

পুরুষ ফুটবলে আন্তর্জাতিক ক্যারিয়ারে ১৪৯টি ম্যাচে সর্বোচ্চ ১০৯ গোলের রেকর্ড ইরানের আলি দাইয়ের।

ইনস্টাগ্রামে রোনালদোর বিশ্বরেকর্ড

বিশ্বের প্রথম ব্যক্তি হিসেবে সামাজিক যোগাযোগ মাধ্যম ইনস্টাগ্রামে ২০০ মিলিয়ন বা ২০ কোটি ফলোয়ারের 'ম্যাজিক ফিগার' স্পর্শ করেন পর্তুগিজ ফুটবল তারকা ক্রিস্টিয়ানো রোনালদো।



দানবীর সংখ্যার ফলোয়ার ছাড়াও ইনস্টাগ্রাম থেকে বিশাল অঙ্কের অর্থও আয় করেন রোনালদো। ইনস্টাগ্রামের বিপণন প্রতিষ্ঠান 'ইপার এইচকিউ'র তথ্য অনুযায়ী, প্রতিটি পোস্টের জন্য প্রায় নয় লাখ ইউরো আয় করেন রোনালদো। আর প্রতি বছর এ প্র্যাটফর্ম থেকে তার মোট আয় প্রায় ৪৮ মিলিয়ন ইউরো।



সর্বকনিষ্ঠ অর্ধশতরানকারী

আন্তর্জাতিক ক্রিকেটে সবচেয়ে কম বয়সে অর্ধশত রানের রেকর্ড গড়েন নেপালের মিডল অর্ডার ব্যাটসম্যান কুশল মান্না। আইসিসি বিশ্বকাপ ক্রিকেট লিগের ২৭তম ম্যাচে যুক্তরাষ্ট্রের বিপক্ষে ফেব্রুয়ারি ২০২০ এ কীর্তি গড়েন তিনি। নিজেদের মাঠে ১৫ বছর ৩৪০ দিন বয়সে অভিষেক ওয়ানডেতে ৫০ রান করে। তারই স্বদেশি রোহিত পাউদেলের রেকর্ড ভাঙেন। জানুয়ারি ২০১৯ দুবাইয়ে যুক্তরাষ্ট্রের বিপক্ষে ওয়ানডেতে ১৬ বছর ১৪৬ দিন বয়সে অর্ধশত রান করেছিলেন পাউদেল। এর আগে দীর্ঘ দিন এ রেকর্ডটি ছিল পাকিস্তানের শহিদ আফিদির দখলে।

টেস্টে সবচেয়ে কম বয়সে অর্ধশত রানের রেকর্ড শটান টেকুলকারের। ১৯৮৯ সালের নভেম্বরে ফয়সালাবাদ টেস্টে ১৬ বছর ২১৩ দিন বয়সে পাকিস্তানের বিপক্ষে ৫৯ রান করেছিলেন ভারতীয় এই ব্যাটিং কিংবদন্তি। এর টি২০তে সবচেয়ে কম বয়সে অর্ধশত রানের রেকর্ড নেপালের সুদীপ জারার। ২০১৯ সালের জানুয়ারিতে ১৭ বছর ১০৩ দিন বয়সে দুবাইয়ে যুক্তরাষ্ট্রের বিপক্ষে তিনি অপরাজিত ৫৩ রান করেছিলেন।



৯ ফেব্রুয়ারি ২০২০ যুক্তরাষ্ট্রের লাস ভেগাসে ওয়ার্ল্ড আর্চারি ফেডারেশন বিভিন্ন ক্যাটাগরিতে আর্চারিতে বর্ষসেরাদের নাম ঘোষণা করে। ওয়ার্ল্ড আর্চারি ফেডারেশনের ঘোষিত বর্ষসেরা তালিকায় ২০১৯ সালের—

বর্ষসেরা ব্রেক থ্রু-আর্চারি হবার সম্মান অর্জন করেন বাংলাদেশের রোমান সানা।

বর্ষসেরা কোচ'-এর সম্মানে ভূষিত হন বাংলাদেশ জাতীয় আর্চারি দলের জার্মান কোচ মার্টিন ফ্রেডরিখ।

রোমান সানা রিকার্ডের বর্ষসেরা আর্চারির দৌড়েও সফলতা তালিকায় ছিলেন। বিশেষজ্ঞ প্যানেল এবং সাধারণের ভোটে শেষ পর্যন্ত তা জিততে না পারলেও বিশেষজ্ঞদের চোখে তিনিই ছিলেন ২০১৯ সালে অপ্রত্যাশিত পারফরমেন্স দেখানো সেরা আর্চারি

বিশ্ব রেকর্ড

বিশ্বের সবচেয়ে ছোট স্বর্ণমুদ্রা

সুইজারল্যান্ডের সরকারি টাকশাল থেকে বিশ্বের সবচেয়ে ছোট স্বর্ণমুদ্রা বের করা হয়েছে। ১৯৯ সুইস ফ্রাঙ্ক বা ১৭,৫০০ টাকায় এটি কেনা যাবে। ২০২০ সালের শ্রাব্দ মাসে মুদ্রা হিসেবে এটি বের করে



সুইসমিট। আপেক্ষিকতা তত্ত্বের জনক আলবার্ট আইনস্টাইনকে সম্মান দেখাতে মুদ্রায় তার ছবি ব্যবহার করা হয়েছে। মুদ্রাটি এতই ছোট যে এ দৃশ্য দেখতে অনেক কসরত করতে হবে। বিষয়টি চিন্তা করে সুইসমিট মুদ্রার সাথে একটি করে আতশি কাচও দিচ্ছে। ০.১২ ইঞ্চির এ মুদ্রার ওজন ০.০৬৩ গ্রাম। এ মুদ্রার সংখ্যা খুবই কম, বানানো হয়েছে মাত্র ৯৯৯টি।

কুকুরের বিশ্বরেকর্ড

মুন্ডের ভেতর ছোট টেনিস বল চুকিয়ে বিশ্বরেকর্ড করেছে একটি কুকুর। সোনালি রঙের শিকারি এ কুকুরটির নাম 'ফিনলে'। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ক্যানানদেইওয়া এলাকায় ছয় বছর বয়সী ফিনলে নামের কুকুরটি বাস করে। সে নিজেই নিজের মুখে এতগুলো বল চুকিয়ে ফেলতে পারে। ইনস্টাগ্রামে কুকুরটির একটি পেজও আছে। তাতে ফলোয়ারের সংখ্যা ৩১,৫০০। এ পেজের মাধ্যমেই সারাবিশ্বের ফিনলের অনুসারীরা তার অদ্ভুত কাজকর্ম দেখতে পান। কুকুরটির মালিক নিউইয়র্কের বাসিন্দা চেরি এবং রব মল্লয়। তার আগে ২০০৩ সালে একসাথে পাঁচটি টেনিস বল মুখে নিয়ে বিশ্বরেকর্ড করেছিল 'অগি' নামের আরেকটি কুকুর।

বিশ্বের সবচেয়ে বড় অ্যাকোয়ারিয়াম

চীনের অন্যতম সমৃদ্ধিশালী একটি নগরী হেংকিন দ্বীপ। সেখানে আছে বিশ্বের সবচেয়ে বড় অ্যাকোয়ারিয়াম, যেখানে গেলে দেখতে পাওয়া যাবে ৬৩ মিটার দৈর্ঘ্যের এক বিশাল নীল তিমির স্ট্যাচু। ভাস্কর্যটি যেন হেংকিনের অর্থনৈতিক সমৃদ্ধিরই প্রতীক। অ্যাকোয়ারিয়ামে পানি আছে প্রায় ৫০ হাজার টন। মার্চ ২০২০ এটি জনসাধারণের জন্য খুলে দেয়া হবে। এর মাধ্যমে গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসেও স্থান করে নেবে এটি। নানা ধরনের মাছের পাশাপাশি অ্যাকোয়ারিয়ামে আছে নীল সেইলফিশ, হাঙর ইত্যাদি। এর প্রবেশমূল্য ৫০ ডলার।



কচ্ছপের দীর্ঘ সাঁতার


১৬ ডিসেম্বর ২০১৭ দক্ষিণ আফ্রিকার কেপটাউনের উপকূল থেকে ইউশি নামের একটি সামুদ্রিক কচ্ছপ যাত্রা শুরু করে। যাত্রা শুরুর পর দীর্ঘ দুই বছরে সে ৩৫,৪০০ কিলোমিটার পথ অতিক্রম করে। সেই হিসাবে ইউশি ঘণ্টায় ভ্রমণ করে ৪৮ কিলোমিটার। বিশ্রাম ছাড়াই একটানা ভ্রমণ করে কচ্ছপটি। চলাচলের এ দীর্ঘ পথে অনেক হিংস্র সামুদ্রিক প্রাণীর চোখ ফাঁকি দিয়েছে সে। এটা খুবই অবিদ্বাস্য ঘটনা। এ সামুদ্রিক কচ্ছপ দীর্ঘ সাঁতারের সব রেকর্ড ভেঙে দেয়।

আতশবাজি পোড়ানোর বিশ্বরেকর্ড

সম্প্রতি সবচেয়ে বেশি পরিমাণ আতশবাজি পুড়িয়ে বিশ্বরেকর্ড গড়েছে স্তিমবোর্ড ফায়ারওয়ার্কস নামের একটি সংগঠন। আতশবাজির ওজন ছিল ২,৮০০ পাউন্ড বা ১ টনেরও বেশি। ৮ ফেব্রুয়ারি ২০২০ সন্ধ্যায় 'শীতকালীন কার্নিভাল' উপলক্ষে যুক্তরাষ্ট্রের কলোরাডোতে এ বিশাল ওজনের আতশবাজি পুড়িয়ে এ রেকর্ড গড়া হয়। এর আগে সবচেয়ে বেশি আতশবাজি পোড়ানোর রেকর্ডটি ছিল সংযুক্ত আরব আমিরাতে; ২০১৮ সালে। ঐ সময় তারা ২,৩৯৭ পাউন্ডের আতশবাজি পুড়িয়ে বিশ্বরেকর্ড গড়েছিল।

লম্বা চুলের বিশ্বরেকর্ড


ভারতের গুজরাট রাজ্যের মোদাসা শহরে নিলানশি প্যাটেল নামের ১৯ বছর বয়সী এক নারীর চুল ৬ ফুটের বেশি লম্বা। বাহারি চুলের জন্য গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে নাম লিখিয়েছেন তিনি। বলা হচ্ছে, নিলানশি হলেন বিশ্বের সবচেয়ে লম্বা চুলের তরুণী। নিলানশি এই প্রথম গিনেস বুক নাম লিখিয়েছেন ব্যাপারটা এমন নয়, এর আগে ২১ নভেম্বর ২০১৭ গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে নাম লিখিয়েছিলেন তিনি। তখন তার চুলের দৈর্ঘ্য ছিল ৫.৫৯ ফুট। তবে সেই রেকর্ড হাতছাড়া হয়েছিল তার। ২৪ জানুয়ারি ২০২০ গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস সামাজিক যোগাযোগ মাধ্যম ইনস্টাগ্রামে একটি পোস্টের মাধ্যমে জানায় ৬ ফুট ২.৮ ইঞ্চি চুলের জন্য সম্প্রতি আবার রেকর্ড ফিরে পেয়েছেন নিলানশি।



দানবাকৃতির পিৎজা।

ভয়াবহ দাবানলে আক্রান্তদের সহায়তা করতে সম্প্রতি অস্ট্রেলিয়ায় ৩৩৮ ফুটের দানবাকৃতির একটি পিৎজা বানিয়ে সবাইকে তাক লাগিয়ে দেন দেশটির সিডনি শহরের এক রেস্তোরাঁর মালিক। পিয়েরে ও রেজুমেরি নামে দুই ভাইবোনের সিডনিতে পেলেগ্রিনি নামে একটি রেস্তোরাঁর হেসেলে দানবাকৃতির পিৎজাটি বানানো হয়। পিৎজাটি মজ্জারেল্লা, টমেটো সস, বাসিল লিফ দিয়ে গারনিশ করা। অলিভ অয়েলে এ পিৎজাটি বানাতে প্রায় চার ঘণ্টা সময় ও ৯০ কেজি ময়দা লেগেছে। পরে পিৎজাটি চার হাজার খণ্ডে ভাগ করে ভোজনরসিক মানুষের মুখে তুলে দেয়া হয়।

প্রত্নতত্ত্ব



ভারতের রাজস্থানে সম্প্রতি উদ্ধার করা হয়
মোগল সম্রাট আকবরের আমলের
স্বর্ণের অক্ষরে লেখা ১,০১৪ পাতার একটি
বহু মূল্যবান কুরআন শরীফ।

দীর্ঘতম সুড়ঙ্গের সন্ধান

যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তে বিশ্বের সবচেয়ে বৃহৎ সুড়ঙ্গের সন্ধান পাওয়া গেছে। এটি সাধারণত চোরালান ও পাচারের জন্য ব্যবহার করা হয়। ৪,৩০৯ ফুট দীর্ঘ এ সুড়ঙ্গে একটি লিফট, রেললাইন, পানি নিষ্কাশন ও বাতাস চলাচল ব্যবস্থা এবং হাইড্রোলেন্টেজের বৈদ্যুতিক তার রয়েছে। এ সুড়ঙ্গের মাধ্যমে মেক্সিকোর তিজুয়ানা শহরের একটি শিল্প এলাকার সাথে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার সান ডিয়েগো এলাকার সংযোগ স্থাপিত হয়েছে। যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্তের এ এলাকায় তৎপর রয়েছে মেক্সিকোর কুখ্যাত সিনালোয়া মাদকচক্র। যুক্তরাষ্ট্র সরকার সিনালোয়াকে বিশ্বের সবচেয়ে বড় মাদক পাচারকারী গোষ্ঠীগুলোর অন্যতম একটি বলে গণ্য করে।

আলেকজান্ডারের গুপ্তধন

ফিলিস্তিনের গাজা উপকূলের কাছে বিশ্বের প্রাচীনতম কিছু মুদ্রা খুঁজে পেয়েছিলেন কয়েকজন জেলে। ২৩০০ বছর আগের মেসিডোনিয়ার শাসক আলেকজান্ডার দ্য গ্রেটের ডেকড্রাকমা মুদ্রা প্রথম শনাক্ত করেন গাজা প্রত্নতত্ত্ববিদ ফাদেল আলাটোল। খ্রিস থেকে ভারত পর্যন্ত রাজত্ব বিস্তার করেছিলেন আলেকজান্ডার। মিসর অভিযানের সময় কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ অঞ্চল গাজা দখল করে নিয়েছিলেন তিনি। ২০১৭ সালের বসন্তে সমুদ্র থেকে এ মুদ্রাগুলো তুলে আনার আগ পর্যন্ত পাওয়া প্রতিটি আলেকজান্ডার দ্য গ্রেটের ডেকড্রাকমা মুদ্রা আনুষ্ঠানিকভাবে তালিকাভুক্ত করা হয়েছে। সেগুলোর তথ্য ফাদেলের সমগ্র হয়ে গেছে। ফাদেল আলাটোল মুদ্রাগুলো শনাক্ত করার পর সেগুলো নিখোঁজ হয়ে যায়। ধারণা করা হয় মুদ্রাগুলো বিক্রি করে দেয়া হয়। ১৯৭৩ সালের আগ পর্যন্ত মুদ্রাগুলো সম্পর্কে কোথাও কোনো তথ্য পাওয়া যায়নি। BBC'র অনুসন্ধান ২০১৭ সালের এক নিলামে তোলা ১৯টি আলেকজান্ডার ডেকড্রাকমার মধ্যে মাত্র ছয়টি চিহ্নিত করা সম্ভব হয়েছে।



প্রাচীনতম কাঠের কাঠামো আবিষ্কার


সম্প্রতি চেক প্রজাতন্ত্রে আবিষ্কৃত হয় বিশ্বের প্রাচীনতম কাঠের একটি কাঠামো। গুরুত্বপূর্ণ নির্মিত পানির কুপের এ কাঠামোটি ৫,২৫৬ বা ৫,২৫৫ খ্রিস্টপূর্বাব্দে, নিওলিথিক যুগের। প্রস্তর যুগে নির্মিত এ পানির কুপটি ৭,২৭৫ বছরের পুরনো। ৩০ ইঞ্চি দৈর্ঘ্য ও ৩০ ইঞ্চি প্রস্থের কুপটি ৪.৫ ফুট উঁচু।

চীনে দুই রাজবংশের

৯০০ ধ্বংসাবশেষ আবিষ্কার
চীনা প্রত্নতত্ত্ববিদগণ দেশটির দক্ষিণ-পশ্চিমের শহর চংকিংয়ের পাথরের তৈরি স্থানীয় বৌদ্ধ মন্দির এলাকা থেকে ৯০০টিরও বেশি সাংস্কৃতিক ধ্বংসাবশেষ আবিষ্কার করেছেন। প্রত্নতত্ত্ববিদগণ শহরের জিয়াংজিন এলাকার একটি পাথরের তৈরি বৌদ্ধ মন্দিরের প্রায় ৪,৬০০ বর্গমিটার এলাকা খনন করে এ পুরাকীর্তিগুলো আবিষ্কার করেন। এখানে রয়েছে তাঙ্গ ও কোয়িং রাজবংশের সময়কালের ৫০টিরও বেশি স্থাপনা, সমাধি এবং খোদাই করা শিলালিপি।

প্রাচীন জলাধারের সন্ধান

অস্ট্রেলিয়ায় হাজার বছরের পুরনো একটি জলাধারের সন্ধান মিলেছে। প্রত্নতাত্ত্বিকরা বলছেন, ভিক্টোরিয়া প্রদেশে আবিষ্কৃত এ বিশাল জলাধারটি নির্মাণ করেছিল তখনকার আদিবাসী জনগোষ্ঠী। সম্প্রতি প্রদেশটিতে দাবানলে বন উজাড় হলে জলাধারটি উন্মুক্ত হয়ে পড়ে। গবেষকরা বলছেন, জলাধার কাঠামোর বয়স মিসরের পিরামিডের চেয়ে বেশি। জুলাই ২০১৯ জলাধারটির কিছু অংশ প্রত্নতাত্ত্বিকরা খুঁজে পেয়েছিলেন। তখন ইউনেস্কো এটিকে বিশ্ব ঐতিহ্যের তালিকায় স্থান দেয়। দাবানলের ফলে জলাধারটি পূর্ণাঙ্গভাবে প্রকাশ হয়। এটি ঘাস, লতাপাতার নিচে ঢাকা অবস্থায় ছিল। প্রথমে মনে করা হয়েছিল জলাধারটি ছোট ধরনের। কিন্তু এটা ধারণার চেয়েও অনেক বড়। এর কাঠামো তৈরি হয়েছে বিশাল আগ্নেয় পাথর দিয়ে। জলাধারটি আদিবাসীরা চলাচলের পথ এবং একই সাথে মাছ চাষের জন্য ব্যবহার করত।





৮০ বছরে TOM & JERRY

১০ ফেব্রুয়ারি ২০২০ ইন্দুর-বিড়াল যুগলের বিশ্ববিখ্যাত কার্টুন চরিত্র TOM & JERRY ৮০ বছরে পা দেয়। টম একটি বিড়াল এবং জেরি একটি ছোট্ট ইন্দুর, যাদের নানা রকম দুইটি ও খুনখুনি এ কার্টুনের প্রতিপাদ্য। ৮০ বছর ধরে পৃথিবীর মানুষকে নিষ্ঠার সাথে আনন্দ দিয়ে যাচ্ছে সবচেয়ে জনপ্রিয় এ দুই কার্টুন চরিত্র। এখনো, আশিতেও শিশু থেকে বৃদ্ধ—সবাইকে হাসানোর-দায়িত্ব পালন করে যাচ্ছে টম অ্যান্ড জেরি। টম আর জেরি মিলে শৈশব রাঙিয়ে যাচ্ছে বহু মানুষের— সঙ্গী হয়েছে অবসর, একাকিত্ব-এবং মন খারাপের।

১০ ফেব্রুয়ারি ১৯৪০

টম অ্যান্ড জেরির প্রথম পর্ব *পুসি গেস্ট দ্য ব্লু থিয়েটারে* দেখানো হয়। প্রথম পর্বে বিড়াল টমের নাম ছিল জ্যাসপার। আর ইন্দুর জেরির নাম ছিল জিক্স।



১৯৪০-৫৮

নির্মিত হয় টম অ্যান্ড জেরি কার্টুনটির ১১৪টি পর্ব। এই ১৮ বছরে একাডেমি পুরস্কারে স্বল্পদৈর্ঘ্য অ্যানিমেশন চলচ্চিত্র বিভাগে সাতবার জিতে নেয় সেরা পুরস্কার।

১৯৬১-৬২

মার্কিন-চেক পরিচালক জিন ডাইচ যখন টম অ্যান্ড জেরি পরিচালনার দায়িত্ব নেন, তখন নিয়মিত বিরতিতে নির্মিত ১৩টি পর্ব টম অ্যান্ড জেরি কার্টুনের ইতিহাসে 'সবচেয়ে নিকটতম কার্টুন' হিসেবে গণ্য হয়।



১৯৭৫

টম অ্যান্ড জেরি টেলিভিশন সিরিজের যাত্রা শুরু।

১৯৮০-৮২

চলে টম অ্যান্ড জেরির কমেডি শো।

১৯৯০-৯৩

চলে টম অ্যান্ড জেরি কিডস সিরিজ।

১৯৯২

জার্মানি ও যুক্তরাষ্ট্রের যৌথ প্রযোজনায় নির্মিত *টম অ্যান্ড জেরি : দ্য মুভি* মুক্তি পায়।

২০০৬-০৮

চলে টম অ্যান্ড জেরি টেলস সিরিজ।

২০১৪-

চলছে দ্য টম অ্যান্ড জেরি শো।

২০২০

মুক্তি পাবে টম অ্যান্ড জেরির বর্তমান স্বত্বাধিকারী ওয়ার্নার ব্রাদার্স কর্তৃক নির্মিত একটি চলচ্চিত্র।

টম অ্যান্ড জেরির স্ট্রা উইলিয়াম হানা ও জোসেফ বারবারা উইলিয়াম হানা মারা যান ২০০১ সালে, ৯০ বছর বয়সে। এর পাঁচ বছর পর ২০০৬ সালে ৯৫ বছর বয়সে পৃথিবী ছাড়েন টম অ্যান্ড জেরির আরেক জনক জোসেফ বারবারা।

প্রশ্ন আপনার আমাদের উত্তর

প্রশ্নগুলো যারা পাঠিয়েছেন

শ্রী ইয়াসির আররাফাত, পুলিশ লাইন স্কুল ও কলেজ, রংপুর।
আশফাক মাহমুদ ফাহিম, সরকারি কমান্ড কলেজ, চট্টগ্রাম।
শ্রী রবিউল ইসলাম, লাদমনিরহাট। বায়েজিদ, চট্টগ্রাম।
শ্রী ত্রাণিসিম আবদারাম, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।
মুহাম্মাদ আল-মাহদী, বগুড়া সদর, বগুড়া।
ইয়াসিন ইসলাম, বরিশাদ বিশ্ববিদ্যালয়।
আলী হাসান, আলফাডালা, ফরিদপুর।
রাউজিন সরকার।

www.boighar.com

প্রশ্ন : Freelancing শব্দটি কখন প্রথম ব্যবহৃত হয়?

উত্তর : সরাসরি কোনো নির্দিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের অধীনে না থেকে মুক্তভাবে কাজ করাই হলো Freelancing (মুক্তপেশা)। উনিশ শতকের প্রথম দশকে 'free lance' শব্দটির ব্যবহার প্রথম পাওয়া যায়। ১৮১৯ সালে স্যার ওয়াল্টার স্কটের উপন্যাস Ivanhoe'তে প্রথম লিখিত আকারে শব্দটির ব্যবহার দেখা যায়। বিশ শতকের তৃতীয় দশকে এটি 'Free-lance' এবং অষ্টম দশকে 'freelance' রূপে ব্যবহার শুরু হয়।

প্রশ্ন : Trickle-down theory কী?

উত্তর : সাধারণভাবে দেশে প্রবৃদ্ধি বা জিডিপি বৃদ্ধির মাধ্যমে অর্থনীতির আকার বড় হলে, এর সুফলের একাংশ নিচের দিকের জনগোষ্ঠীর দিকে 'চুইয়ে পড়ে', এতে কর্মসংস্থানও তৈরি হয়— এ নীতিকেই Trickle-down theory বলা হয়।

প্রশ্ন : ভ্যান অ্যালেন বিকিরণ বেষ্টনী কী?

উত্তর : পৃথিবী তথা গ্রহের চৌম্বকীয় ক্ষেত্র সৌরবায়ু ও মহাজাগতিক রশ্মি থেকে উদ্ভূত শক্তিশালী চর্জিত কণা এর চারপাশে ধরে রাখে। এ কণাসমূহ দ্বারা আবর্তিত এলাকাই হলো ভ্যান অ্যালেন বিকিরণ বেষ্টনী (Van Allen Radiation Belt)। পৃথিবীর চারপাশে Inner Van Allen Belt (প্রায় ১,০০০-৬,০০০ কিমি) ও Outer Van Allen Belt (১৩,০০০-৬০,০০০ কিমি) নামে দুটি বেষ্টনী রয়েছে।

প্রশ্ন : ওয়াশিংটন-ই-জিন সম্পর্কে জানতে চাই।

উত্তর : সৌদি আরবের মদিনা শহর হতে প্রায় ৪৫ কিমি উত্তর-পশ্চিমে ওয়াশিংটন আল বায়দায় অবস্থিত ওয়াশিংটন-ই-জিন একটি বিষ্ময়কর পাহাড়। এটি ওয়াশিংটন-ই-বাজা, ঘোড় ভাঙ্গি বা জিনের পাহাড় নামেও পরিচিত। এখানে সবকিছু ঢালুর বিপরীত দিকে অর্থাৎ উপরের দিকে গড়ায়। এমনকি বন্ধ গাড়িও ঢালুর বিপরীতে চলতে থাকে।

প্রশ্ন : বাতাসের সৃষ্টি হয় কীভাবে?

উত্তর : তাপমাত্রা ও চাপের তারতম্যের কারণে কোনো স্থানের তাপমাত্রা বেড়ে গেলে বায়ু হালকা হয়ে উপরে উঠে যায় এবং নিম্নচাপের সৃষ্টি হয়। তখন পার্শ্ববর্তী উচ্চচাপের স্থান থেকে বায়ু নিম্নচাপ স্থানের দিকে অগ্রসর হয়। ফলে বায়ুপ্রবাহ তথা বাতাসের সৃষ্টি হয়।

প্রশ্ন : ব্যারিস্টার ও অ্যাডভোকেটের মধ্যে পার্থক্য কী?

উত্তর : সাধারণভাবে 'অ্যাডভোকেট' বা 'আইনজীবী' হচ্ছে আইন পেশায় নিয়োজিত কোনো ব্যক্তি। অন্যদিকে 'ব্যারিস্টার' হচ্ছে ইংল্যান্ডের Inns of Courts-এর তালিকাভুক্ত শিক্ষার্থী হিসেবে আইনবিষয়ক নির্দিষ্ট শিক্ষাক্রম সমাপ্ত করে সনদপ্রাপ্ত ব্যক্তি। বাংলাদেশের আইন অনুসারে, এলএলবি কোর্স বা আইনে অনার্স ডিগ্রি প্রাপ্ত এবং ব্যারিস্টার সনদ প্রাপ্ত সকলকেই বাংলাদেশ বার কাউন্সিল থেকে পরীক্ষার মাধ্যমে সনদ নিয়েই আইনজীবী হতে হয়। উল্লেখ্য, বার কাউন্সিল আইনে ব্যারিস্টারকে আলাদাভাবে সংজ্ঞায়িত করা হয়নি।

প্রশ্ন : Key Point Installation (KPI) বলতে কী বোঝায়?

উত্তর : কী পয়েন্ট ইনস্টলেশন বলতে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সেসব প্রতিষ্ঠান, কারখানা বা জনস্বার্থে ব্যবহৃত স্থাপনাকে বোঝায়, যেগুলো দেশের যুদ্ধ সামর্থ্য বা জাতীয় অর্থনীতির দিক থেকে গুরুত্বপূর্ণ এবং যা ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত হলে দেশের যুদ্ধ কিংবা প্রতিরক্ষা সামর্থ্য বা জাতীয় অর্থনীতি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়।

প্রশ্ন : ইউট্রোফিকেশন (Eutrofication) কাকে বলে?

উত্তর : কৃষিকার্যে ব্যবহৃত অজৈবসার ও কীটনাশক ধূয়ে জলাশয়ে পড়লে বা অন্য কোনো কারণে জলাশয়ে দ্রবীভূত পরিপোষকের (যেমন : ফসফেট, নাইট্রোজেন) পরিমাণ বেশি হলে খাদকের প্রয়োজন অপেক্ষা উৎপাদকের পরিমাণ বেশি হয়। ফলে জলাশয়ে দ্রবীভূত অক্সিজেনের অভাব দেখা দেয় ও জলজ প্রাণীদের মৃত্যু ঘটে। একেই ইউট্রোফিকেশন বলে।

প্রশ্ন : প্রায়োরি অফ সায়েন কী?

উত্তর : প্রায়োরি অফ সায়েন (Priory of Sion) প্রায় হাজার বছরের পুরনো একটি গুপ্ত সংগঠন। যাদেরকে অনেক ষড়যন্ত্রমূলক তত্ত্বের জন্য দায়ী করা হয়। মধ্যযুগে 'নাইট টেম্পলার' নামে যে সশস্ত্র বাহিনী সৃষ্টি হয়েছিল, তার সামরিক শাখা ছিল এটি। মার্কিন ঔপন্যাসিক ড্যান ব্রাউনের বিখ্যাত উপন্যাস 'দ্য দ্য ভিক্সি কোড'-এ এই সংগঠন নিয়ে বিস্তার আলোচনা রয়েছে। এটিকে একটি প্রাচীন রহস্যময় ধর্মের অনুসারীদের প্রতিষ্ঠিত বলে উল্লেখ করা হয়েছে।

সাধারণ জ্ঞান বিষয়ক আপনার যে কোনো জিজ্ঞাসা পাঠিয়ে দিন ca@professorsbd.com ঠিকানায় অথবা ডাকে।

ফোনে কোনো প্রশ্ন গ্রহণযোগ্য নয়।

জানা অজানা


পর্ব
৬৯

আল-আকসা মসজিদ
চিকিৎসাবিজ্ঞান ■ নীলসাগর

আল-আকসা মসজিদ

মুসলমানদের প্রথম কিবলা

মুসলিম, খ্রিষ্টান ও ইহুদি—সকলের কাছেই বিশেষভাবে পবিত্র। হযরত ইব্রাহিম (আ) কর্তৃক কাবাধার নির্মাণের চল্লিশ বছর পর তার পৌত্র হযরত ইয়াকুব (আ) এ মসজিদ নির্মাণ করেন। অতঃপর হযরত সোলাইমান (আ) আনুমানিক ১০০৪ খ্রিষ্টপূর্বাব্দে মানুষ ও জিন জাতিকে দিয়ে এটি পুনর্নির্মাণ করেন। মহানবী (স) মদিনায় হিজরতের পর ১৬ বা ১৭ মাস পর্যন্ত ইসলামের কিবলা ছিল আল-আকসা। মহানবী (স) মিরাজ রজনীতে কাবা শরীফ থেকে আল-আকসায় প্রথম সফর করেন এবং এখানে সব নবী-রাসুলের ইমামতি করে নামাজ আদায় করেন। এর আশেপাশে রয়েছে অনেক নবী-রাসুলের সমাধি। প্রায় ১৪ হেক্টর আয়তনের এ মসজিদ কম্পাউন্ডে রয়েছে কয়েকটি মসজিদ ও ধর্মীয় উপাসনালয়। নানা দখল-বেদখলের মধ্য দিয়ে যাওয়া এ মসজিদটি বর্তমানে ইহুদিবাদী রাষ্ট্র ইসরাইলের দখলে রয়েছে। যদিও ২০১৬ সালের অক্টোবরে ইউনেস্কো আল-আকসাকে মুসলমানদের পবিত্র স্থান হিসেবেই স্বীকৃতি দিয়েছে।



চিকিৎসাবিজ্ঞান

রোগী উপশমনের বিজ্ঞান

চিকিৎসা মানুষের অন্যতম মৌলিক অধিকার। আদিম মানুষ রোগবালাই ও অন্যান্য দুর্ঘটনাকে সৃষ্টির অভিযাচন অথবা শরীরে ভূতভেদের অতত্ত্ব আছর কিংবা দুষ্টগ্রহের কুপ্ৰভাবের ফল বলে মনে করত। প্রাচীন এসব বিশ্বাসের মূলে প্রথম কুঠার আঘাত হানেন চিকিৎসাশাস্ত্রের জনক খ্যাত গ্রিক চিকিৎসক হিপোক্রেটিস। তার অক্লান্ত প্রচেষ্টায় মানুষ বুঝতে পারে অসচেতনতা ও শারীরিক দুর্বলতার কারণেই মানুষের রোগবাণিহ হয়। প্রায় তিন হাজার বছর আগে মিসর, ভারত, গ্রিস ও রোমে চিকিৎসাবিদ্যার বীজ রোপিত হয়। মধ্যযুগে ইবনে সিনা'র মতো প্রখ্যাত মুসলিম বিজ্ঞানীদের হাতে চিকিৎসাক্ষেত্রে প্রত্নত উন্নতি সাধিত হয়। চিকিৎসাবিজ্ঞানের আধুনিক যুগ শুরু হয় আঠার শতকের শেষের দিকে এডওয়ার্ড জেনারের Smallpox-এর টিকা আবিষ্কার, ১৮৮৪ সালে রবার্ট কচের ব্যাকটেরিয়া দ্বারা রোগের সংক্রমণ আবিষ্কার, অতঃপর বিশ শতকের শুরুর দিকে এস্টিবায়োটিক আবিষ্কারের মধ্য দিয়ে। বর্তমান সময়ের পেসমেকার, রোবটিক অঙ্গ, মলিকুলার ব্রেক্ট ইমেজিং, টেলিমেডিসিন, লেজার সার্জারি, আর্টিফিসিয়াল হার্ট, MRI ও CT স্ক্যান ইত্যাদি আবিষ্কার চিকিৎসাবিজ্ঞানে বৈপ্লবিক পরিবর্তন নিয়ে আসে। এভাবেই রোগ-জীবাণুর সাথে মানুষের অনন্তর যুদ্ধে অদম্য প্রহরী হিসেবে পাশে আছে আধুনিক চিকিৎসাবিজ্ঞান।

নীলসাগর কিন্তু সাগর নয়!

পানির রং নীল বা নেই কোনো সাগরের উত্তাল ঢেউ—নীলসাগর আসলে একটি প্রাচীন ঐতিহ্যবাহী দিঘি। এটি নীলফামারী জেলা শহর থেকে উত্তর-পশ্চিমে ১৪.৫ কিমি দূরে সদর উপজেলার গোড়ামা ইউনিয়নের খোপাডাসা মৌজায় অবস্থিত। মোট ৫৩.৯০ একর জমির ওপর মূল দিঘির আয়তন ৩২.৭০ একর। ধারণা করা হয়, ঐতিহাসিক বৈদিক রাজা বিরাট আনুমানিক অষ্টম শতকে বিশাল এ দিঘি খনন করেন। তার নামানুসারে এটি 'বিরাটদীঘি', পরবর্তীতে 'বিন্দ্যদীঘি' ও শেষে তার মেয়ে বিন্দ্যবতীর নামে 'বিন্দ্যদীঘি' হিসেবে পরিচিতি লাভ করে। ১৯৭৯ সালে তৎকালীন মহকুমা প্রশাসক এ দিঘিকে পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলেন এবং জেলার নামের সাথে মিলিয়ে এর নাম 'নীলসাগর' রাখেন। প্রাকৃতিক সৌন্দর্যমণ্ডিত এ দিঘির চারপাশে রয়েছে নারকেল, আকাশমণি, মেহগনি, শিশুগন্ধ নানা জাতের গাছ। শীতকালে অতিথি পাখির কলরবে মুখরিত হয় এর চারপাশ। ১৯৯৮ সালে এ এলাকাকে পাখির অভয়ারণ্য ঘোষণা করা হয়। ২০১৯ সালে নীলসাগরকে ঘিরে তৈরি করা হয় একটি ইকোপার্ক। সারা বছরই ভ্রমণপ্রেমীদের পদচারণায় মুখর থাকে এ দিঘিচত্বর।

কেন হয়?

০১ আকাশে তারা মিটমিট করে কেন?

—পৃথিবী থেকে অনেক দূরে অবস্থানের কারণে তারার অতি উজ্জ্বল আলো ক্ষীণ আলোকেরাখায় পরিণত হয় এবং বিভিন্ন ঘনত্বের বায়ুমণ্ডলের মধ্য দিয়ে আসার সময় বিভিন্ন মাত্রায় প্রতিসারিত হয়। ফলে তা মিটমিট করছে বলে মনে হয়।

০২ চাঁদে এত কলঙ্ক (গর্ত) কেন?

—চাঁদে বায়ু না থাকায় মহাশূন্য থেকে অনেক উষ্ণপিণ্ড বা ছোট ছোট মহাজাগতিক পাথর সরাসরি চন্দ্রপৃষ্ঠে আঘাত করে। ফলে ছোট-বড় অনেক গর্তের সৃষ্টি হয় এবং সূর্যালোকের অনুপস্থিতিতে এগুলো কালো দাগের মতো দেখায়।

০৩ মহাবিশ্বের প্রায় সব রকম জ্যোতিষিক গোলাকার হয় কেন?

—মহাজাগতিক ধূলিকণা একত্র হয়ে গ্রহ সৃষ্টি হয় ও ধীরে ধীরে এর ভর বাড়তে থাকে। একসময় এর মাধ্যাকর্ষণ বল কার্যকর প্রভাব ফেলতে শুরু করে। এতেই সূর্যের চারপাশে ষোড়শ সূর্য গ্রহের কেন্দ্রে থেকে পরিধির চারপাশের ধূলিকণাকে সমান বলে আকর্ষণ করার মাধ্যমে গোলাকৃতি ধারণ করে। একইভাবে অন্যান্য গ্রহ-নক্ষত্রও গোলাকার হয়।



গোসল না করে ৬৫ বছর

বেশিরভাগ মানুষই আর কিছু না হোক, নিজেকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার চেষ্টা করে। কিন্তু এমন একজনকে পাওয়া গেছে যিনি গোসল না করে পার করেছেন টানা ৬৫ বছর। ৮২ বছর বয়সী এ বৃদ্ধের দাবি, গত সাড়ে ছয় দশক ধরে তিনি গোসল করেননি। এমনকি গায়ে এক ফোটা পানিও ছোঁয়াননি। কারণ পরিষ্কার-পরিচ্ছন্ন থাকলে নাকি তার অস্বস্তি লাগে। ইরানের দক্ষিণাঞ্চলের দেজগাহরের এ বাসিন্দার নাম আমৌ হাজি। তিনি নোহা থাকতেই বেশি পছন্দ করেন। আর পছন্দ করেন পাইপ টানতে। পুরনো ময়লা একটা পাইপ আছে তার। তবে পাইপে ভরা থাকে বিভিন্ন পত্তর বর্জ্য পদার্থ। তামাকের বদলে এসবের ধোঁয়াতেই মজা পান তিনি।



ভালবাসার ব্যাংক

শ্রোত্রিকিয়ায় চালু হয়েছে ভালবাসা জমা রাখার ব্যাংক। অর্থ-সম্পদের মতো ভালবাসাও সেখানে জমা রাখা যাবে। সেজন্য রয়েছে ভল্ট। সেই ভল্টে রয়েছে প্রায় এক লাখ ছোট ছোট ড্রয়ার। ভালবাসা আমানত রাখা এ ব্যাংকের নাম 'লাভ ব্যাংক'। ব্যাংকে ঠিক সরাসরি ভালবাসা জমা রাখা যায় না। তবে ভালবাসার স্বাকর রাখা যায় ব্যাংকটির ভল্টে। যে কেউ সেখানে বাগদানের আংটি, চিঠি, এমনকি প্রথম একসাথে দেখা সিনেমার টিকেটও জমা রাখতে পারবেন।

ভালবাসা জমা রাখার ভল্টের পেছনে একটি ইতিহাস রয়েছে। শ্রোত্রিকিয়ার মধ্যাঞ্চলীয় শহর বানস্কা স্থিতিভূমিনার যে বাড়িতে ভল্টটি বানানো হয়েছে, সেটির নাম হাউস অব মেরিনা। এ মেরিনা ছিলেন কবি আন্দ্রেজ স্নাদকোভিসের প্রেমিকা। মেরিনার বাবা দরিদ্র আন্দ্রেজকে পছন্দ করেননি। তিনি মেরেকে বিয়ে দিয়েছিলেন এক ধনী ছেলের সাথে। এ বিবাহে ২,৯১০ পংক্তির দীর্ঘ এক প্রেমের কবিতা লিখেছিলেন আন্দ্রেজ। ১৮৪৬ সালে কবিতাটি প্রকাশিত হয়। সেই কবিতাটি দিয়েই মুড়ে দেয়া হয়েছে লাভ ব্যাংকের ভল্টটি। ঐ ভল্টের ড্রয়ারে ভালবাসার স্বাকর জমা রাখতে পারবেন যে কেউ।



পর্দায় সবচেয়ে বেশি খুন

হলিউডের চলচ্চিত্রে সবচেয়ে বেশিবার খুন হবার রেকর্ড সৃষ্টি করেন অভিনেতা ড্যানি ট্রেই। একেবারে কিশোর বয়স থেকে কয়েকবার জেল খেটেছেন 'মাচিটে' অভিনেতা ট্রেই। ৩৫ বছরের ক্যারিয়ারে ৭৫ বছর বয়সী এ অভিনেতা ৩৯৮টি চলচ্চিত্রে অভিনয় করেছেন আর মারা গেছেন ৬৫ বার। এর ফলে তিনি 'ড্রাকুলা' অভিনেতা ক্রিস্টোফার লি'র ৬০ বার খুন হবার রেকর্ড ভেঙে দেন। সিনেমার আর আইএমডিবি'র সাথে মিলে একটি বিনোদন পোর্টাল এ জরিপটি পরিচালনা করে। এ পোর্টাল জানায়, ল্যাস হেনরিকসেন আছেন তিন নম্বরে; তিনি খুন হন ৫১ বার। অভিনেত্রীদের মধ্যে সবচেয়ে বেশিবার পর্দায় মৃত্যু হয়েছে শেলি উইন্সটোন; তিনি মারা গেছেন ২০ বার। ১৭ বার মারা গিয়ে দ্বিতীয় স্থানে আছেন জুলিয়েন মুর।

পানি খান না ১ বছর ধরে!

এক বছর ধরে পানি না খেয়ে নতুন রেকর্ড করেন ইন্দোনেশিয়ার সোফি প্রতীক নামের এক নারী। ৩৫ বছর বয়সী সোফি এক বছর আগে থেকেই পানি খাওয়া ছেড়ে দিয়েছেন। বর্তমানে তিনি প্রতিদিন প্রায় ১৩ থেকে ১৪ ঘন্টা উপোষ করেন। তবে যখন তার পানি খাওয়ার প্রয়োজন পড়ে তিনি তখন ফলের রস খান। ঐ নারীর দাবি, তার শরীরের প্রয়োজনীয় পুষ্টি ফল-সবজি এবং নারকেলের পানি থেকেই পাচ্ছেন তিনি।

৫০০ বছরের পুরনো কলম্বাসের চিঠি উদ্ধার

চিঠির বয়স প্রায় ৫২৫ বছর। সেই চিঠি কয়েক দশক আগে চুরি হয়েছিল ইতালির একটি লাইব্রেরি থেকে। কিন্তু হাল ছাড়েননি গোয়েন্দারা। অবশেষে যুক্তরাষ্ট্রের ডেলাওয়ার অঙ্গরাজ্য থেকে এ চিঠি উদ্ধার করা হয়েছে। চিঠিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ, এ চিঠি লিখেছিলেন অভিযাত্রী ক্রিস্টোফার কলম্বাস। এ চিঠিতে আমেরিকা আবিষ্কারের বর্ণনা রয়েছে। ক্রিস্টোফার কলম্বাস এ চিঠি লিখেছিলেন ১৪৯৩ সালে তৎকালীন স্পেনের রাজা ফার্দিনান্ডের কাছে। স্প্যানিশ ভাষায় লেখা হয়েছিল চিঠিটি। এ চিঠি লেখার প্রায় কাছাকাছি সময়ে সেটি লাতিন ভাষায় প্রকাশ করা হয়েছিল। এ চিঠির বেশ কয়েকটি অনুলিপিও প্রকাশ করা হয়েছিল সেই সময়।

উটের জন্য হাসপাতাল!

উটের চিকিৎসায় বিশ্বের সবচেয়ে বড় ও অত্যাধুনিক হাসপাতাল নির্মাণ করেছে সৌদি আরব। দ্য সালাম পশুচিকিৎসা ও উট হাসপাতালটি কাসেম অঞ্চলে প্রতিষ্ঠা করা হয়েছে। এটা তৈরি করতে ২৬ মিলিয়ন ডলার খরচ হয়েছে। সেখানে উট পালনকারীরা ব্যক্তিগত খরচে তাদের পশুর চিকিৎসা দিতে পারবেন।

